আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ৪৫ || সোমবার || শ্রাবন ২৯ || ১৪৩০ || মুহর্‌রম ২৭ || ১৪৪৫ || Vol. 27 || Issue 45 || August 14 || 2023 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

মেগা মিলিয়নস লটারি জিতে ১৫৮ কোটি ডলার জয়

বাংলা পত্রিকা ডেস্কঃ লটারি কিনে ১৫৮ কোটি ডলার জয়! অবিশ্বাস্য মনে হলেও লটারিতে যুক্তরাষ্ট্রের এক ব্যক্তি এই পরিমাণ অর্থ জিতে নিয়েছেন। গত **(বাকি অংশ ১৪ পাতায়)**

বাড়ছে করোনা বাড়ছে হাসপাতালে ভর্তি

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রে দ্রুত বৃদ্ধি পাচ্ছে কোভিডের নতুন ভ্যারিয়েন্ট ইজি.৫ এর সংক্রমণ। দেশটিতে বর্তমানে যতগুলো কোভিড কেস রয়েছে, তার ১৭ শতাংশের জন্যেই দায়ী নতুন এই ভ্যারিয়েন্ট। অপরদিকে কোভিডের আরেক ভ্যারিয়েন্ট এক্সবিবি.১.১৬-এ আক্রান্ত রোগীর সংখ্যা ১৬ শতাংশ। যুক্তরাষ্ট্রের

সতর্কতার প্রয়োজন

'সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশনের' সাম্প্রতিক তথ্যের বরাত দিয়ে এ খবর দিয়েছে সিএনএন। খবরে জানানো হয়, ইজি.৫ মোটেও নতুন কোনো ধরনের ভাইরাস নয়। এটি কোভিডের ওমিক্রন পরিবারেরই সদস্য। তাছাড়া আসল ওমিক্রন স্ট্রেইনের মতো এটি বিশেষ কোনো **(বাকি অংশ ১৪ পাতায়)**



পুড়ছে হাওয়াই, সুনামির ভয়াবহতা দাবানল মৃত্যু ৯৩

ভয়াবহ দাবানলে বিপর্যস্ত যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্য। মঙ্গলবার থেকে ছড়িয়ে পড়া এ দাবানলে রবিবার পর্যন্ত ৯৩ জন প্রাণ হারিয়েছেন। নিখোঁজ হয়েছেন অনেকে। পুড়ে ছাই হয়েছে শত শত ঘরবাড়ি। বলা হচ্ছে, হাওয়াইয়ে এর আগে কোনো প্রাকৃতিক দুর্যোগে **(বাকি অংশ ১৪ পাতায়)**

জঙ্গি নাটক করে সরকার ক্ষমতায় থাকতে চায়: ফখরুল

ঢাকা, ১৩ আগস্ট : জঙ্গি নাটক করে সরকার আবারও ক্ষমতায় থাকতে চায় বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, যখনই আন্দোলন জমে উঠে তখনই সরকার জঙ্গি অভিযানের নাটক **(বাকি অংশ ১৪ পাতায়)**

১৫০০০০ শিক্ষার্থীর স্কুলযাত্রা অনিশ্চয়তায়

স্কুলবাস চালকরা ধর্মঘটে যাচ্ছেন!

বাংলা পত্রিকা ডেস্কঃ নিউইয়র্কের স্কুলবাস চালকদের সম্ভাব্য ধর্মঘটে অনিশ্চয়তায় পড়েছে ১৫০০০০ শিক্ষার্থী। আগামী ফলে নতুন বছরের স্কুল শুরু হওয়ার প্রাক্কালে ধর্মঘটে যাওয়ার ঘোষণা দিচ্ছেন বাস চালকেরা। আর তাতে উদ্বিগ্ন হয়ে পড়েছেন অভিভাবকরা। সঙ্গে উদ্বেগে রয়েছেন নিউইয়র্ক স্কুল চ্যান্সেলর ডেভিড ব্যাংকস। সম্প্রতি অভিভাকদের ডেকে এক সভায় তিনি এই উদ্বেগর কথা জানিয়েছেন। বলেছেন, আমরা একটি সম্ভাবনা দেখছি, বাসচালকেরা সমঝোতায় আসছেন না, ফলে তারা ধর্মঘটে যেতে পারেন। এ অবস্থায় শিক্ষার্থীরা কিভাবে স্কুলে পৌঁছাতে পারে তার কিছু বিকল্প **(বাকি অংশ ২০ পাতায়)**

মৌলভীবাজারে অপারেশন হিল সাইড, গ্রেপ্তার ১০

সিলেট, ১৩ আগস্ট : জঙ্গি আস্তানা সন্দেহে একটি বাড়িতে অভিযান চালিয়েছে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। সেখান থেকে ১০জনকে আটকও করা হয়েছে। তাদের সঙ্গে রয়েছে ৩ শিশু। কুলাউড়া উপজেলার কর্মধা ইউনিয়নের পূর্ব টাট্টিউলি গ্রামের পাহাড়ি জুগিটিলার বাজার-সংলগ্ন বাইশহালি টিলা এলাকায় জঙ্গি আস্তানা সন্দেহে একটি বাড়ি শুক্রবার বিকাল থেকে গোয়েন্দা সংস্থার লোকজন, সোয়াট ও পুলিশের **(বাকি অংশ ১৮ পাতায়)**



শ্রেষ্ঠ ফোবানা সম্মেলন হবে এবার টরন্টোয় -গিয়াস আহমেদ

বাংলাপত্রিকা ডেস্কঃ আগামী ১, ২ ও ৩ সেপ্টেম্বর কানাডার টরন্টোয় ৩৭তম ফোবানা সম্মেলন হতে যাচ্ছে। এবারের **(বাকি অংশ ১৮ পাতায়)**

অবসর প্রাপ্তদের স্বাস্থ্যসেবা বাতিলে মেয়রের পরিকল্পনা আটকে দিয়েছেন আদালত

বাংলা পত্রিকা ডেস্কঃ অতি প্রয়োজনীয় এক আইনি লড়াইয়ে জিতে গেলেন নিউইয়র্কের অবসরপ্রাপ্তরা। নগর কর্তৃপক্ষের একটি **(বাকি অংশ ১৮ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

SUN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Associate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার টাকা ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে

কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
The Weekly Bangla Patrika // Monday // August 14 // 2023

লোকসভা থেকে সাসপেন্ড কংগ্রেসের দলনেতা অধীর রঞ্জন চৌধুরী

ঢাকা ডেস্ক, ১৩ আগস্ট : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্পর্কে আপত্তিকর ও অবমাননাকর মন্তব্য করার অভিযোগে লোকসভা থেকে সাসপেন্ড হলেন কংগ্রেস এর দলনেতা অধীর রঞ্জন চৌধুরী। তিনি পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেস এর সভাপতি অধীর চৌধুরী অনাস্থা বিতর্কে অংশ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ঝাঁঝালো ভাষায় আক্রমণ করেন মনিপুর নিয়ে তাঁর নীরবতার কারণে। কিন্তু, তার জন্যে অধীর চৌধুরীকে সাসপেন্ড হতে হয়নি। তাহলে কেন তিনি সাসপেন্ড হলেন? আসলে অধীর চৌধুরী তাঁর মোদি সম্পর্কিত ভাষণে একটি জায়গায় মোদির সঙ্গে পলাতক বিদেশে গ্রেপ্তার হওয়া শিল্পপতি নীরব মোদির তুলনা টেনেছিলেন। আর এই কারণেই সাসপেন্ড হতে হল অধীর চৌধুরীকে। প্রথমে লোকসভার কার্যবিবরণী থেকে তাঁর বক্তব্যের কিছু অংশ বাদ দেওয়ার নির্দেশ দেন স্পিকার ওম বিড়লা। তারপর বিজেপির সংসদীয় বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশি অধীর চৌধুরীকে সাসপেন্ড করার দাবি তোলেন। স্পিকার সেই দাবির সঙ্গে সহমত হয়ে চলতি বাদল অধিবেশনের শেষ দিন পর্যন্ত সাসপেন্ড করেন। অধীর অবশ্য সংসদীয় কমিটির কাছে তাঁর সাসপেনশন এর সিদ্ধান্ত ফের বিবেচনার আবেদন জানাতে পারবেন।

MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419
EXIT REALTY PRIME
ThInkIng of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com


সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী
তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি
ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট
সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ ফ্রেন্ড্রিজ এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
৯৩৮১ কানেকটিকাট এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

নতুন
RUTH BADER GINSBURG HOSPITAL
এখন পরিচর্যার জন্য খোলা আছে
একটি নতুন হাসপাতাল যা একটি নতুন দৃষ্টিভঙ্গি তুলে ধরে।
সাউথ ব্রুকলিনে (South Brooklyn) স্বাস্থ্য পরিচর্যার রূপান্তর ঘটাচ্ছে।
সকলের জন্য উৎকর্ষতা আশা করুন
SouthBrooklynHealth.nyc
1-844-NYC-4NYC
NYC HEALTH+ HOSPITALS | South Brooklyn Health

Only scammers say
you have to pay with
gift cards, cryptocurrency,
or wire transfers.

Learn to spot the scams:

ftc.gov/languages



FEDERAL TRADE
COMMISSION

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

জনস্বার্থের রায় উপেক্ষা কাহার স্বার্থে?

দেশে জনস্বার্থ মামলার রায় বাস্তবায়ন শীর্ষ প্রতিবেদনে যেই চিত্র উঠিয়া আসিয়াছে, উহা সরলরৈখিক নহে। পরিবেশ ও মানবাধিকার বিষয়ে জনস্বার্থ মামলা করিবার ক্ষেত্রে সুপরিচিত ও শীর্ষস্থানীয় ছয়টি সংগঠন বা সংস্থার আট শতাধিক মামলার পর্যালোচনায় বাস্তবায়ন প্রক্রিয়া লইয়া উপসংহারে পৌঁছানোও কঠিন বটে। ইহা যেন একটি ধাঁধা। কারণ ছয়টি সংগঠনের পক্ষ হইতেই বলা হইয়াছে, তাহাদের দায়েরকৃত অধিকাংশ মামলাতেই রায় মিলিয়াছে এবং উহার বাস্তবায়ন সম্ভব হইয়াছে। সংস্থাগুলির মতে, কিয়দংশ মাত্র বাস্তবায়ন কিংবা পূর্ণ বাস্তবায়ন সম্ভবপর হয় নাই।

আমরা মনে করি, কোন রায়গুলি বাস্তবায়ন হইতেছে এবং কোনগুলি বাস্তবায়নে সংশ্লিষ্টদের অনীহা, সেইখানেই রহিয়াছে প্রতিবেদনে উঠিয়া আসা ধাঁধার উত্তর।

আমরা দেখিতেছি, বাস্তবায়ন না হওয়া কয়েকটি জনস্বার্থ মামলার রায়ের উল্লেখ রহিয়াছে আলোচ্য প্রতিবেদনে। ইহার মধ্যে রহিয়াছে ২০১৯ সালের আগস্টে ডেঙ্গু নিয়ন্ত্রণ ও এডিস মশার আবাসস্থল ধ্বংস করিতে রাজধানীসহ সমগ্র দেশে ব্যাপক মাত্রায় 'কার্যকরী' ঔষধ প্রয়োগ ও অভিযান পরিচালনা করিবার নির্দেশনা। ইহা ছাড়াও ঢাকায় অব্যাহত বায়ুদূষণ রোধে ২০১৭ ও ২০২০ সালে বেশ কিছু নির্দেশনা দেওয়া হইয়াছিল। কিন্তু বৎসরের পর বৎসর কাটিয়া গেলেও রায়গুলি বাস্তবায়ন হয় নাই। 'সন্দেহের সুবিধা' দিয়া বলা যাইতে পারে, যেই সকল রায় বাস্তবায়নে 'পরিশ্রম' করিতে হইবে, বাছিয়া বাছিয়া সেইগুলির ক্ষেত্রেই অনীহা বা ঔদাসীন্য প্রদর্শন করিতেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। কিন্তু উহার নেপথ্যে গোপন কোনো কারণ রহিয়াছে কিনা, খতাইয়া দেখা জরুরি। জনস্বার্থ মামলার কোনো কোনো রায় বাস্তবায়ন করা হইতেছে না কাহার স্বার্থে?

আরও উদ্বেগের বিষয়, রায় বাস্তবায়িত না হওয়া জনস্বার্থ মামলাগুলির তালিকা বা পরিসংখ্যানও নাই। আমরা মনে করি, আইন মন্ত্রণালয়ের উচিত হইবে অবিলম্বে একটি তালিকা প্রণয়ন করিয়া রায় বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা দপ্তরগুলিকে নির্দেশ দেওয়া। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট মামলা দায়েরকারী বেসরকারি সংস্থাগুলিও সহযোগিতা করিতে পারে বৈকি। যদি বাস্তবায়নের পথে সংগত কোনো প্রতিবন্ধকতা থাকিয়া থাকে, আদালতকে জানাইয়া দেওয়াই উত্তম হইবে। তাহার বদলে আদালতের রায় বা আদেশ পাইয়াও বসিয়া থাকা বিচার ব্যবস্থাকেই অগ্রাহ্য করিবার নামান্তর।

রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তার এই মন্তব্যের সহিত আমরা একমত যে, আদালতের রায় বা আদেশ যেই কোনো সংস্থা বা ব্যক্তি না মানিলে আদালত অবমাননা হইবে। রায় মনঃপূত না হইলে আপিল বা রিভিউ আবেদন করা যাইতে পারে, কিন্তু অগ্রাহ্য কিংবা উপেক্ষা করিবার অবকাশ নাই।

মানবাধিকার সংক্রান্ত ইস্যুগুলো আমাদের সংবিধানে বিশষ গুরুত্ব পেয়েছে। অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো বাংলাদেশের সংবিধানে কম গুরুত্ব পেয়েছে, বিষয়টি এমন নয়। তাছাড়া জাতীয় সংবিধানে যা কিছু সন্নিবেশিত রয়েছে, তার কোনোটিকেও অবজ্ঞা-অবহেলা বা পাশ কাটিয়ে যাওয়ার কারো কোনো সুযোগ নেই। সংবিধানের ২১ অনুচ্ছেদ অনুযায়ী একে মান্য করা...প্রত্যেক নাগরিকের কর্তব্য। সরকার-সরকারি প্রতিষ্ঠান এমনকি ব্যক্তিরও সংবিধানকে অমান্য করার অবকাশ নেই। এখন অবশ্য এসব একান্তই কেতাবি কথা হয়ে আছে। বাস্তবতা হচ্ছে, দীর্ঘদিন থেকে ব্যক্তি বিশেষ, সরকার এবং রাষ্ট্রযন্ত্র দেশের সর্বোচ্চ আইন বা শাসনতন্ত্রকে নিরন্তর উপেক্ষা করে চলছেন। যাদের বিষয়গুলো দেখা দরকার বা এর প্রতিবিধানের জন্য এগিয়ে আসা সাংবিধানিক দায়িত্ব। তাদের এমন দায়িত্ব সম্পর্কে কোনো মাথা ব্যথা আছে বলে মনে হয় না, এমনকি ভ্রুক্ষেপ পর্যন্ত নেই। দেশে এখনো যে একটা সংসদের অস্তিত্ব রয়েছে। তার সম্মানিত সদস্যরা বিষয়টি কিভাবে দেখেন বোঝা যায় না। তাদের পূর্বসূরিরা সযতনে এই সংবিধান রচনা-প্রত্যায়ন ও অনুমোদন করেছিলেন। তাদের উত্তরসূরি হিসেবে আজকে সংসদ সদস্যগণ সংবিধানের সঠিক চর্চা না করার কারণে। দেশে যে মারাত্মক সাংবিধানিক 'সঙ্কট' সৃষ্টি হয়েছে। সে সম্পর্কে সংসদের উৎকণ্ঠা নেই। সংসদের এমন নির্লিপ্ততা সবাইকে অবাক করছে। এর কারণ সম্পর্কে কথা হলে, সেটা অনেক দূর পর্যন্ত যাবে। শুধু একটি মাত্র কারণ এখানে বলা যেতে পারে। কথায় আছে কর্তার ইচ্ছার প্রতিফলন ঘটিয়েই কীর্তন গাইতে হয়। সে জন্য বলতে হবে আমাদের বর্তমান সংসদের একক কর্তৃত্ব পরিচালিত হচ্ছে বিধায়। কর্তার মন মতোই কীর্তন গাইতে হচ্ছে। সে জন্য সংসদ এখন কোনো গুরুত্বপূর্ণ ইস্যুতেও 'রা.শব্দ' পর্যন্ত করে না বলে অনেকেই মনে করেন।

এই নিবন্ধে যে গৌরচন্দ্রিকা করা হলো। সেখানে অন্তত একটা বিষয় খুব স্পষ্ট করা হয়েছে। সেই স্পষ্ট করা বিষয়টি হচ্ছে- দেশের সংবিধানকে অকার্যকর করা হয়েছে বলব না। তোষক পরিয়ে ভব্যতা বজায় রেখে বলা যায়, সেই মহান আইন গ্রন্থের বিধিমালা নিয়ে, এখন এক ধরনের নির্লিপ্ততা পরিলক্ষিত হয়েছে। সেই সাথে সংবিধানকে যেন চলতে দেয়া হচ্ছে না। এমন স্থবিরতার জন্য কেউই এ থেকে কোনো অধিকার আদায় করে নিতে পারছে না। প্রশ্ন হতে পারে, আইন-কানুন বিধি-বিধান জীবন্ত কোনো বস্তু নয়। সে নড়াচড়া বন্ধ করে স্থবির হয়ে পড়বে। এ প্রশ্নের প্রেক্ষিতে এখানে একটা খুব সরল উদাহরণ পেশ করা যেতে পারে। ইংরেজিতে একটা বাক্য হচ্ছে 'ম্যান বিহাল্ড দ্যা মেশিন। অবশ্যই মেশিন একটা লৌহপিণ্ড। সেটা নিজে নিজে সচল হতে পারে না। মেশিনকে সচল করতে মেশিনের পিছনে দাঁড়িয়ে থাকা মানুষটিকে ভূমিকা রাখতে হয়। সংবিধানের বেলায়ও তাই। সংবিধানকে কার্যকর করা যাদের দায়িত্ব। ক্ষমতায় থাকা রাজনৈতিক কর্তৃপক্ষ তাদেরই দায়িত্ব সংবিধানকে অনুসরণ, তাকে সজিব-জীবন্ত করা। তারা এ নিয়ে কেবল যদি 'আড় মোড়' দেয়া হয় তবে সঙ্কট দূর হওয়ার নয়। এর কোনো পরিবর্তন না হলে কস্মিনকালেও সংবিধান গতি লাভ করতে পারবে না। কর্তার এমন ঘুম ভাঙাতে যেসব জাতীয় প্রতিষ্ঠান রয়েছে, তাদের সক্রিয় হতে হবে কর্তার ঘুম ভাঙানোর জন্য। সব ব্যত্যয়গুলো চিহ্নিত করে কর্তাকে সজাগ করতে হবে। তা না হলে কর্তা জাগবেন কিভাবে!

তার পরও 'ক্যারাভান' কিন্তু বসে থাকে না। শত বাধা বিপত্তি মাড়িয়ে এগিয়ে যেতেই থাকে। দেশে এখন যেন সেটাই ঘটছে। আরো বলা হয়েছে, আমাদের সংবিধানে অনেক কিছুরই গুরুত্ব দেয়া হয়েছে। তার মধ্যে মানবাধিকারের বিষয়টি অন্যতম। সে গ্রন্থে সবই সন্নিবেশিত রয়েছে কিন্তু সংবিধান যে এখন অনেকটাই স্থবির। বিশেষ করে মানবাধিকারের অধ্যায়টি নিয়ে যারা পদে পদে ক্ষতিগ্রস্ত হয়েছে। তারা উচ্চকণ্ঠেই চিৎকার করছে বটে। কিন্তু সে চিৎকারেও কর্তাদের ঘুম ভাঙছে না। তাদের চিৎকার দেশের চার দেয়ালের বাধা ভেঙে বহির্বিশ্বে ধ্বনিত-প্রতিধ্বনিত হয়ে কলরবে পরিণত হয়েছে। সেই চিৎকার ঝড়ের সৃষ্টি করেছে সর্বত্র। তারপরও কর্তৃপক্ষ নিরব-নিথর। একটা কথা বলে রাখা যায়, সংবিধানকে এখন জমাট বরফ খণ্ড বানিয়ে রাখা হয়েছে ঠিকই। কিন্তু সেই বরফ খণ্ডের ভিতর যখন এর প্রতিটি অণু-পরমাণু পরস্পর ঘর্ষণে বিস্ফোরিত হবে। তখন সেখান থেকে যে গতিবেগ নিয়ে পানির ঢল নেমে আসবে। সে ঢল কাকে সাগরের কোন অতলে নিয়ে ফেলবে। সেটা কি কারো ভাবনায় আছে!

বক্ষ্যমাণ নিবন্ধে উল্লেখ রয়েছে, মানবাধিকারের চ্যাপ্টারটি বা অধ্যায়টি বিস্তৃত একটি বিষয়। অর্থাৎ এর ইলাসট্রিসিটি অনেক দূর পর্যন্ত যায়। আপাতত একে বেশি টানাটানি না করে কেবল

আজ হঠাৎ কেন এত মমতা!

॥ সালাহউদ্দিন বাবর ॥



একটি ভালো নির্বাচনে মানুষের ভোট দানের বিষয়টি নিয়েই কয়টি কথা বলি। গত ১৫ বছর এই ভূখণ্ডের মানুষের ভোট দানের ব্যাপারটি কিভাবে সম্পন্ন হয়েছে, সে প্রশ্ন সম্মুখে আসবেই। শুধু জাতীয় নির্বাচন নয়, স্থানীয় প্রতিষ্ঠানগুলোতে পর্যন্ত যত ভোট হয়েছে। সেখানে 'আমার ভোট আমি দেবো, যাকে খুশি তাকে দেবো।' এমন স্লোগানটা কি কেউ দিতে পেরেছে। নির্বাচন কমিশন নিজেকে ধোয়া তুলসী মনে করে। তারা যেন ভাজা মাছটি পর্যন্ত উল্টে খেতে পারেন না, আপনারা কি এতো ইননোসেন্ট! ইসি মহোদয় সত্য করে বলুন গত প্রায় ১৬ মাসে আপনারা কতটুকু কী করতে পেরেছেন? এ সময়ে অনুষ্ঠিত যত উপ-নির্বাচনসহ অন্যান্য সব প্রতিষ্ঠানে ভোট হয়েছে তার ক্রিয়া প্রতিক্রিয়া কেমন সেটা লক্ষ্য করেছেন কি? সংবিধানের প্রতি আপনারা নিজেদের দায়বদ্ধতা কতটা প্রমাণ করতে পেরেছেন। না ভিন্ন কোথায় কুর্নিশ করতে হয় বলে সংবিধানের বিধানাবলির কথা বেমালুম ভুলে গেছেন। বিষয়টি অবশ্যই কারো অজানা নয়। তবে এটা ঠিক সব কিছুই নেপথ্যে পর্দার আড়ালে হয়। ওপরে যে ধারণা দেয়া হয়েছে সেটা কেবল ভাবনা বলেই অনেকে মনে করতে পারেন।

আসুন না আরো কিছু ধারণা করি, ধরুন দেশের কোটি মানুষের ভোট দানের একান্ত সাংবিধানিক অধিকার। এই অধিকার প্রয়োগের ক্ষেত্রে যদি কোনো ব্যক্তি প্রতিষ্ঠান প্রতিবন্ধক হিসেবে প্রতিপন্ন হন। ব্যর্থতার কারণে অভিযুক্ত হওয়া থেকে কি তিনি বা তারা রেহাই পেতে পারেন? ভবিষ্যতে কেউ যদি ইসিকে এ বিষয়ে প্রশ্ন ছুড়ে দেন। তবে ইসির পক্ষে ওই সব প্রশ্ন এড়ানো বা উপেক্ষা করা সহজ হবে। তা ছাড়া কোনো ব্যক্তির বা ব্যক্তি সমষ্টির গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব পালন করা, তাদের পদ-মর্যাদা রক্ষা করা। তাঁর বা তাদের পক্ষের যদি কঠিনই হয়। সে ক্ষেত্রে কি সে পদে তাঁর বা তাদের আঁকড়ে রাখা সমীচীন হবে!

আর একটি বিষয় এখন অনেকের চিন্তার দুয়ারে হানা দিয়েছে। তা হলো বর্তমান ও ১০তম জাতীয় সংসদের সম্মানীত সদস্যদের শপথবাক্য পাঠ নিয়ে। বিষয়টি উচ্চ আদালতে নিষ্পত্তির অপেক্ষায় আছে। তাই তা নিয়ে কিছু বলা নিশ্চয়ই আইনের ব্যত্যয় হবে। সেজন্য এ মুহূর্তে এ নিয়ে কিছু বলা থেকে বিরত থাকাই সঙ্গত। ঘটনা আপীল বিভাগে পৌঁছেছে। এমনও হতে পারে এখানেও বিষয় পূর্বের মতোই প্রত্যাখ্যাত হতে পারে। তবে মনে রাখতে হবে আইন কখনো তামাদি হয় না। এক সময় হয়তো প্রাধান্য পেতেও পারে। সেই আশাই সবাই করেন।

আইনাঙ্গনে আমরা সাধারণ মানুষ নিছক নবিশ। এর মার প্যাচ আমাদের বোঝার কথা নয়। তবে একটি প্রশ্ন যা অনেকটাই আইনের বাইরেই বলতে হবে। বিষয়টি অনেক বেশি মানবাধিকারের সাথে সম্পৃক্ত। সেটা হলো ১০ ও ১১তম জাতীয় সংসদের নির্বাচনে দেশের ৯০ শতাংশের মতো মানুষের ভোটের অধিকারের প্রশ্নটি নিষ্পন্ন হয়নি। অতীতে তাদের ভোট দান করা থেকে যারা বঞ্চিত হয়েছেন। সেই প্রতিটি নাগরিকের ভোট দেয়ার সুযোগ পাওয়াটা তাদের মৌলিক মানবাধিকারের সাথে শুধু নয়, এর সাথে তাঁর বা তাদের সাংবিধানিক অধিকারও জড়িত রয়েছে। এমন অধিকারহারা কোটি মানুষের মধ্যে এক বা একাধিক মানুষ সংক্ষুব্ধ হয়ে কোনো সময় আদালতের দুয়ারে যদি ধর্না দেন। তবে অবস্থাটা কতটা 'গ্রেইভ' হতে পারে। সেটা আইন বিশেষজ্ঞরাই বলতে পারেন। তবে সাধারণ ভোট বঞ্চিত মানুষের দু:খ-বেদনা ও ক্ষোভ-বঞ্চনার যে দীর্ঘশ্বাস তার যে দাব-দাহ কে কারোই পক্ষে সেটা 'কুল' করা সম্ভব হবে কি? এ নিয়ে বহু দিন কেবল নানা প্রবোধ দিয়ে বাগাড়ম্বর করা হয়েছে। এসব বিষয় আদালতে গড়াবে না সেটা কে বলতে পারে।

হালে মাঠে ময়দানে সব বিরোধীদলের নেতা-কর্মীদের পুলিশ ও ক্ষমতাসীনদের অন্ধ অনুগামীরা সম্মিলিতভাবে 'ফিজিক্যালি এ্যাসল্ট' করছে। সেটা কি ফৌজদারী দণ্ডবিধির আওতায় পড়ে না? বাবু গয়েশ্বর চন্দ্র রায় দেশের একটি বৃহত্তম দলের সর্বোচ্চ পরিষদের । অন্যতম শীর্ষ নেতা এবং দেশের একজন সম্মানিত নাগরিক। তিনি সাবেক মন্ত্রী, সজ্জন। তাকে পুলিশ মারতে মারতে রাস্তায় শুইয়ে দিয়েছে। যেন সে একটা চোর ছেচ্চর। এরপর তাঁর সাথে যে আচরণ পুলিশ করেছে। সেটা অনেকটা গুরু মেরে জুতা দানের মতোই। তা ছাড়া কোন চোর ছেচ্চরকে প্রহার করার অধিকার আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের কে দিয়েছে। এটাও কি ফৌজদারী অপরাধ নয়? এমন আইন ভঙ্গের শত শত ঘটনা এখন দেশে অহরহ ঘটছে। সেক্ষেত্রে এ প্রশ্ন ওঠা খুব স্বাভাবিক। তাহলে কি এদেশ থেকে আইনের শাসন বনবাসে গেছে। আর বনের আইন লোকালয়ে জারি হয়ে গেছে। মনীষীরা বলেন, ইতিহাস ঘুরে ফিরেই আসে। আওয়ামী লীগের অতীতে চেহারা আবারো কি মানুষ এখন দেখছে।

এবার এ নিবন্ধের শেষ কথা বলার সময় এসেছে। বাংলাদেশে নির্বাচন নিয়ে যে 'মকারি' বা প্রহসন চলছে তার অবসান সবাই চান। এই ভূখণ্ডের ক্ষমতায় অধিষ্ঠিত রাজনৈতিক কর্তৃপক্ষ ও তাদের সৃষ্ট নির্বাচন কমিশন। ভোট করা নিয়ে যারা দায়িত্বপ্রাপ্ত তাদের ভূমিকা সম্পর্কে সবাই পূর্ণ ওয়াকিবহাল। শুধু দেশের ভিতরের মানুষই নয়। আন্তর্জাতিক মহলের দৃষ্টিভঙ্গী এখন এক বিন্দুতে এসে উপনীত হয়েছে। এ বিষয়ে গত ২৬ জুলাই এই কলামে একটা ধারণা দেয়া হয়েছিল। এটা সবাই দৃঢ়ভাবে বিশ্বাস করেন, 'ঘরের কথা পরে জানবে কেন।' এটা প্রমাণ হয়ে গেছে, ঘরের কথা এখন আন্তর্জাতিক বলয়ের সবাই জানে। এতো কম লজ্জার বিষয় নয়। কিন্তু কাদের ভূমিকা এ জন্য দায়ী? ক্ষমতাসীন মহল এখন সংবিধানের প্রতি যতটা মমতা দেখাচ্ছেন? পূর্বে কি এমন মমতা দেখানো হয়েছে! এখন অতিভক্তি কী স্বাভাবিক। অতীতে সংবিধানকে কতটা উপেক্ষা, অবজ্ঞা করা হয়েছে। সেটা কারো দৃষ্টির বাইরে নয়। অথচ এখন বলা হচ্ছে সংবিধান থেকে এক চুল সরা হবে না। এটা কতটুকু আন্তরিক না গিল্টি করা স্বর্ণ। অতীতের দিকে তাকালে সেটা পরিষ্কার হবে। সংবিধানের ৭(১) অনুচ্ছেদে রয়েছে 'প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ; এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে।' এখন ক্ষমতায় থাকা কর্তৃপক্ষ সংবিধানের শরণাপন্ন হচ্ছেন। কিন্তু পূর্বে ওই অনুচ্ছেদ সম্পর্কে বেমালুম ভুলে ছিলেন।

নামাজের সময়-সূচী

আগস্ট	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
ফজর	৪.৪০	৪.৪২	৪.৪৩	৪.৪৪	৪.৪৬	৪.৪৭	৪.৪৮
সূর্যোদয়	৬.০৩	৬.০৪	৬.০৫	৬.০৬	৬.০৭	৬.০৮	৬.০৯
জোহর	১.০১	১.০১	১.০১	১.০১	১.০১	১.০০	১.০০
আসর	৫.৫৫	৫.৫৪	৫.৫৩	৫.৫২	৫.৫১	৫.৫০	৫.৪৯
মাগরিব	৭.৫৭	৭.৫৬	৭.৫৫	৭.৫৩	৭.৫২	৭.৫০	৭.৪৯
এশা	৯.২২	৯.২০	৯.১৮	৯.১৭	৯.১৫	৯.১৩	৯.১১

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

সেমিস্টারের ফাঁদে বিশ্ববিদ্যালয়

॥ ড. এম এল আর সরকার ॥

শিক্ষার উন্নতির জন্য সরকার বারবার নানা পদক্ষেপ নিচ্ছে। কিন্তু কোনো পদক্ষেপই সঠিকভাবে কার্যকর হওয়ার কোনো শুভ লক্ষণ এখনো পরিলক্ষিত হয়নি। এতদিন শিক্ষা বিষয়টি বারবার ঢেলে সাজানোর কাজটি হয়েছে প্রাইমারি, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে। বর্তমানে ঢেলে সাজানোর রোগটি আস্তে আস্তে বি¯Í... তি লাভ করছে বিশ্ববিদ্যালয়গুলোতেও। উচ্চশিক্ষার উন্নয়নের জন্য ইউজিসি যে দুটি পদক্ষেপ নিয়েছে তার মধ্যে একটি হচ্ছে সেমিস্টার পদ্ধতি প্রণয়ন।

‡দশের অধিকাংশ স্বায়ত্তশাসিত/সরকারি বিশ্ববিদ্যালয়ে এখনো বাৎসরিক পরীক্ষা পদ্ধতি চালু আছে। ইউজিসির নতুন প্রেসক্রিশন অনুযায়ী সেমিস্টার পদ্ধতি চালু করতে বলা হচ্ছে। সেমিস্টার পদ্ধতি নিয়ে উপরওয়ালাদের মতামত হচ্ছে, বিশ্ব এগিয়ে যাচ্ছে এবং আমাদেরও তাল মিলিয়ে চলতে হবে। সেমিস্টার পদ্ধতি চালু না করলে বিশ্ববিদ্যালয় অ্যাক্রিডেটেশন বা স্বীকৃতি পাবে না। অনেকেই একটু আগ বাড়িয়ে বলছেন অ্যাক্রিডেটেশন না পেলে সার্টিফিকেটের কোনো মূল্য থাকবে না। আর সার্টিফিকেটের মূল্য না থাকলে ছাত্রছাত্রীরা চাকরি পাবে না। কী আজব কথাবার্তা!

অ্যাক্রিডেটেশনের সংঙ্গে কোর্স কারিকুলাম, শিক্ষক সংখ্যা ও যোগ্যতা, ছাত্রছাত্রীর সংখ্যা, পাঠদান পদ্ধতি ও অবকাঠামোর যোগসূত্র রয়েছে। কিন্তু সেমিস্টার পদ্ধতি না থাকলে অ্যাক্রিডেটেশন হবে না, চাকরি হবে না-এ যুক্তি কোথা থেকে আসছে তা কোনোভাবেই বোধগম্য নয়। আমি নিজে বাৎসরিক পদ্ধতিতে পরীক্ষা দিয়েছি এবং এখনো আমার ছাত্রছাত্রীরা একই পদ্ধতিতে পরীক্ষা দিচ্ছে। আমার নিজের বিদেশে পড়াশোনা বা বিদেশে শিক্ষকতা, এমনকি আমার ছাত্রছাত্রীদের বিদেশে পড়াশোনা বা চাকরির ক্ষেত্রে অদ্যাবধি সেমিস্টার সিস্টেম না থাকার কারণে কোনো অসুবিধা হয়নি। তারপরও যখন এসব অবান্তর কথাবার্তা শুনতে হয় তখন কিছুই বলার থাকে না।

হ্যা, বিশ্বের অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতিতেই পড়াশোনা করানো হচ্ছে। এমনকি আমাদের দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোয় সেমিস্টার পদ্ধতি বিদ্যমান। অনেকেই প্রশ্ন করতে পারেন, যদি সেমিস্টার পদ্ধতিতে পড়াশোনা করাতে অন্যদের অসুবিধা না হয়, তাহলে আমাদের অসুবিধাটা কোথায়? এ প্রশ্নের উত্তর এক কথায় দেওয়া অসম্ভব, তাই বিষয়টি নিচে বিশদভাবে আলোকপাত করছি।

বিশ্ববিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতির মোটামুটি নিয়ম হচ্ছে প্রায় ৩ মাস পাঠদান, ২ সপ্তাহ পরীক্ষার প্রস্তুতি, ২ সপ্তাহ পরীক্ষা এবং ২ সপ্তাহ পরীক্ষার ফল প্রকাশ। বাকি সময়টুকু হচ্ছে গ্রীষ্মকালীন, শীতকালীন এবং অন্যান্য ছুটি। বিদেশি বিশ্ববিদ্যালয়ে ভর্তি, ক্লাস, পরীক্ষা, ফল প্রকাশ ইত্যাদি সবকিছুই থাকে পূর্বনির্ধারিত। একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী আগস্ট/সেপ্টেম্বরে ছাত্রছাত্রীরা ভর্তি হয় এবং নির্দিষ্ট ৪ বছরেই তারা ডিগ্রি অর্জন করে। সেশনজট, ধর্মঘট, সামাজিক বা রাজনৈতিক কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা, পরীক্ষা পেছানো, ভর্তি পরীক্ষার সময় পরিবর্তন এসব কিছুই নেই।

পক্ষান্তরে, বাৎসরিক পদ্ধতিতে মোটামুটি নিয়ম হচ্ছে প্রায় ৬ মাস পাঠদান, ১ মাস প্রস্তুতি, এক থেকে দেড় মাস পরীক্ষা এবং এক থেকে দেড় মাস পরীক্ষার ফল প্রকাশ। বাকি সময়টা হচ্ছে বিভিন্ন ধরনের ছুটি। আপাতদৃষ্টিতে মনে হবে পাঠদান বা পরীক্ষার সময়ের যে ব্যাপ্তি তাতে সেমিস্টার পদ্ধতি এবং বাৎসরিক পদ্ধতির তেমন কোনো বড় পার্থক্য নেই। ইচ্ছা করলেই দেশের বিশ্ববিদ্যালয়গুলো বাৎসরিক পরীক্ষা পদ্ধতির বদলে সেমিস্টার পদ্ধতি চালু করতে পারে। হ্যাঁ, সরকার বা ইউজিসি এ চিন্তা মাথায় রেখেই সপ্তাহ অনুযায়ী সময় ভাগ করে একাডেমিক ক্যালেন্ডার তৈরি করে সেমিস্টার পদ্ধতিতে পাঠদান চালু করতে বলছে।

অনেক বিভাগ ও অনুষদ, বিশেষ করে যেসব অনুষদ ও বিভাগ বিজ্ঞান বা প্রযুক্তিগত বিষয়াবলির সঙ্গে সম্পর্কিত, তারা এ সিদ্ধান্তের বিরোধিতা করেছে এবং এখনো করছে। আমি নিজেও বিভিন্ন সভায় এ সিদ্ধান্তের বিরোধিতা করেছি। সেমিস্টার পদ্ধতিতে যেতে অনিচ্ছুকদের মতামত হচ্ছে, সময়ের বিবেচনায় বিষয়টি সহজ হলেও আমাদের দেশের বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার, ছাত্রছাত্রী ভর্তি প্রক্রিয়া, পরীক্ষা পদ্ধতি, ফল প্রকাশ পদ্ধতি, ছাত্র রাজনীতি ইত্যাদি অনেক কিছুই বিদেশি বিশ্ববিদ্যালয়ের মতো নয়। কেন নয় এবং অসুবিধা কোথায়, তা আমাদের অনেকেরই জানা, তারপরও কিছুটা আলোচনা করছি।

আমরা যে পদ্ধতিতে আছি তাতে অসুবিধা কী? সবকিছুই বিদেশিদের কাছ থেকে নিতে হবে কেন? বরং বাৎসরিক পরীক্ষা থাকায় আমরা প্রয়োজনে ৬ মাসের পরিবর্তে ৫ মাস, এমনকি সাড়ে ৪ মাস পাঠদান করে সেশনজট কমানোর চেষ্টা করি; কিন্তু সেমিস্টার পদ্ধতিতে পাঠদানের সময় মাত্র ৩ মাস। ছুটিছাঁটা বাদ দিয়ে যেকটি দিন থাকে তা কমিয়ে সেশনজট কমানোর কোনো সুযোগ নেই।

একাডেমিক ক্যালেন্ডার : বিদেশি বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ক্যালেন্ডার আছে। কিন্তু আমাদের বিশ্ববিদ্যালয়গুলোয় একাডেমিক ক্যালেন্ডার নেই। আছে ছুটির ক্যালেন্ডার। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও চেষ্টা করছে একটি একাডেমিক ক্যালেন্ডার তৈরি করার। কিন্তু সমস্যা হচ্ছে ছাত্রছাত্রী কবে উচ্চমাধ্যমিক পাশ করবে এবং কবে তারা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে তার কোনো নির্দিষ্ট দিনক্ষণ কারোই জানা নেই। বছর প্রায় শেষ, এখনো ২০২৩ সেশনের ভর্তি পরীক্ষা শেষ হয়নি। আগামী ১৭ আগস্ট থেকে শুরু হচ্ছে ২০২৪ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা। অবস্থা এতটাই হযবরল যে, ছাত্রছাত্রীরা ভর্তি হওয়ার আগেই এক বা দুই সেমিস্টারের সময় শেষ। এই যদি হয় অবস্থা, তাহলে বিশ্ববিদ্যালয়গুলো কীভাবে দিনক্ষণ ঠিক করে বিদেশিদের মতো একাডেমিক ক্যালেন্ডার তৈরি করে ভর্তি, ক্লাস ও পরীক্ষা নেবে?

পরীক্ষার প্রক্রিয়া : আমাদের আছে পরীক্ষা কমিটি, বহিঃসদস্য, প্রশ্নপত্র মডারেশন, দুজন পরীক্ষক এবং তৃতীয় পরীক্ষক। বিদেশি বিশ্ববিদ্যালয়গুলোয় এসবের কোনো বালাই নেই। আছে শুধু শ্রেণি শিক্ষক, যিনি নিজেই পরীক্ষক। ফলে বিদেশিদের পরীক্ষার সময় আমাদের তুলনায় অনেক কম। বিদেশিদের মতো আমরাও এসব কমিটি-ফমিটি, দ্বিতীয় পরীক্ষক, তৃতীয় পরীক্ষক ইত্যাদি তুলে দিলে আমাদেরও পরীক্ষার সময় কম লাগবে। কিন্তু কতজন ছাত্রছাত্রী যে ক্ষতিগ্রস্ত হবে তা বলা মুশকিল। বর্তমান পদ্ধতিতে পরীক্ষা কমিটি এবং দুজন পরীক্ষক আছে বললেই আমরা সাবধানতার সঙ্গে উত্তরপত্র পরীক্ষণ করি। তারপরও কিছু উত্তরপত্র তৃতীয় পরীক্ষণের প্রয়োজন হয়।

ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা : বিদেশি বিশ্ববিদ্যালয়গুলোয় ব্যবহারিক পরীক্ষা নেই। শ্রেণি শিক্ষক তার কোর্সের সঙ্গে সংশ্লিষ্ট ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করেন এবং ক্লাস চলাকালীন ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রদান করেন। আমাদের দেশে তত্ত্বীয় পরীক্ষার পর কমপক্ষে ৭ দিন বিরতি দিয়ে পরীক্ষা কমিটির মাধ্যমে ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করা হয়। এতে পরীক্ষা গ্রহণের সময় বেশি লাগে, কিন্তু সেই আগের মতোই বলতে চাই, সময় বেশি লাগলেও এ পদ্ধতি সঠিক মূল্যায়নের জন্য অত্যন্ত প্রয়োজন। আমরা মৌখিক পরীক্ষার বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করি যা বিদেশে করা হয় না। মৌখিক পরীক্ষায় পরীক্ষা কমিটি ছাড়াও অন্য বিশ¦বিদ্যালয়ের একজন শিক্ষক থাকেন, যিনি ছাত্রছাত্রীদের দক্ষতা যাচাই-বাছাই করেন। আমি মনে করি, মৌখিক পরীক্ষা শুধু বিভিন্ন কোর্সের ওপর ছাত্রছাত্রীদের জ্ঞান-দখল বৃদ্ধিকে উৎসাহিত করে না, অধিকন্তু পরে চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষায় সহায়তা করে। কিন্তু কথা হচ্ছে, মৌখিক পরীক্ষার জন্যও অতিরিক্ত সময়ের প্রয়োজন।

পরীক্ষার সময় : বিদেশি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা হয় একদিন অথবা দুদিন পর। এমনকি ছাত্রছাত্রীদের কোনোদিন হয়তো দুটি পরীক্ষাও দিতে হয়, যদি ছাত্রছাত্রী অন্য বিভাগ থেকে কোর্স নিয়ে থাকে। ছাত্রছাত্রীরা কোনো প্রতিবাদ করে না। কিন্তু আমাদের বিশ্ববিদ্যালয়ে সপ্তাহে দুটির বেশি পরীক্ষা নিতে গেলেই গণ্ড‡গোল। শুধু তাই নয়, ফলাফল উন্নয়ন পরীক্ষা, অসুখ-বিসুখ, আত্মীয়স্বজনের মৃত্যু, মারামারি ইত্যাদি অনেক কারণেই আমাদের পরীক্ষা পেছাতে হয় এবং দীর্ঘ সময় ধরে পরীক্ষা নিতে হয়।

ফল প্রকাশ পদ্ধতি : বিদেশে কোর্স শিক্ষক একটি নির্দিষ্ট তারিখে তার কোর্সের নম্বর বিশ্ববিদ্যালয়ের অনলাইন সিস্টেমের মাধ্যমে প্রদান করেন। শিক্ষকের কাজ এখানেই শেষ। ফল স্বয়ংক্রিয়ভাবে তৈরি হয়ে যায়। পক্ষান্তরে আমাদের ফল প্রকাশ পদ্ধতিটি অত্যন্ত জটিল ও সময়সাপেক্ষ। প্রথমত, তত্ত্বীয় পরীক্ষা শেষে ব্যবহারিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা এবং প্রজেক্ট ওয়ার্কের নম্বর সংগ্রহ করি এবং পরীক্ষা কমিটির সভাপতির মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক এবং পরীক্ষা কমিটির অন্য সদস্যদের প্রেরণ করি। দ্বিতীয়ত, সব কোর্সের প্রথম এবং দ্বিতীয় পরীক্ষককে অনুরোধ করে তাদের কোর্সের নম্বরপত্র প্রদান করি। অনুরোধ করতে যে কত সময় পার হয়ে যায়, তার কোনো ঠিক নেই। যদি জুনিয়র শিক্ষক পরীক্ষা কমিটির সভাপতি হন, তা হলে তো তার জীবন শেষ। তৃতীয়ত, সব নম্বরপত্র পাওয়ার পর সব সিলবন্ধ নম্বরপত্র খুলি এবং কমিটির সব সদস্যকে এক কপি করে নম্বরপত্র প্রদান করি। সদস্যরা ছাত্রছাত্রীদের প্রাপ্ত সফটওয়্যারের মাধ্যমে অথবা ম্যানুয়াল পদ্ধতিতে খসড়া টেবুলেশন শিটে উঠান। কমিটির সব সদস্যের এ কাজটি সম্পন্ন হলে একটি সুবিধাজনক সময়ে মিলিত হয়ে কোন কোর্সের কয়টি উত্তরপত্র তৃতীয় পরীক্ষণের জন্য পাঠাতে হবে তা নির্ধারণ করি। অতঃপর উত্তরপত্র তৃতীয় পরীক্ষণের জন্য পরীক্ষক নির্ধারণ করে তার কাছে উত্তরপত্র প্রেরণ করে নম্বরের জন্য অপেক্ষা করি। চতুর্থত, তৃতীয় পরীক্ষকদের নম্বরপত্র পাওয়ার পর আবারও আমার খসড়া টেবুলেশনশিটের কাজ শেষ করে ফল যাচাই-বাছাই করার জন্য একত্রে মিলিত হই। ফলে কোনো অসুবিধা না থাকলে আমরা মূল টেবুলেশনশিটে ছাত্রছাত্রীদের প্রাপ্ত নম্বর ওঠানোর কার্য সম্পন্ন করি। মূল টেবুলেশন শিটের ফল উঠানোর পর ফল যাচাইয়ের জন্য আবারও মিলিত হই। ফল যদি ঠিক থাকে তখন শুরু করি সব টেবুলেশনশিটে সব সদস্যের স্বাক্ষরের কাজ। স্বাক্ষর শেষ হলে ফলসহ আমরা যাই পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে বেশকিছু অফিশিয়াল কাগজে স্বাক্ষর করার জন্য। পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কাজ শেষ হলেই শেষ হয় আমাদের বেদনাবহুল কাজ। পরে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর কয়েক দিনের মধ্যেই ফল প্রকাশ করে।

প্রশ্ন হচ্ছে, আমরা একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন করতে পারছি না। আমরা সঠিক সময়ে ছাত্রছাত্রী ভর্তি করাতেও ব্যর্থ হচ্ছি। আমাদের পরীক্ষা প্রক্রিয়া পদ্ধতি, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা, পরীক্ষার সময়, ফল প্রকাশ ইত্যাদি সবই সময়সাপেক্ষ। একটি পরীক্ষা নিয়েই আমরা যখন ১-২ বছর সেশনজটে নিমজ্জিত আছি, তখন এ অবস্থায় বছরে দুটি পরীক্ষা নিলে বিশ্ববিদ্যালয়গুলো যে শুধু পরীক্ষা ও সেশনজটময় হবে, তার কী হবে?

আমরা সবকিছু জেনেবুঝেও কেন এই গোলকধাঁধায় পড়তে যাচ্ছি বা চাচ্ছি, তা আমি জানি না। অনেককেই জিজ্ঞেস করেছিলাম, 'বলুন তো, সেমিস্টার পদ্ধতির সুবিধা কী?' কিন্তু কোনো সদুত্তর নেই! হাস্যরসের ছলে অনেকেই বলেছে, 'বেশি বেশি পরীক্ষা বেশি বেশি টাকা', যদিও এটি তাদের মনের কথা নয়। অনে‡করই উত্তর হচ্ছে, 'উপরওয়ালারা যখন চাচ্ছে তখন আমাদের করার কী আছে?'

আমরা যে পদ্ধতিতে আছি তাতে অসুবিধা কী? সবকিছুই বিদেশিদের কাছ থেকে নিতে হবে কেন? বরং বাৎসরিক পরীক্ষা থাকায় আমরা প্রয়োজনে ৬ মাসের পরিবর্তে ৫ মাস, এমনকি সাড়ে ৪ মাস পাঠদান করে সেশনজট কমানোর চেষ্টা করি; কিন্তু সেমিস্টার পদ্ধতিতে পাঠদানের সময় মাত্র ৩ মাস। ছুটিছাঁটা বাদ দিয়ে যেকটি দিন থাকে তা কমিয়ে সেশনজট কমানোর কোনো সুযোগ নেই।

হ্যা, সেমিস্টার পদ্ধতিতে যদি যেতেই চান, তাহলে আগে বিদেশিদের মতোই সবকিছুর ব্যবস্থা করুন। কিন্তু সেই পরিস্থিতি কি আমাদের বর্তমানে বিদ্যমান? যদি তা না হয়, তাহলে কেন এ অন্ধকার যাত্রা? তাড়াহুড়ো করে কেন শুধু শুধু কাকের পুচ্ছে ময়ূরের পেখম লাগাতে যাচ্ছেন? সময় নিন, ময়ূরের ডিম সংগ্রহ করুন। ডিম ফুটিয়ে বাচ্চা বড় করুন। অতঃপর, ময়ূরের পেখমের সৌন্দর্য উপভোগ করুন।

ড. এমএলআর সরকার : অধ্যাপক, ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়



গণতন্ত্রের সুপ্রতিষ্ঠা ছাড়া স্মার্ট হওয়া কঠিন

॥ এ কে এম শাহনাওয়াজ ॥

ক্লাসে ছাত্রছাত্রীদের প্রায়ই বলি, নিজেদের তোমরা ভাবছ আধুনিক সময়ের স্মার্ট তরুণ। পোশাকে, কথা বলায় অনেকে নিজেদের আভিজাত্য প্রকাশ করতে চাচ্ছ। চেষ্টা করছ গ্রাম-গঞ্জ থেকে আসা পিছিয়ে পড়া সমাজের বন্ধুকে এড়িয়ে চলার। ধরো এ আধুনিক তোমরা কয়েকজন তরুণ একদিন ক্যাম্পাসের টং দোকানের লম্বা বেঞ্চিতে বসেছ চা পান করতে। গল্প করছ ইংরেজি-বাংলা নানা মিশেল শব্দে দেশ-বিদেশের নানা বিষয় নিয়ে। হঠাৎ দেখলে একজন মাঝবয়সি ভদ্রলোক এগিয়ে আসছেন। পরনে একটি আটপৌরে ধুতি। গায়ে সস্তা ফতুয়া। পায়ে আধছেঁড়া চটি। মাথায় টিকি। হাতে কতগুলো বই। তারও চা পানের তেষ্টা পেয়েছে। তোমাদের লম্বা বেঞ্চির একপাশ ফাঁকা। তিনি সেখানটায় বসলেন। ভারি অস্বস্তি হচ্ছিল তোমাদের। ভাবছ এ এক আপদ। একজন বলল, আঙ্কেল ওপাশের বেঞ্চিতে গিয়ে বসুন। আপদ সরিয়ে দেওয়া আর কী!

তোমরা বুঝতে পারলে না টাইম মেশিনে চড়ে তোমাদের এখানে চলে এসেছেন উনিশ শতকের প্রখ্যাত বাঙালি সমাজ সংস্কারক পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। যাকে সেসময়ের ইউরোপীয়রা বলেছিলেন ভারতের অন্যতম আধুনিক মানুষ। যিনি সমাজের ভ্রুকুটি উপেক্ষা করে বাল্যবিবাহ বন্ধে কার্যকর ব্যবস্থা নিয়েছিলেন। বিধবা পুনঃবিবাহ আইন করে তা নিশ্চিত করেছিলেন। দীর্ঘদিনের রক্ষণশীল সমাজের অচলায়তন ভাঙার জন্য নিজের ছেলেকে বিধবার সঙ্গে বিয়ে দিয়ে উদাহরণ সৃষ্টি করেছিলেন। মানুষ বুঝেছিল আধুনিকতা কথায় আর পোশাকে নয়। আধুনিকতা কর্মে। ঈশ্বরচন্দ্র উনিশ শতকে বসে শতাব্দী অতিক্রম করা আধুনিক ভাবনা অনেক আগেই ভাবতে পেরেছিলেন। বুঝেছিলেন এর ফল ভোগ করবে অনাগত যুগের মানুষ।

আজকের নজরকাড়া নানা উন্নয়ন, চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে নিজেদের যুক্ত করার ভাবনা আর স্মার্ট বাংলাদেশ করার অভিযাত্রা দেখে আনন্দের সঙ্গে শঙ্কাও কম হচ্ছে না। বারবার মাথায় প্রশ্ন এসে ভর করছে-আমরা কি স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য প্রস্তুত? আমাদের কিন্তু তা মনে হয় না। স্মার্ট বাংলাদেশ গড়ার প্রধান কান্ডারি আমাদের রাজনীতির বিধায়করা। তারাই প্রধানত রাষ্ট্রপরিচালনার আধিকারিক আর রাজনীতি নিয়ন্ত্রিত হয় তাদেরই হাতে। কিন্তু এ দেশের চলমান রাজনীতির নায়কদের লক্ষ্য থাকে যে কোনো উপায়ে ক্ষমতার মসনদে বসা অথবা ক্ষমতা আঁকড়ে থাকা। জনগণ উপেক্ষিতই থেকে যাচ্ছে। এভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে গণতন্ত্র। গণতন্ত্র ছাড়া কোনো উন্নয়ন প্রচেষ্টাই স্থায়িত্ব পেতে পারে না।

স্মার্ট বাংলাদেশ গড়তে হলে যোগ্য-মেধাবী মানুষদের যুক্ত করতে হবে নানা কর্মক্ষেত্রে। কিন্তু তা তো এখন সোনার পাথরবাটি। গণতান্ত্রিক মূল্যবোধহীন ক্ষমতান্ধ রাজনীতি তো যোগ্যতার পরীক্ষা শতভাগ মেধাবী প্রমাণিত হলেও তাদের মূল্যায়ন করে না। খুঁজে বেড়ায় দলের অনুগত রদ্দিদেরকেই। স্মার্ট বাংলাদেশ গড়ার কারিগর বানায় তাদের। গণতান্ত্রিক আচরণ থাকলে এ ধরনের অন্ধকার বিদূরিত হতো। বক্তৃতার মঞ্চের কথায় আমরা প্রায়ই ক্ষমতাবান প্রাজ্ঞ রাজনীতির বিধায়কদের মুখে শুনি শিক্ষিত মেধাবীদের যুক্ত করতে হবে স্মার্ট বাংলাদেশ গড়ায়। কিন্তু রাজনৈতিক বিবেচনার ঊর্ধ্বে উঠতে না পারায় প্রকৃত শিক্ষিত মেধাবী গড়ে তুলব কেমন করে! শিক্ষাব্যবস্থার সংকট শনাক্ত করা ও এর আমূল পরিবর্তন নিয়ে ভাবতে পারেন এমন কোনো শিক্ষাবিদের শিক্ষা মন্ত্রণালয় পরিচালনার দায়িত্বে অদ্যাবধি পেলাম না। ফলে আজকের যে শিক্ষাব্যবস্থাপনার চলমান ধারা, তা দেখে শঙ্কাই বাড়ছে প্রতিদিন।

আজ আমাদের দেশের নির্বাচন নিয়ে বিদেশি মোড়ল শক্তিগুলো নাক গলাচ্ছে। দেশের জন্য তা অপমানের। কিন্তু এ অপমান কি আমরা ডেকে আনিনি? আজ যদি আমাদের রাজনীতির বিধায়করা গণতান্ত্রিক ধারা বজায় রাখতে পারতেন, সুশাসনের পথে হাঁটতে পারতেন, তাহলে কি কারও সাহস হতো বাংলাদেশকে নিয়ে নেতিবাচক কথা বলার?

আমাদের ক্ষমতার উচ্চপর্যায় থেকে যখন 'উন্নয়ন' কার্যক্রমের পরে গণতন্ত্রকে স্থান দেওয়া হয়, তখনই মনে হয় গণতন্ত্র কতটা বিপন্ন। আতঙ্কের সঙ্গে ভাবতে হয় এ ধারার উন্নয়নের স্থায়িত্ব নিয়ে। বিষয়টি আমার হঠাৎ বড়লোক হওয়া মানুষদের কথা মনে করিয়ে দেয়। রুচিহীন বড়লোক বিশাল ইমারত গড়ল, কিন্তু তাতে ব্যবহার করল চোখের পীড়াদায়ক রং আর টাইলস। অর্থের দাপটে কারও মতামত নিতে চায়নি সে। পারিবারিক গণতন্ত্রও বিঘ্নিত হয়েছে। পরে রুচিশীল উত্তরাধিকারীকে ভাঙতে হলো বাড়ির কাঠামো।

গণতন্ত্রের শক্তিটিকে বুঝতে না পারলে এভাবে খাদে পড়তে হয়। অবশ্য ভবিষ্যতে সব গোল্লায় যাক, নিজের সময়টি আয়েশে কাটলেই হলো, এমন অদূরদর্শিতা থাকলে আলাদা কথা! খ্রিষ্টপূর্ব ছয় শতকে প্রাচীন গ্রিসের সমাজ ও রাজনীতি সংস্কারক পেরিক্লিস এথেন্সে গণতন্ত্রের পূর্ণরূপ দিয়েছিলেন। গণতন্ত্রের শক্তি এথেন্সকে উন্নয়নের চূড়ায় পৌঁছে দেয়। শিক্ষা, সংস্কৃতি, শিল্পকলা ও রাজনীতির উন্নয়ন-সব বিষয় বিবেচনায় গ্রিসকে উন্নতির চূড়ায় পৌঁছে দিয়েছিল গণতান্ত্রিক এথেন্স। আর প্রতিবেশী নগররাষ্ট্র স্পার্টার মানুষ একইসময় ছিল গণতন্ত্রবিরোধী। সামরিকতন্ত্র চর্চা করতে গিয়ে যুদ্ধবিগ্রহে তারা জড়িয়ে ফেলে নিজেদের। গর্ব করার মতো তেমন উন্নয়ন দেখাতে পারেনি স্পার্টা। এথেন্সকে এমন অগ্রগতির পথ দেখাতে পেরেছিলেন রাষ্ট্রের জ্ঞানী মানুষরা।

আজ আমরা গণতন্ত্রকে যেন অনুভবই করতে পারছি না; অথচ উপমহাদেশে গণতন্ত্রচর্চার প্রাচীন উদাহরণ এ বাংলা থেকেই পাওয়া যায়। ছয় শতকে একশ বছরের মাৎস্যন্যায় অর্থাৎ অরাজকতায় বিপন্ন বাংলাকে রক্ষার জন্য অভিজাতরা ঐকমত্যের ভিত্তিতে নির্বাচিত করেছিলেন একজন যোগ্য মানুষকে। আট শতকের মাঝামাঝি জনগণের প্রতিনিধিদের নির্বাচনে গোড়াপত্তন করেছিলেন পাল রাজবংশের শাসন। গণতান্ত্রিক শক্তির অনুপ্রেরণা ছিল বলেই চারশ বছর স্থায়ী পাল শাসন সমৃদ্ধির চূড়ান্তে পৌঁছে দিয়েছিল সাধারণ মানুষকে।

বর্তমানে দলীয়করণে ক্লিষ্ট, দুর্নীতিতে আষ্টেপৃষ্ঠে বাঁধাপড়া স্বাধীন সার্বভৌম বাংলার উন্নয়ন কার্যক্রমের স্থায়িত্ব নিয়ে তো প্রশ্ন থাকবেই। আমরা বিএনপির শাসন আমলগুলোর দিকে চোখ রাখতে পারি। বিএনপি নেতারা আজ যতই মধ্বশোভন কথা বলুন, তাদের কথা শুনলে মনে হবে ক্ষমতা হাতে পেলে সব অন্যায়ের মূলোচ্ছেদ করে দেশ সোনায় মুড়িয়ে দেবেন; কিন্তু তাদের সময়ের ক্যানভাস কী বলে? চোখে পড়ার মতো অবকাঠামোগত উন্নয়ন খুঁজে পাওয়া যাবে কি? ঘুস, দুর্নীতি, দলীয়করণ কিছুমাত্র কম ছিল? বিদেশে অর্থ পাচার দু'হাতে হয়েছিল। সন্ত্রাস-খুনোখুনি মানুষের জীবনকে করে তুলেছিল অতিষ্ঠ। গণতান্ত্রিক ধারার আচরণ কি আমরা দেখতে পেয়েছি? খালেদা জিয়া ও তারেক রহমানের সিদ্ধান্তই সবার শিরোধার্য ছিল। বিএনপির সাফল্য হচ্ছে, দলটি দেশজুড়ে বিপুল সমর্থকগোষ্ঠী তৈরি করতে পেরেছিল; কিন্তু গণতান্ত্রিক আচরণের অভাবে সাধারণ মানুষকে আস্থায় আনতে পারেনি। ফলে ধরে রাখা সম্ভব হয়নি ক্ষমতা।

আওয়ামী লীগ কিছুটা এগিয়ে আছে দৃশ্যমান কয়েকটি অবকাঠামোগত উন্নয়ন করে; কিন্তু গণতান্ত্রিক শক্তির সঞ্চয় ছাড়া ওসব উন্নয়নের ভিত্তি শক্ত হতে পারে না। দলীয়করণের অন্ধত্ব অতিক্রম করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে যোগ্য মানুষদের সম্মান দিতে না পারলে খুঁড়িয়েই চলতে হবে। আমরা বিশ্বাস করি, মুক্তিযুদ্ধের পক্ষশক্তিই দেশপ্রেম লালন করে। দেশপ্রেমিক মেধাবী মানুষই হতে পারেন স্মার্ট বাংলাদেশ গড়ার সারথি। দুর্নীতিগ্রস্ততাকে সাথী করে স্মার্ট বাংলাদেশ গড়া কি সম্ভব? কিন্তু রাজনৈতিক ও প্রশাসনিক দুর্নীতি যেভাবে অক্টোপাসের মতো হাত-পা ছড়িয়ে দিচ্ছে, এমন বাস্তবতা সঙ্গে নিয়ে স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখব কেমন করে?

নির্বাচন সামনে রেখে আজ রাজনীতির আকাশ ধূমায়িত। একটি গণতান্ত্রিক দেশে এমনটি হওয়ার কথা ছিল না। ৫ বছর অন্তর নির্বাচন হবে। সব পক্ষই সংবিধানের প্রতি সম্মান দেখাবে। গণতান্ত্রিক সৌন্দর্যকে সমুন্নত রেখে নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রক্ষমতা নির্দিষ্ট হবে। আমরা বিশ্বাস করি, গণতন্ত্রের প্রতি আস্থা অন্তরে লালন না করে শুধু মুখে আর লেবাসে গণতন্ত্র রেখে সাধারণ মানুষের মনকে স্পর্শ করা যাবে না। প্রকৃতপক্ষে গণতন্ত্রের সঙ্গে আমাদের সব পক্ষের রাজনীতিকদের এক ধরনের আড়ি রয়েছে। না হলে একপক্ষ গণতন্ত্র হত্যা করে মাগুরা মার্কা নির্বাচন করবে কেন! লাখ লাখ ভুয়া ভোটার তালিকা বানাবে কেন? আবার অন্য পক্ষকে প্রশ্নবিদ্ধ নির্বাচনই বা করতে হবে কেন? এসব প্রমাণ করে-কোনো পক্ষই গণতন্ত্রের প্রতি দায়বদ্ধ নয়।

আজ আমাদের দেশের নির্বাচন নিয়ে বিদেশি মোড়ল শক্তিগুলো নাক গলাচ্ছে। দেশের জন্য তা অপমানের। কিন্তু এ অপমান কি আমরা ডেকে আনিনি? আজ যদি আমাদের রাজনীতির বিধায়করা গণতান্ত্রিক ধারা বজায় রাখতে পারতেন, সুশাসনের পথে হাঁটতে পারতেন, তাহলে কি কারও সাহস হতো বাংলাদেশকে নিয়ে নেতিবাচক কথা বলার?

এমন বাস্তবতা সামনে রেখে আমরা চতুর্থ শিল্পবিপ্লবকে আহ্বান জানাচ্ছি-স্মার্ট বাংলাদেশ গড়ার পথে হাঁটতে চাইছি। সচেতন মানুষ বিশ্বাস করে মুখ চলতি শব্দে নয়-প্রকৃত গণতান্ত্রিক শক্তি ছাড়া কোনো উন্নয়নই স্থায়িত্ব পেতে পারে না। তাই গণতন্ত্র সুপ্রতিষ্ঠা ছাড়া আমাদের পক্ষে স্মার্ট হওয়া সম্ভব নয়।

ড. এ কে এম শাহনাওয়াজ : অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসার সূচনায় বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
ন্যূনতম ১ মিলিয়ন বা সমমূল্যের ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৩বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিণ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ডিজিটাল-সাইবারে বায়ান্ন-তেপ্পান্নর খেলা

॥ রিন্টু আনোয়ার ॥

মগের না হোক, একটা আচ্ছা রকমের মুল্লুকে নিয়ে যাওয়া হয়েছে দেশের নাগরিকদের। জারির পর থেকে সরকারের দাবি ছিল- জাতির প্রয়োজনে, জনস্বার্থেই করা হয়েছে ডিজিটাল নিরাপত্তা আইন। আরোপের আগ থেকেই এটি নিয়ে মানুষের আপত্তি। প্রণয়নের পর এ আইনে অবিরাম হয়রানির পরিপ্রেক্ষিতে মানুষ ক্ষুব্ধ হয়ে ওঠে। এটি বাতিলের দাবি ওঠে। কেউ কেউ দাবি তোলেন সংশোধনের। কিন্তু, সরকারের দিক থেকে ড্যামকেয়ার ভাব। জনস্বার্থে প্রণীত আইন বাতিল দূরে থাক, সংশোধনেরও প্রশ্নই আসে না বলে সাফ জানিয়ে দেয়া হয়। এখন আইনটি পরিবর্তন করে বলা হচ্ছে, তা জনস্বার্থেই করা হয়েছে। এতে জনমতের প্রতিফলন হয়েছে। কী মশকরা জনস্বার্থ আর জনমত শব্দের সঙ্গে! আইন জারিও জনস্বার্থে। আবার পরিবর্তনও জনস্বার্থে।

জনস্বার্থ দেখতে দেখতে কাহিল সরকার। ২০১৮ সালে প্রণীত ডিজিটাল নিরাপত্তা আইন বদলের নীতিগত সিদ্ধান্তের মধ্য দিয়ে কী বার্তা পেল মানুষ? প্রথমত, আইনটি সম্পর্কে সংবাদমাধ্যমসহ দেশের মানুষ এতদিন যে উদ্বেগ-উৎকণ্ঠা প্রকাশ করে আসছিল, সেটা যথার্থ বলে প্রমাণ পেয়েছে। দ্বিতীয়ত. বহির্বিশ্বের চাপের ফল আর তৃতীয়ত সবার সঙ্গে চাতুরী। ডিজিটাল নিরাপত্তা আইনের বদলে সাইবার নিরাপত্তা আইন নামে আইন করার ঘোষণা চাতুরীতে ভরপুর। কিছু বিধি এদিক সেদিক নিয়ে সরকার ডিজিটালকেই সাইবার করতে যাচ্ছে। এর পরও শেষ পর্যন্ত কী দাঁড়ায় সেটা দেখার অপেক্ষা। সরকার ২০১৮ সালে ডিজিটাল নিরাপত্তা আইন করার সময় সংবাদমাধ্যমের অংশীজনদের উদ্বেগ আমলে নেয়নি। নির্বাচনের আগে একটি আবহ তৈরির উদ্দেশ্যে সেই আইন সংশোধন বা পরিবর্তন করার ক্ষেত্রে অংশীজনদের সঙ্গে আলাপ-আলোচনা ও তাঁদের মতামত নেওয়া যেত। সেটাই ছিল প্রত্যাশিত। কিন্তু সেরকম কিছু না করে বলা হচ্ছে, জনস্বার্থেই এখন পরিবর্তনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। কী হাল জনস্বার্থের! আইন বিশেষজ্ঞরা বলছেন, শাস্তি কমানোর মতো বিষয়টি নতুন আইনে অন্তর্ভুক্ত করা হলেও এটি আসলে খুব একটা তাৎপর্যপূর্ণ নয়। বরং যেসব ধারা নিয়ে বিতর্ক ছিল সেগুলো এখনো বহালতবিয়তেই রয়েছে। ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টের যে জায়গাগুলো নিয়ে তাদের আপত্তি ছিল সে জায়গাগুলো সাইবার নিরাপত্তা আইনেও রয়ে গেছে। এর ফলে এটি অপপ্রয়োগেরও সুযোগ রয়েছে এবং এটি দিয়ে নিবর্তনমূলক কার্যক্রম করারও সুযোগ রয়ে গেছে। এই আইনের আওতায় জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি নামে নতুন একটি সংস্থা হবে যাদের কাজ হবে সাইবারসংক্রান্ত অপরাধগুলোকে চিহ্নিত করা এবং এই অপরাধগুলোর জন্য শাস্তির মাত্রা ঠিক করা। আগের আইনের কাঠামোয় অ-জামিনযোগ্য ধারা থাকলেও সেগুলো নতুন আইনে বেশির ভাগই জামিনযোগ্য করা হয়েছে। তবে ১৭, ১৯, ২১, ২৭, ৩০ ও ৩৩ ধারা এখনো অ-জামিনযোগ্য রয়েছে। এসব ধারার মূল বিষয়গুলোর মধ্যে রয়েছে গুরুত্বপূর্ণ তথ্য কাঠামোতে বেআইনি প্রবেশ, মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের চেতনা, জাতির পিতা, জাতীয় সঙ্গীত বা জাতীয় পতাকার বিরুদ্ধে কোনো ধরনের প্রোপাগান্ডা বা প্রচারণা, সাইবার সন্ত্রাসী কার্য সংগঠন, আইনানুগ কর্তৃত্ব- বহির্ভূত ই-ট্রানজেকশন, বে-আইনিভাবে তথ্য-উপাত্ত ধারণ ও স্থানান্তর ইত্যাদি। ডিজিটাল নিরাপত্তা আইনের মূল আপত্তির জায়গাগুলোতে কোনো পরিবর্তন আসেনি। দুয়েক ক্ষেত্রে শাস্তির মেয়াদ কমানো হয়েছে। আর দ্বিতীয়বার অপরাধের ক্ষেত্রে দ্বিগুণ শাস্তির বিধান রদ করা হয়েছে। তবে এতে, এই আইনের অপপ্রয়োগের শিকার ব্যক্তিদের আশাবাদী হওয়ার মতো কোনো বিষয় নেই। যাদের আগে সাত বছর জেল হতো এখন তার তিন বছর জেল হবে, এটা মনে করে কি বেশি পুলকিত হওয়ার জায়গা আছে?

জনস্বার্থ দেখতে দেখতে কাহিল সরকার। ২০১৮ সালে প্রণীত ডিজিটাল নিরাপত্তা আইন বদলের নীতিগত সিদ্ধান্তের মধ্য দিয়ে কী বার্তা পেল মানুষ? প্রথমত, আইনটি সম্পর্কে সংবাদমাধ্যমসহ দেশের মানুষ এতদিন যে উদ্বেগ-উৎকণ্ঠা প্রকাশ করে আসছিল, সেটা যথার্থ বলে প্রমাণ পেয়েছে। দ্বিতীয়ত. বহির্বিশ্বের চাপের ফল আর তৃতীয়ত সবার সঙ্গে চাতুরী। ডিজিটাল নিরাপত্তা আইনের বদলে সাইবার নিরাপত্তা আইন নামে আইন করার ঘোষণা চাতুরীতে ভরপুর। কিছু বিধি এদিক সেদিক নিয়ে সরকার ডিজিটালকেই সাইবার করতে যাচ্ছে।

এই আইনে 'ভাবমূর্তি' নষ্ট করা বা অনুভূতিতে আঘাতের মতো বিষয়গুলো ফৌজদারি আইনে অপরাধ হিসেবে অন্যান্য দেশে প্রায় শত বছর আগে উঠে গেলেও সেগুলো এখনো বাংলাদেশে চর্চিত হচ্ছে। ফৌজদারি আইনের আওতায় অপরাধ হচ্ছে যেসব ক্ষতি দেখতে, জানতে ও বুঝতে পারা যায় সেগুলো। আর যেসব অপরাধের ক্ষতি ব্যক্তিভেদে ভিন্ন হয় সেগুলো ফৌজদারি বিচার ব্যবস্থায় থাকা উচিত নয়। যেমন- 'ভাবমূর্তি ক্ষুণ্ন' করা, 'অবমাননা' বা 'মানহানি' ইত্যাদি। 'অবমাননা' আর 'মানহানি'র মতো বিষয় নিয়ে দেওয়ানি আইনে মামলা হওয়া উচিত উল্লেখ করে তিনি বলেন, দেওয়ানি ক্ষতির ব্যাপারগুলো আমরা ফৌজদারি আইনে নিয়ে এসে জেল-জরিমানার ব্যবস্থা করছি। মূল আপত্তি হলো ওই জায়গায়। ওই জায়গাগুলোতে কোনো পরিবর্তন হয়নি। মানহানির মামলা ফৌজদারি আইনে করা হলে তাতে যে ক্ষতিপূরণ আদায় করা হবে তা ওই ব্যক্তি পাবে না, বরং সেটা পাবে রাষ্ট্র। আর এই একই মামলা দেওয়ানি আইনে করা হলে ক্ষতিপূরণ পাবে ব্যক্তি।

ডিজিটাল নিরাপত্তা আইন প্রতিস্থাপন করে সাইবার নিরাপত্তা আইন প্রবর্তন করার মানে এই নয় যে, এটা নিবর্তনমূলক হবে না, কারণ পরোয়ানা ছাড়া গ্রেফতারের মতো বিষয়টি এই আইনেও রয়ে গেছে। ডিজিটাল নিরাপত্তা আইনের ৪৩ ধারায় পরোয়ানা ছাড়া গ্রেফতারের বিষয়টি নিয়ে ব্যাপক বিতর্ক তৈরি হয়েছিল। নতুন সাইবার নিরাপত্তা আইনে এই ধারাটি অপরিবর্তিত রাখা হয়েছে। বলা হয়ে থাকে- পুলিশ কেন, বিনা ওয়ারেন্টে গ্রেফতারের ক্ষমতা বুজর্গরাও হাতছাড়া না করে পারেন না। মানহানির ক্ষেত্রে ডিএসএ এর ২৯ ধারায় যে পাঁচ বছরের কারাদণ্ড ছিল সেটি বিলুপ্ত করা হয়েছে। এর পরিবর্তে জরিমানার পরিমাণ সর্বোচ্চ ২৫ লাখ টাকা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

অর্থদণ্ডের এ পরিমাণ টাকা দেশের কতজন মানুষের আছে? বিশেষ করে সাংবাদিকদের ক'জন এ সক্ষমতা রাখেন? সেই সামর্থ্য না থাকা মানে কারাবাস। ফলে আইনটি সবার ক্ষেত্রে সমপ্রয়োগের সুযোগ কম। এ ধরনের আইনের পরিবর্তন আনার আগে সংশ্লিষ্ট সব পক্ষের সাথে আলোচনার গরজ মনে করেনি সরকার। অন্তত যারা ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টের ভুক্তভোগী ছিলেন, যেসব পেশাজীবী এই আইনের শিকার হয়েছেন তাদের সাথে কথা বলা যেত। আগামী সেপ্টেম্বরে সাইবার নিরাপত্তা আইন পাস হওয়ার পর ডিজিটাল নিরাপত্তা আইনটি রহিত হয়ে যাবে বলে জানানো হয়। সরকারের দিক থেকে নিশ্চিত করা হয়েছে, আইন রহিত করা মানে সেই আইনটি বাতিল করা নয় বরং হেফাজত করা হয়। হেফাজত করার মানে হচ্ছে, পুরনো আইনের অধীনে যে মামলাগুলো শুরু হয়েছে সেই মামলাগুলোর জন্য পুরনো আইন বহাল থাকবে। অর্থাৎ ওই মামলাগুলোর জন্য ওই আইন এখনো জীবিত আছে, সেগুলোর বিচার ওই আইন অনুযায়ীই হবে। ফলে, বায়ান্ন-তেপ্পান্ন বা লাউ-কদু বুঝতে বাকি থাকে কিছু?

লেখক : সাংবাদিক ও কলামিস্ট



MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

সেপ্টেম্বর ২০২৩ ভিলেটিন

ইউএস ডিপার্টমেন্ট অব স্টেট (ডিএস) সেপ্টেম্বর ২০২৩ ভিসা বুলেটিন প্রকাশ করেছে। সেপ্টেম্বর ২০২৩ এর পরিবার ভিত্তিক ভিসার প্রপ্যতা নিম্নে উল্লেখ করা হোন। উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ভেট' হচ্ছে ডিওএস/ইউএসসিসআইএস আবেদনে যখন তাদের চূড়ান্বত জানাবে- আপনার অগ্রাধিকার তারিখ হবে ঠিক ঐ তারিখের পূর্বে। ২০২৩ এর সেপ্টেম্বরের ভিসা বুলেটিনের এই ক্যাটাগরি পর্যালোচনা করে খুব বেশি পরিবর্তন কিংবা কোন পরিবর্তন লক্ষ করা যাচ্ছে না। সামনে অক্টোবরে অধিক অগ্রগতি আশা করছি।

পারিবার ভিত্তিক অগ্রাধিকারঃ

নিম্নে পরিবার ভিত্তিক অগ্রাধিকার উল্লেখ করা হোল আপনাদের জন্য।

প্রথমঃ (এফ-১) ইউএস সিটিজেনের অবিবাহিত পুত্র ও কন্যাঃ জানুয়ারি ১, ২০১৫।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী-স্ত্রী, সন্তান এবং অবিবাহিত পুত্র ও কন্যাঃ

এ. (এফ-২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তানেরাঃ জানুয়ারি ১, ২০১৮।

বি. (এফ ২ বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের ২১ নিম্ন এবং ২১ উর্ধ্ব বয়সের অবিবাহিত পুত্র ও কন্যাগণঃ সেপ্টেম্বর ২১, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রও কন্যাগণঃ জানুয়ারি ০৮, ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোনেরাঃ এপ্রিল ২২, ২০০৭।

এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে খাদিজা বেগমের প্রশ্নঃ

আমি বিবাহিতা। এখানে আমরা ২জন থাকতাম। কিনউত আমার আবেদনের পর এখনে ইমিগ্রেশন বিষয়ে কোন অগ্রগতি হচ্ছিলনা বলে তাকে দেশে চলে যেতে



হয়েছিলো। তারপর সে গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে ফিরে আসে আবার।

এখানে ফিরত আসার পরে সে আমাকে ডিভোর্স নেবার জন্য তাগাদা দিচ্ছে। কারণ বাংলাশে থাকা অবস্থায় সে আবার বিয়ে করেছে। তার কিছু প্রমাণ আমি ফোনে দেখেছি। এ ব্যাপারে আমি খুব দুশ্চিন্তায় আছি। কিন্তু এই চিন্তা থেকে আমি মুক্তি পেতে চাই। সে কারণে আপনার কাছে পরামর্শের আশায় লিখলাম। আশা করছি আমার প্রশ্নের উত্তর পাব।

খাদিজা বেগমের প্রশ্নর উত্তঃ

হিউএস আইনে এক সঙ্গে দুই বিয়ের অনুমোদন দেয় না। প্রথম স্ত্রীকে তালাক না দিয়ে দ্বিতীয় বিয়ে বৈধ বিবাহ বলে যোগ্য হয় না। আপনার চিঠি থেকে পরিষ্কার ধারণা লাভ করা যাচ্ছে না। আপনি কি ধরনের মুক্তি চান।

যদি আপনার স্বামীর গ্রিনকার্ড বাতিলের বিষয় হয় সেক্ষেত্রে আপনি ইউএসসিআইএস'র সাথে যোগাযোগ করতে পারেন। নিউইয়র্ক স্টেটে মানসিক নিপীড়ন এবং নির্যাতন অপরাধথ হিসেবে গন্য হয়। এ বিষয়ে আপনি স্থানীয় পুলিশ কিংবা পারিবারিক আদালতে যোগযোগ করতে পারেন।

নিউইয়র্ক স্টেটে অনেক এনজিও আছে। যারা ডোমস্টিক ভায়োলেন্সের শিকার, তারা এমন নিপীড়তদের সাহায্য সহযোগিতা করে থাকেন। কিন্তু আপনি যদি এনজিওর সহযোগিতা না পান তবে আমাদের অফিসের যোগাযোগ করতে পারেন।

আমরা আপনার কাছাকাছি কোন একটি এন-জি'র সন্ধান দিতে চেষ্টা করতে পারি। প্রয়োজনে একজন অভিজ্ঞ এটর্নীর সাথে আলোচনা করতে পারেন।

নিউইয়র্ক থেকে এইচ, হকে প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। ইউ্এস সিটিজেন হিসেবে আমি আমার বিবাহিত বোনের জন্য আবেদন করতে চাই। ইমিগ্রেশন বিষয়ে আমার তেমন কোন ধারণা নেই। এ কারণে আমি আপনার পরামর্শ লাভের জন্য এই বিভাগের মাধ্যমে লিখছি। এ ব্যাপারে আপনার পরামর্শ গেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

এইচ হকের প্রশ্নের উত্তরঃ

আপনাদের জ্ঞাতার্থে প্রথমেই উল্লেখ করছি একজন গ্রিনকার্ডধারী কাদের জন্য আবেদন করতে পারেনঃ

স্পাউস (স্বামী/স্ত্রী), ২) অবিবাহিত ২১ নিম্ন এবং ২১ উর্ধ বয়সের সিটিজেন নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেনঃ

স্পাউস (স্বামী/স্ত্রী), ২) সন্তান ২১ নিম্ন, ২১ ঁর্ধ বিবাহিত এবঙ অবিবাহিত, ৩) মা-বাবা এবং ৪) ভাইবোন (বিবাহিত ও অবিবাহিত)।

উল্লেখ্য যে, ইউএস সিটিজেনের সন্তানেরা সাক্ষাতক আত্মীয় হিসেবে বিবেচিত হন। এই সাক্ষাতক আত্মীয়দের জন্য কোন অপেক্ষার নিয়ম নেই। কিন্তু ইউএস সিটিজেনের ভাই-বোনেরা চতুর্থ প্রিফারেন্সে পড়েন। এই ক্যাটাগরির অপেক্ষার সময় অনুযায়ী ১০ বছরের বেশি। আর এদের জন্য আবেদন করতে নিম্নের তথ্যপত্র প্রয়োজনঃ

১) ফরম আই-১৩০, ২) পিটিশনারের ইউএস সিটিজেনশীপের সার্টিফিকেট, ৩) পাসপোর্টের কপি, ৪) বার্থ সার্টিফিকেটের কপি, ৫) সাম্প্রতিক ইমিগ্রেশন ফিস।

আর বেনিফিসিয়ারির জন্য যা যা লাগবেঃ

বার্থ সার্টিফিকেট, ২) বিবাহিত হলে ম্যারেজ সার্টিফিকেট, ৩) সন্তান থাকলে তাদের বার্থ সার্টিফিটে, ৪) মা-বাবার বিয়ের সার্টিফিকেট, ৫) ডিভোর্স হলে তার সার্টিফিকেট।

আর আত্মীয়দের জন্য স্পন্সর করতে হলে অবশ্যই প্রমাণ করতে হবে। স্পন্সর এবং আর্থিক দায় গ্রহণের জন্য যথেষ্ট আর্থিক সঙ্গতি। এ ব্যাপারে সাম্প্রতিক বছরের পোভার্টি গাইড লাইনের শর্ত পূরণ করতে হবে। আই ইমিগ্রেশন আইন অনুযায়ী না হলে সেক্ষেত্রে সামর্থবান কারো কাছে থেকে এফিডেভিট অব সাপোর্ট নিতে হবে দায় গ্রহণের জন্য। এক্ষেত্রে যৌথ স্পন্সর প্রয়োজন। এ ব্যাপারে প্রয়োজনের একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সমাজের চোখ ও বিবেক

॥ জাকির আবু জাফর ॥

বলছি না- আমাদের সমাজের চোখ অন্ধ এবং বিবেক মরে গেছে। কিন্তু চোখ যে দেখেও দেখে না, বিবেক বুঝেও বোঝে না, এটি তো সত্যি! এ সত্য লুকিয়ে চুবিয়ে নেই। দিনের আলোর মতো স্বচ্ছ সর্বত্র। সবাই দেখে, দেখছে সবকিছু। কিন্তু দেখে কী হয়! কী হচ্ছে! কেউ কেউ কিছুটা বলছেনও হয়তো। তবে কণ্ঠটি খুবই ক্ষীণ!

চোখ যে থেকেও অন্ধ! সেই গানের কথাই যেন সত্য 'হায়রে কপাল মন্দ/চোখ থাকিতে অন্ধ/এ জীবন জ্বইলা পুইড়া/শেষ তো হইল না।'

কোনো অন্যায় আর দংশন করে না মানুষের বিবেক। অবিচার দেখেও কথা বলে না বিবেক! বিবেক ভুলে গেছে বিবেচনা বোধ।

সবকিছু চেয়ে চেয়ে দেখার এবং দেখে চুপটি করে থাকার এক অদ্ভুত ঘোর আমাদের পেয়ে বসেছে। আমরা ধরেই নিয়েছি, এখন সমাজ এভাবেই চলার কথা। এভাবেই চলবে! চলছেও! এখানে যে যার খুশি কাজ করবে- এটি মানুষের স্বাধীনতা! এটি হয়! হওয়া উচিৎ!

এ স্বাধীনতার অর্থ, অন্যের অধিকার লুণ্ঠন করে নিজের ইচ্ছেকে তুঙ্গে তোলা নয়! এর অর্থ এ-ও নয়, একজন দশজনের সুযোগ ভোগ করবে! দশজনের জিনিস কুড়িয়ে নেবে একজন!

বলার স্বাধীনতা থাকবে সবার। চলার স্বাধীনতাও। তার মানে এই নয়, একজন যা ইচ্ছে বলবে। অন্যরা চুপচুপ হয়ে শুনবে আর শুনবে, মানবে আর মানবে! যাকে ইচ্ছে হেয়, অপমান কিংবা জুলুম করবে। মানবিক অধিকার বলে কিছু থাকবে না। ন্যায় অন্যায় ভাবার কিছু নেই।

মানুষের আচরণ দেখে মনে হয়, ন্যায় আবার কী জিনিস? এটি খায় না মাথায় দেয়! এমনই একটি ভয়ঙ্কর অবস্থানে পৌঁছেছে আমাদের সমাজ।

একদা সমাজের দুষ্টু লোকদের ভীষণ অপছন্দ করত মানুষ! সুদখোর ঘুষখোরদের ঘৃণা করত। অন্যায়ভাবে সম্পদ আহরণ করে বড়লোকগিরি ফলানোর সাহসই ছিল না কারো। এরা বেশ জড়োসড়ো হয়ে চলত। সমাজের আর দশজনের সাথে মেশামেশির পর্বে তাদের খুব একটা দেখা যেত না। সমাজের মানুষও এদের খুব বাঁকা চোখেই দেখত।

আমাদের বর্তমান সামাজিক অবস্থা কি- একটি ছোট চোরের কথা বলি। ধরুন একটি গরু চোর। কিংবা ছাগল চোরের কথা ধরা যাক। অথবা গ্রামে গরিব দুঃখীর ঘরে সিঁদকাটা চোরের দিকে তাকাই- কী ভয়ঙ্কর তাদের পরিণতি! এ ধরনের চোর ধরা পড়লে তাদের পরিণতি কী হয় আমরা সবাই জানি। ভয়াবহ শারীরিক নির্যাতনের শিকার হয় তারা। কখনো কখনো নির্যাতনের মাত্রা এতই প্রবল হয়, চোরটি প্রাণও হারায়!

যদি প্রশ্ন করি, এসব সিঁদেল চোরেরা কেন চুরি করে? এর জবাবে সবাই বলবেন- এরা চুরি করে পেটের দায়ে। তিনবেলার আহার ঠিকঠাক জোটে না বলেই চুরি করে এ শ্রেণীটি। কারো কারো শিশু বাচ্চাটিও অনাহারে দিন কাটায়। মুখে খাবারের লোকমা তুলে দেবার মতো খাদ্যও থাকে না তাদের সংসারে। অনেকটা নিরুপায় হয়ে চুরির মতো একটি গর্হিত কাজে জড়িয়ে যায়। ধরা পড়লে মৃত্যুও হতে পারে সে জানে। জেনেও মৃত্যুর ঝুঁকি নিয়ে সিঁদ কাটে বা গরু ছাগল ভেড়া চুরির কাজ করে।

এদের চুরিটা নেহায়েতই জঠরের জ্বালা থেকে। সামান্য আহার পেটে নেয়ার তাগিদেই এবং কোথাও কোনো কাজ মিলাতে না পেরে।

তবুও সমাজে এদের অবস্থান কী? কেউ কি ভালো চোখে দেখে এদের? কেউ সম্পর্ক রাখে এদের সাথে? মেশামিশি করে? ঘৃণার মাত্রাও বেহিসেবী। সামাজিক কোনো কাজে রাখা হয় না এদের। এদের সঙ্গে আত্মীয়তা করার কোনো কল্পনাও করে কেউ! এরা সমাজের সবচেয়ে নিকৃষ্ট অংশ।

নিকোলাসের একটি বাণী উল্লেখ করা জরুরি মনে করছি। তিনি বলেছেন, সমাজে দুই ধরনের লোকের অবস্থান। এক শ্রেণী তাদের আহারের রুচি বা ক্ষুধার তুলনায় অনেক বেশি খাবার পায়। আর দ্বিতীয় শ্রেণীর লোক যারা তাদের ক্ষুধার তুলনায় খুব কম আহার পায়।

এই যে ক্ষুধায় আহার জোটে না, এমন মানুষই তো সমাজে সংখ্যায় বেশি। আর প্রয়োজনের অতিরিক্ত নিয়ে যারা পেট মোটা করে তাদের সংখ্যা নেহায়েতই কম।

টমাস পেইনের একটি বাণী- মানুষ আগের থেকে খারাপ থাকার জন্য, আগের চেয়ে কম অধিকার পাবার জন্য সমাজবদ্ধ হয়নি। বরং অধিকারের নিশ্চয়তার জন্য সমাজবদ্ধ হয়েছে! সেই অধিকার কি আছে সাধারণের!

মহানবী হজরত মুহাম্মদ সা:-এর একটি বাণী অতি গুরুত্বপূর্ণ। তিনি বলেছেন, যার প্রতিবেশী অভুক্ত থাকে অথচ সে উদরপূর্তি করে খায়, তো সে মোমিন নয়। এটি একটি ভয়াবহ বিষয়! এখানে যে উদরপূর্তি করে তার সম্পদ অবৈধ বলা হয়নি। তার মানে বৈধ সম্পদও যদি প্রতিবেশীকে অভুক্ত রেখে নিজে পেটপুরে খায়, তার বিষয়ে এমন কঠিন বাণী। এবার অবৈধ লুটপাটকারীদের পরিণতি কী একবার ভাবলেই অনুমান করা যায়!

একদা সমাজের দুষ্টু লোকদের ভীষণ অপছন্দ করত মানুষ! সুদখোর ঘুষখোরদের ঘৃণা করত। অন্যায়ভাবে সম্পদ আহরণ করে বড়লোকগিরি ফলানোর সাহসই ছিল না কারো। এরা বেশ জড়োসড়ো হয়ে চলত। সমাজের আর দশজনের সাথে মেশামেশির পর্বে তাদের খুব একটা দেখা যেত না। সমাজের মানুষও এদের খুব বাঁকা চোখেই দেখত।

কিন্তু আমরা আমাদের সমাজের শরীরে দৃষ্টি দিলে কী দেখি? এ জিজ্ঞাসারও জবাব বোধকরি দরকার হবে না। কিন্তু একটি প্রশ্ন না করে উপায় নেই। আমরা কি তবে অপরাধকে ঘৃণা করতেও ভুলে গেছি? অবৈধ সম্পদের পাহাড় গড়েছে যারা, যারা দেশের সম্পদ বিদেশে পাচার করে, করেছে, এদের প্রতি সম্মান দেখানোর মনোভাবও কি অপরাধ নয়? যারা এদের ফুলের মালা পরিয়ে জয়গান গায় তারা কি কম অপরাধী?

অপরাধ ঘৃণা করার মতো সামাজিক মূল্যবোধটুকুও হারিয়েছে আমাদের সমাজ!

না, শুধু আফসোস করে ছেড়ে দিতে চাই না আমরা। এখান থেকে বের হতে হবে আমাদের। অন্যায়কে অন্যায়, ন্যায়কে ন্যায় বলার সংস্কৃতি আমাদের গ্রহণ করতে হবে।

এ ক্ষেত্রে সচেতন হতে হবে প্রত্যেক বিবেকবান মানুষকে।

রুখে দিতে হবে সব অবিচার! সমাজে প্রতিষ্ঠা করতে হবে সততার মূল্য। সত্য প্রতিষ্ঠা করতে হবে। বুঝতে হবে- সত্য-ই সুন্দর! তবেই আমাদের সমাজটা হয়ে উঠবে মানবিক।

লেখক : কবি, কথাসাহিত্যিক, প্রবন্ধকার, শিশু-সাহিত্যিক, গীতিকার ও মিডিয়া ব্যক্তিত্ব





বাংলাদেশ এসোসিয়েশন অফ জর্জিয়া (বাএজ)

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে
বাংলাদেশ মেডিকেল এসোসিয়েসন অফ নর্থ আমেরিকা
ও বাংলাদেশ এসোসিয়েসন অফ জর্জিয়া যৌথ উদ্যোগে
ফ্রি মেডিকেল সেবা প্রদান করা হবে ।

তারিখ ও সময়:
২০ আগস্ট ২০২৩
সকাল ১০টা থেকে
দুপুর ১২টা
এই সেবা প্রতি মাসের তৃতীয়
রবিবার নিয়মিত ভাবে
পরিচালিত হবে।

যাদের কোনো প্রকার মেডিকেল ইন্সুরেন্স নাই
এবং কোনো প্রকার মেডিকেল সুবিধা
নাই শুধু তাদের জন্য।
কোনো প্রকার ফী নেয়া হবেনা ও
পরীক্ষা নিরীক্ষা নাম মাত্র মূল্যে দেয়া হবে।

Location :
Global Mall, 5675 Jimmy Carter BLVD
Suite 113A, Norcross, GA 30971

যোগাযোগ:

BMANA
(470) 269-4066 | www.bmanaga.org

BAG

Nadira Rahman	Faruque Ahmed	Rashel Bhuiyan
(770) 256-7437	(404) 271-1004	(404) 641-0294





প্রচার ও প্রকাশনায়: ইঞ্জিঃ মাহবুব আহমেদ (678)-856-0545

MUNA CONVENTION
AUGUST 18-20, 2023

MUNA CONVENTION 2023

Quran
Guidance for Humanity

PENNSYLVANIA CONVENTION CENTER
1101 Arch St, Philadelphia, PA 19107 (North Broad St. Entrance)

SPEAKERS



FOR REGISTRATION & BOOKING BAZAAR WWW.MUNACONVENTION.COM

Special Offer 15% off

CONVENTION HIGHLIGHTS

Separate Youth Conferences // Children's Learn & fun

Lecture Series | Sister's Programs | Young Sisters Programs | Health Clinic | Halal Food Court
Cultural Events | Matrimonial Services | Parallel Sessions | Bazaar & Expo | Entertainment

MUSLIM UMMAH OF NORTH AMERICA (MUNA)
www.muslimummah.org

718-277-7900
munaconv@gmail.com

পুড়ছে হাওয়াই, সুনামির ভয়াবহতা দাবানল মৃত্যু ৮০

(প্রথম পাতার পর)

এত প্রাণহানি হয়নি। যা এখন সুনামির ভয়াবহতাকে ছাপিয়ে গেছে।

হাওয়াই কর্তৃপক্ষ আশঙ্কা করছে, দাবানলে মৃত্যু আরও বাড়তে পারে। গত মঙ্গলবার হাওয়াইয়ের মাউই দ্বীপের পশ্চিম উপকূলীয় জঙ্গল থেকে এই দাবানল ছড়িয়ে পড়ে। এ সময় এর কাছেই সৃষ্টি হয় ঘূর্ণিঝড়। ঘূর্ণিঝড়ের কারণে প্রচণ্ড ঝোড়ো বাতাসে দাবানলের তীব্রতা বাড়তে থাকে। দ্রুত ভয়াবহ রূপ নিয়ে দাবানল ছড়িয়ে পড়ে সমুদ্র-তীরবর্তী শহর লাহাইনায়।

কর্তৃপক্ষের দেওয়া হিসাব অনুযায়ী, দাবানলে অন্তত এক হাজার ভবন পুড়ে গেছে। গৃহহীন হয়ে পড়েছেন হাজারো বাসিন্দা।

হাওয়াই অঙ্গরাজ্য থেকে নির্বাচিত মার্কিন সিনেটর ব্রায়ান শাটজ বলেন, 'দাবানলে পুড়ে যাওয়া অবকাঠামোগুলোয় কেউ যাচ্ছেন না। আমার আশঙ্কা, সেখানে কাজ শুরু হলে মৃত মানুষের সংখ্যা বাড়তে পারে। লাহাইনাকে দেখে মনে হচ্ছে, যেন এটি বোমার আঘাতে বিধ্বস্ত হওয়া একটি শহর।'

১৯৬০ সালে ভয়াবহ এক সুনামি আঘাত হানে হাওয়াইয়ের বিগ আইল্যান্ডে। এতে ৬১ জনের মৃত্যু হয়। এত দিন এটিই ছিল হাওয়াইয়ে সবচেয়ে প্রাণঘাতী দুর্যোগ। তবে দাবানল সেই সুনামির ভয়াবহতাকেও ছাড়িয়ে গেল।

লাহাইনা শহরজুড়ে এখনো গরম ছাইয়ের স্তূপ জমে আছে। কয়েক দিন আগেও যে বাড়িগুলোয় মানুষের বসতি ছিল, সেগুলো এখন ছাইয়ে পরিণত হয়েছে। লাহাইনায় ১৬ বছর ধরে থাকেন ৪৪ বছর বয়সী অ্যান্টনি লা পুয়েন্তে। দাবানল ছড়িয়ে পড়ার পর বাড়িঘর ছেড়ে নিরাপদ আশ্রয়ে চলে যান তিনি। গত শুক্রবার নিজ এলাকায় ফিরে দেখেন, সেখানে এখন বলতে গেলে আর কিছুই নেই।

এদিকে অঙ্গরাজ্যটির মাউই দ্বীপে দাবানল ছড়িয়ে পড়ার আগে স্থানীয় লোকজনকে সতর্কবার্তা দেওয়া হয়েছিল কি না, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

৮ আগস্ট মাউই দ্বীপের পশ্চিম উপকূলীয় জঙ্গলে দাবানল শুরু হয়। কাছেই ঘূর্ণিঝড় সৃষ্টি হওয়ায় প্রচণ্ড ঝোড়ো বাতাসের কারণে দাবানলের তীব্রতা বেড়ে যায়। দ্রুত সেটি সমুদ্রতীরবর্তী শহর লাহাইনায় ছড়িয়ে পড়ে।

দাবানলে অন্তত এক হাজার ভবন পুড়ে গেছে। হাজারো মানুষ গৃহহীন হয়ে পড়েছেন। স্থানীয় কর্তৃপক্ষের আশঙ্কা, দাবানলের এলাকায় লাশ শনাক্তকারী কুকুর সঙ্গে নিয়ে অভিযান চালালে আরও মরদেহ পাওয়া যেতে পারে।

হাওয়াইয়ের সিনেটর ব্রায়ান শাটজ সংবাদমাধ্যম এমএসএনবিসিকে বলেন, 'পুড়ে যাওয়া অবকাঠামোগুলোতে কেউ এখনো যায়নি। আমার আশঙ্কা, সেখানে কাজ শুরু হলে মৃত মানুষের সংখ্যা বাড়তে পারে।'

দাবানল ছড়িয়ে পড়ার আগে স্থানীয় বাসিন্দাদের সতর্কবার্তা দেওয়া হয়েছিল কি না, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

বসতবাড়িতে দাবানল ছড়িয়ে পড়ার আগে বাসিন্দাদের কতটা সতর্ক করা হয়েছিল, তা-ও নিশ্চিত হওয়া যায়নি। প্রাকৃতিক দুর্যোগ কিংবা অন্য কোনো ঝুঁকিপূর্ণ পরিস্থিতি তৈরি হলে মাউইতে জরুরি সতর্কসংকেত বাজানো হয়ে থাকে। তবে এবার দাবানলের সময় তা বাজাতে শোনা যায়নি।

জঙ্গি নাটক করে সরকার ক্ষমতায় থাকতে চায়: ফখরুল

(প্রথম পাতার পর)

করে। জনগণ ও বিশ্বকে বুঝাতে চায়, আওয়ামী লীগের দরকার আছে। কিন্তু তাদের অপকর্ম এখন বিদেশেও আলোচিত। রাজনৈতিক প্রতিহিংসার কারণেই সরকার বেগম খালেদা জিয়াকে উন্নত চিকিৎসা নিতে বিদেশে নিতে দিচ্ছে না।

রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আরাফাত রহমান কোকোর ৫৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

অবৈধভাবে ক্ষমতায় টিকে থাকতে সরকার ক্রীড়া, শিক্ষা, স্বাস্থ্যসহ সব খাতকে ধ্বংস করে দিয়েছে বলেও মন্তব্য করেন মির্জা ফখরুল। নেতাকর্মীদের উদ্দেশে বিএনপি মহাসচিব বলেন, 'আপনারা নিশ্চিন্ত থাকুন, পরিবর্তন আসছে। জনগণের জয় হবে ইনশাআল্লাহ।

মির্জা ফখরুল বলেন, 'আরাফার রহমান কোকো একজন দুর্ভাগ্যবান মানুষ। তিনি স্বাধীনতার ঘোষক প্রয়াত প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও দেশের গণতন্ত্র পুনরুদ্ধারকারী বেগম খালেদা জিয়ার কনিষ্ঠ পুত্র। তিনি রাজনৈতিক কারণেই বেশি প্রতিহিংসার শিকার হয়েছেন। যদি তাদের সন্তান না হতেন তবে তিনি হয়তো এমন নির্যাতনের শিকার হতেন না।

হয়তো একটু কম হতেন।'

'খালেদার জিয়ার চিকিৎসা এদেশে আর সম্ভব নয়। ডাক্তারা এ বিষয়ে উদ্বিগ্ন' বলে জানিয়ে বিএনপি মহাসচিব বলেন, 'তারা বলছেন, কাকে দেশের বাইরে নেয়া দরকার তাড়াতাড়ি।'

দেশের যে একটা আত্মা থাকে, আওয়ামী লীগ সেটাও নষ্ট করেছে' মন্তব্য করে তিনি বলেন, 'আজ এই রাষ্ট্র দখল হয়ে গেছে। কেউ নিজেদের পৈতৃক সম্পত্তি মনে করে ধরে রেখেছে। তিনি বলেন, 'ফ্যাসিস্ট সরকারের কাজই লুট, চুরি করা। এরা এটাতে সফলও হয়েছে। তবে একটা কথা, ধর্মের কল বাতাসে নড়ে। তাই নড়তে শুরু করেছে। এ দেশের মানুষ জেগে উঠেছে গণতন্ত্র পুনরুদ্ধারে আন্দোলনের জন্য। তত্ত্বাবধায়ক সরকার যদি ফিরে আসে তবে আওয়ামী লীগ ১০টি আসনও পাবে না, এটা আওয়ামী লীগ ভালো করে জানে' বলে মন্তব্য করেন বিএনপি মহাসচিব।

তিনি বলেন, 'বিএনপি বিশ্বাস করে জনগণকে, আমরা অত্যন্ত আশাবাদী। অনেকে বলেন, আপনার মুখে হাসি দেখি কেন সব সময়। আমি পরিষ্কার দেখতে পাচ্ছি, ফ্যাসিস্ট পাথর জনগণের ঘাড় থেকে সরে যাচ্ছে। জনগণ মুক্তি পাচ্ছে একটি ভয়াল থাবা থেকে।'

বাড়ছে করোনা বাড়ছে হাসপাতালে ভর্তি

(প্রথম পাতার পর)

বিবর্তনের মধ্য দিয়ে যায়নি। এই ভ্যারিয়েন্টের সরাসরি প্যারেন্টস বলা হচ্ছে কোভিডের এক্সবিবি.১.৯.২ ভ্যারিয়েন্টকে। এই ভ্যারিয়েন্টগুলো নিয়ে গবেষণা করছেন কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষক ড. ড্যাভিড হো। এই ভ্যারিয়েন্টগুলো কীভাবে আস্তে আস্তে মানুষের দেহে থাকা এন্টিবডির বিরুদ্ধে শক্তিশালী হয়ে উঠছে তার ব্যাখ্যা দেন তিনি। তিনি বলেন, এই দুটি ভ্যারিয়েন্টই ভ্যাকসিন নেয়া মানুষের দেহে থাকা এন্টিবডিকে নিষ্ক্রিয় করে দিতে তুলনামূলক বেশি শক্তিশালী।

যুক্তরাষ্ট্র ছাড়াও আয়ারল্যান্ড, ফ্রান্স, যুক্তরাজ্য, জাপান ও চীনে বৃদ্ধি পাচ্ছে ইজি.৫ ভ্যারিয়েন্ট। যে ভ্যারিয়েন্টগুলিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা নিয়মিত পর্যবেক্ষণ করে, সে তালিকায় যুক্ত করা হয়েছে ইজি.৫কে।

মেগা মিলিয়নস লটারি জিতে ১৫৮ কোটি ডলার জয়

(প্রথম পাতার পর)

বৃহস্পতিবার লটারির ড্র ঘোষণা করে মেগা মিলিয়নস। এতে দেখা যায়, এবারের সেরা পুরস্কার বিজয়ী পুরোনো রেকর্ড ভেঙেছেন। ২০১৮ সালে দেড় শ কোটি ডলারের লটারি জিতেছিলেন আরেক ব্যক্তি।

বিজয়ীর নাম, ঠিকানা ও বিস্তারিত পরিচয় প্রকাশ করেনি সংশিষ্ট প্রতিষ্ঠান। তবে তারা জানিয়েছে, লটারি বিজয়ী চাইলে একসঙ্গে সব টাকা নিতে পারবেন। চাইলে কিস্তি করেও নিতে পারবেন পুরস্কারের টাকা। সে ক্ষেত্রে ৭৮ কোটি ৩০ লাখ মার্কিন ডলার নগদ দেওয়া হবে। বাকি অর্থ ৩০ বছরে পরিশোধ করা হবে। এ সময় প্রতিবছর মূল অথের সঙ্গে ৫ শতাংশ লভ্যাংশ যোগ হবে।

আরও সাত ব্যক্তি মিলিয়ন ডলারের লটারি জিতেছেন। এর মধ্যে ফ্লোরিডা ও নর্থ ক্যারোলাইনার দুই ব্যক্তি ২০ লাখ ডলার করে লটারি জিতেছেন। আর বাকি পাঁচজনের প্রত্যেকে পেয়েছেন ১০ লাখ ডলার। তাঁরা সবাই নগদ অর্থ নিতে চেয়েছেন। পুরস্কারের অর্থ থেকে আয়কর কেটে রাখা হবে। যুক্তরাষ্ট্রের ৪৫টি রাজ্য, ওয়াশিংটন ডিসি এবং ইউএস ভার্জিন আইল্যান্ডসে ২ ডলার করে প্রতিটি লটারির টিকিট বিক্রি করা হয়েছিল।

বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক
Bangladesh Society, Inc



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
শাহাদাতবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে

দোয়া মাহফিল

তারিখ: ১৫ আগস্ট, মঙ্গলবার ২০২৩ • সময়: বিকেল ৬:০০
স্থান: বাংলাদেশ সোসাইটি কার্যালয়, ৮৬-২৪ হুইটনি অ্যাভিনিউ, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

আমন্ত্রণে-

মোহাম্মদ রব মিয়া
সভাপতি, ৯১৭-৫৪৪-২১৪২

মো. রুহুল আমিন সিদ্দিকী
সাধারণ সম্পাদক, ৯১৭-৪৭৬-৫৩৮২

মো: মহিউদ্দীন দেওয়ান (সিনিয়র সহ-সভাপতি) ৯১৭-৫২৩-১৩৪৪, ফারুক চৌধুরী (সহ-সভাপতি) ৯১৭-৬২৭-৩৮৭৭, আমিনুল ইসলাম চৌধুরী (সহ-সাধারণ সম্পাদক) ৬৪৬-৩২১-৪১১৭, মোঃ নওশেদ হোসেন (কোষাধ্যক্ষ), ৬৪৬-৩৩৮-২২৪৫, আবুল কালাম ভূইয়া (সাংগঠনিক সম্পাদক) ৯১৭-৮৯২-৭১৯৯, ডা: শাহনাজ লিপি (সাংস্কৃতিক সম্পাদক) ৩৪৭-৪৫৯-৮৯৯৮, রিজু মোহাম্মদ (প্রচার ও গণসংযোগ সম্পাদক) ৭১৮-৫৮১-৬৬৩৭, মোহাম্মদ টিপু খান (সমাজকল্যাণ সম্পাদক) ৬৪৬-৬২৩-৮৬২২, ফয়সল আহমদ (সাহিত্য সম্পাদক) ৩৪৭-৭৩৫-৫৮২৩, মাহবুল উদ্দিন মাহবুব (ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক) ৭১৮-৩১২-৯৭২১, প্রদীপ ভট্টাচার্য (স্কুল ও শিক্ষা সম্পাদক) ৩৪৭-৪৭৬-৫২৯৪, কার্যকরী সদস্য: ফারহানা চৌধুরী ৭১৮-৬৯৭-৯০৩৫, মো: আখতার বাবুল ৬৪৬-৫৭৫-৭০৫৩, আবুল বাশার ভূঁইয়া ৩৪৭-২৭৯-২৬৪০, সুশান্ত দত্ত ৭১৮-৭১০-৫৬১৭, মোঃ সাদী মিন্টু ৭১৮-৮২০-৩৬১৯ ও শাহ মিজানুর রহমান ৯১৭-৫৩৫-৪৪৯৫

প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ কর্তৃক প্রচারিত

কার ওপর ভরসা করছে বিএনপি

॥ সোহরাব হাসান ॥

বাংলাদেশ রাজনৈতিকভাবে এতটা বিভক্ত যে কোনো দুজন নাগরিককে একটি বিষয়ে প্রশ্ন করলে সম্পূর্ণ ভিন্ন উত্তর পাওয়া যাবে। যদি আপনি জিজ্ঞাসা করেন, 'দেশ কেমন চলছে?' একজন উত্তর দেবেন, 'দেশ খুব ভালো চলছে। এ রকম মুক্ত গণতন্ত্র দেশে কখনো ছিল না। ধাই ধাই করে এগিয়ে চলেছে অর্থনীতির সব সূচক।' অপরজন জবাব দেবেন, 'দেশে গণতন্ত্র বলে কিছু নেই। দুর্নীতিপাচার অর্থনীতিকে শেষ করে দিয়েছে। এই সরকার আর কিছুদিন ক্ষমতায় থাকলে বাংলাদেশ শ্রীলঙ্কা হয়ে যাবে।'

সম্প্রতি ওয়াশিংটনভিত্তিক ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউটের (আইআরআই) জরিপেও পরস্পরবিরোধী সব তথ্য বেরিয়ে এসেছে। দেশের ৬৩ শতাংশ মানুষের সমর্থন আছে বিরোধী দলের প্রতি। আবার ৭০ শতাংশ মানুষ বলেছেন, সরকারপ্রধান হিসেবে শেখ হাসিনা ভালো করেছেন।

বলা হয়ে থাকে, বাংলাদেশের রাজনীতি সব সময় ব্যক্তি বা নেতাকেন্দ্রিক। দলগুলোও চলে শীর্ষ নেতার নির্দেশে। সেই অর্থে বিরোধী দল বিএনপির 'নেতা' নেই সাড়ে পাঁচ বছর। দলের প্রধান খালেদা জিয়া দুর্নীতির মামলায় কারাগারে (যদিও সরকারের নির্বাহী আদেশে তিনি বর্তমানে নিজ বাড়িতে আছেন) ২০১৮ সালের ফেব্রুয়ারি থেকে। তাঁর অনুপস্থিতিতে যাঁকে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান করা হয়েছে, সেই তারেক রহমান ২০০৮ সালের সেপ্টেম্বর থেকে বিদেশে। তিনিও বেশ কয়েকটি মামলায় দণ্ডিত। তারপরও প্রায় ১৭ বছর ক্ষমতার বাইরে থাকা বিএনপি যে রাজপথ গরম রেখেছে, তার কৃতিত্ব দলের সাধারণ নেতা-কর্মীদেরই।

বিএনপি আন্দোলন করতে পারে না বলে এত দিন আওয়ামী লীগ নেতারা যে উপহাস করতেন, সেই উপহাস এখন তাঁদের দিকেই ফিরে এসেছে। অতীতে সরকারবিরোধী আন্দোলন-সংগ্রাম বলতে হরতাল, অবরোধ ও ঘেরাওকে বোঝাত। আওয়ামী লীগের পাশাপাশি বিএনপিও এই ধারা অনুসরণ করে আসছিল ২০১৫ সাল পর্যন্ত।

বিএনপি যদি মনে করে যুক্তরাষ্ট্র চাপ দিয়ে কিংবা নিষেধাজ্ঞা আরোপ করে আওয়ামী লীগকে ক্ষমতা থেকে সরিয়ে দেবে এবং তাদের ক্ষমতায় নিয়ে আসবে, সেটা বাস্তবতাবিবর্জিত বলেই মনে করি। এমনকি নির্বাচনের আগে মার্কিন ভিসা নীতি কার্যকর হওয়ার সম্ভাবনাও কম। গণতন্ত্র, সুষ্ঠু নির্বাচন ও মানবাধিকার নিয়ে যুক্তরাষ্ট্র সব সময়ই কথা বলে। কিন্তু এসব কথার আড়ালে বা সমান্তরালে যে সত্য থাকে, সেটি হলো তাদের ভূরাজনৈতিক স্বার্থ।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে সাম্প্রতিক কালে বিএনপি নেতৃত্ব রাজনৈতিক কর্মসূচিতে কিছুটা হলেও নতুনত্ব এনেছে। তাদের শান্তিপূর্ণ কর্মসূচি শহর ছাড়িয়ে ইউনিয়ন পর্যন্ত বিস্তৃত হয়েছে এবং তাতে মানুষের সাড়াও মিলেছে।



অবস্থা এমন দাঁড়িয়েছে যে বিএনপি যেদিনই কর্মসূচি নেয়, আওয়ামী লীগও সেদিন প্রায় একই ধরনের কর্মসূচি নিয়ে মাঠে থাকে। এর পক্ষে আওয়ামী লীগ নেতারা যেসব যুক্তি দেখান, সেটাও হাস্যকর। সরকারের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কি এতটাই দুর্বল যে বিএনপি-জামায়াতের কথিত সন্ত্রাস নৈরাজ্য মোকাবিলা করতে পারে না?

ভবিষ্যতে যদি বিএনপি হরতাল অবরোধের মতো কঠিন কর্মসূচি দেয়, তাহলে আওয়ামী লীগও কি তাকে অনুসরণ করবে? এই মুহূর্তে আওয়ামী লীগ ও বিএনপির ঝগড়া তো নির্বাচনী ব্যবস্থা নিয়ে। আমাদের এত বড় বড় বিজ্ঞ নেতা নেত্রী আছেন, কিন্তু ৫২ বছরে নির্বাচনটা কীভাবে হবে, সেটা ঠিক করতে পারলেন না। বিরোধী দলে থাকতে তাঁরা বলেন তত্ত্বাবধায়ক সরকারের মতো এত ভালো ব্যবস্থা আর হয় না। কেউ কেউ এই ব্যবস্থা বিদেশে রপ্তানি করার কথাও বলেছিলেন। ক্ষমতায় গিয়ে আবার সেই নেতারাই বলেন, তত্ত্বাবধায়ক ব্যবস্থার নামই নেওয়া যাবে না; এটি সর্বোচ্চ আদালত বাতিল করেছেন। কিন্তু আদালত সংক্ষিপ্ত আদেশে বলেছিলেন, সংসদ চাইলে দুটি নির্বাচন এ ব্যবস্থায় হতে পারে। নেতারা সংবিধানের ব্যাখ্যাও তো নিজেদের সুবিধা অনুযায়ী দেন।

বিএনপি সরকার যখন চতুর্দশ সংশোধনী করে বিচারপতিদের বয়স বাড়িয়ে দিয়েছিল, আওয়ামী লীগ তার বিরোধিতা করেছিল। আমরা মনে করি, সেই বিরোধিতা ন্যায়সংগত ছিল। এখন আওয়ামী লীগ পঞ্চদশ সংশোধনীর ক্ষেত্রে উচ্চ আদালতের দোহাই দিলেও ষোড়শ সংশোধনী বাতিলের বিষয়ে উচ্চ আদালত যে রায় দিয়েছেন, সে সম্পর্কে কিছু বলে না।

সরকারের দমননীতি ও সরকারি দলের পাল্টা কর্মসূচি সত্ত্বেও সাম্প্রতিক কালে বিএনপির কর্মসূচিগুলোতে লোকসমাগম বেড়েছে। এটাকে দলের নেতারা আন্দোলনের সাফল্য হিসেবে দেখছেন। কিন্তু এ সাফল্যকে তাঁরা চূড়ান্ত পর্যায়ে নিয়ে যেতে পারবেন কি? বিএনপির ভাষায় চূড়ান্ত ফয়সালা মানে নির্বাচনের আগে সরকারের পদত্যাগ এবং নির্দলীয় সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর।

নির্বাচনের মাত্র পাঁচ মাস বাকি। নির্বাচন কমিশন জানিয়ে দিয়েছে, আগামী অক্টোবরের শেষে অথবা নভেম্বরের শুরুতে জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে। এর মধ্যে বিএনপির নেতারা যাকে রাজপথের ফয়সালা বলছেন, সেটি করার প্রস্তুতি তাদের আছে কি? দেশে গণতান্ত্রিক অধিকার সংকুচিত, পাচারদুর্নীতি বেড়েছে। দ্রব্যমূল্যের চাপে পিষ্ট সাধারণ মানুষ সরকারের ওপর ক্ষুব্ধ, সন্দেহ নেই। কিন্তু সেই ক্ষোভকে বিরোধী দল কতটা কাজে লাগাতে পারবে?

শান্তিপূর্ণ কর্মসূচিতে যেভাবে মানুষের সমর্থন পাওয়া গেছে, চূড়ান্ত ফয়সালায় সেটা পাওয়া যাবে কি না, সেই প্রশ্নও আছে। ২৯ জুলাইয়ে ঢাকার প্রবেশপথে বিএনপির অবস্থান কর্মসূচিকে মানুষ দেখেছে দুই পক্ষের সংঘাত হিসেবে। তারা নিজেরা সরাসরি কোনো পক্ষ হতে চায়নি।

আন্দোলনের কর্মসূচি নিয়ে বিএনপিতে দুটি ধারা সব সময়ই ছিল। গত বছর ১০ ডিসেম্বরের আগে দলের অধিকাংশ নেতা সরকারের প্রস্তাব অনুযায়ী সোহরাওয়ার্দী উদ্যানে সমাবেশ করতে রাজি থাকলেও কট্টরপন্থীদের জন্য পারেননি। কট্টরপন্থীরা সে সময়ই সরকারের বিরুদ্ধে সমুখসমরে নামার ঘোষণা দিয়েছিলেন।

এবারও বিএনপির কোনো কোনো নেতা মনে করেন, দু চারটি গরম কর্মসূচি দিলেই গণ-অভ্যুত্থানের পরিস্থিতি তৈরি হবে। তাঁদের যুক্তি হলো, যুক্তরাষ্ট্র যেভাবে সরকারের ওপর চাপ সৃষ্টি করছে, তাতে তাদের পদত্যাগ করা ছাড়া উপায় নেই। বিএনপি এক দফা কী করে আদায় করবে, দলের একাধিক নেতার কাছে প্রশ্ন করেছিলাম। উত্তরে তাঁরা বলেছেন, দেখুন না কী হয়। এর মাধ্যমে তাঁরা আমেরিকার নতুন কোনো নিষেধাজ্ঞার ইঙ্গিত দিয়েছেন।

বাংলাদেশে অতীতে কোনো আন্দোলনে কোনো সরকারই সহজে পদত্যাগ করেছে, এমন নজির নেই। প্রশাসন থেকে শুরু করে সব রাজনৈতিক ও সামাজিক শক্তি বিরুদ্ধে গিয়েছিল বলে নব্বইয়ে হুসেইন মুহম্মদ এরশাদ পদত্যাগ করতে বাধ্য হয়েছিলেন। ১৯৯৬ সালে আওয়ামী লীগ, বাম, জাতীয় পার্টি, জামায়াতে ইসলামীসহ সব দলের বিরোধিতা সত্ত্বেও খালেদা জিয়া ১৫ ফেব্রুয়ারি একতরফা নির্বাচন করে ফেলেছিলেন। পরে প্রশাসন সমর্থন তুলে নেওয়ায় তাঁকে পদত্যাগ করতে হয়। ২০০৬ সালে আওয়ামী লীগের নেতৃত্বে মহাজোটের 'লগিবইঠার' আন্দোলনও ইয়াজউদ্দিন আহম্মেদের তত্ত্বাবধায়ক সরকারকে ২২ জানুয়ারির নির্বাচন থেকে বিরত রাখতে পারেনি। পরে এক এগারোর পটপরিবর্তনের কারণে সেই নির্বাচন বাতিল হয়ে যায়।

বিএনপি যদি মনে করে যুক্তরাষ্ট্র চাপ দিয়ে কিংবা নিষেধাজ্ঞা আরোপ করে আওয়ামী লীগকে ক্ষমতা থেকে সরিয়ে দেবে এবং তাদের ক্ষমতায় নিয়ে আসবে, সেটা বাস্তবতাবিবর্জিত বলেই মনে করি। এমনকি নির্বাচনের আগে মার্কিন ভিসা নীতি কার্যকর হওয়ার সম্ভাবনাও কম। গণতন্ত্র, সুষ্ঠু নির্বাচন ও মানবাধিকার নিয়ে যুক্তরাষ্ট্র সব সময়ই কথা বলে। কিন্তু এসব কথার আড়ালে বা সমান্তরালে যে সত্য থাকে, সেটি হলো তাদের ভূরাজনৈতিক স্বার্থ।


বিদেশি শক্তির ওপর ভরসা করে যদি বিএনপি এক দফার আন্দোলন করে থাকে, সেটা ভুল হবে। দেশের মানুষের ওপরই তাদের ভরসা করতে হবে।

সোহরাব হাসান প্রথম আলোর যুগ্ম সম্পাদক ও কবি

> সম্প্রতি ওয়াশিংটনভিত্তিক ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউটের (আইআরআই) জরিপেও পরস্পরবিরোধী সব তথ্য বেরিয়ে এসেছে। দেশের ৬৩ শতাংশ মানুষের সমর্থন আছে বিরোধী দলের প্রতি। আবার ৭০ শতাংশ মানুষ বলেছেন, সরকারপ্রধান হিসেবে শেখ হাসিনা ভালো করেছেন।



১৫ আগস্ট জাতীয় শোক দিবস



১৫ আগস্ট ২০২৩, মঙ্গলবার

বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম মৃত্যুবার্ষিকীতে
তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনায়

দোয়া মাহফিল ও তবারক বিতরণ

স্থান: ৩৭-২২, ৭৩ স্ট্রিট (নবান্ন রেস্টুরেন্টের সামনে), সময়: দুপুর ৪টা থেকে রাত ১০টা

সভাপতি	আহ্বায়ক	সদস্য সচিব	সাধারণ সম্পাদক
সাকিল মিয়া	মীর নিজামুল হক	সোহেল গাজী	মো. আলম নমি

যুগ্ম আহ্বায়ক: মো. এ আজাদ, মিয়া মোঃ দুলাল, আব্দুল মালেক, ও আব্দুল হামিদ, পরিচালনায়: শাহ নেওয়াজ যুগ্ম সদস্য সচিব: হাজী এনাম, মো. মাহবুব রহমান ও ডিউক খান

তত্ত্বাবধায়নে: শাহ জে চৌধুরী প্রধান সমন্বয়কারী: মইনুল ইসলাম প্রধান পৃষ্ঠপোষক: আসেফ বারী টুটুল

চেয়ারম্যান: মামুন মিয়াজী চেয়ারপারসন: বিপ্লব সাহা কো-চেয়ারপারসন: সাখাওয়াত বিশ্বাস
পৃষ্ঠপোষক: নুরুল আজিম, ফাহাদ সোলায়মান, তারেক হাসান খান, এটর্নি মঈন চৌধুরী, জেড আর চৌধুরী (লিটু), ও আহসান হাবিব

সহযোগিতায়: মঈনুল ইসলাম, শাহ জে চৌধুরী, বারী হোম কেয়ার, আশরাফুল আলম খোকন, হাজী এনাম, ডেরা রেস্টুরেন্ট, মেসবাহ আবেদীন, শেখর কৃষ্ণ, ডা. ফেরদৌস খন্দকার, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন, সি কে (অভি) , মনসুর চৌধুরী, প্রিমিয়াম সুইটস, মামা'স রেস্টুরেন্ট, নুরুল আমিন বাবু, নুরুজ্জামান সরদার, ফরহাদ রেজা, নিলুফা শিরিন, হাসান জিলানী, মোহাম্মদ আলী, মোঃ কে. ভূইয়া, গোলাম হাসান, রফিকুল ইসলাম, আক্তার ভূঁইয়া, আকতারুর রহমান মামুন, রনি, মোঃ কামরুজ্জামান, মোঃ জাহিদ মিয়া, মোঃ শাজের উদ্দিন, সাঈদ খান, রাজু আহমেদ, মফিজুর রহমান, জেবিবিএ, হাসান মাহমুদ সোহেল, মো: লুৎফুর রহমান চুন্নু, আলমগীর হোসেন, মোঃ আশরাফুল আজিজ, মোঃ জহিরুল ইসলাম, মোঃ আব্দুর রহিম ভূইয়া, মোঃ আবু তাহের, মোঃ আনোয়ার হোসেন (অনু), আহাদ ভূঁইয়া, ডা. তৌহিদ শিবলী ও গোল্ডেন এইজ হোম কেয়ার।

উপদেষ্টা পরিষদ: হারুন ভূঁইয়া, মো: মহিউদ্দিন দেওয়ান, জয়নাল আবেদিন, রাশেদ আহমেদ, ইশতিয়াক রুমী, সিরাজুল হক কামাল, মহসিন নবী, কামরুজ্জামান কামরুল, প্রদীপ সাহা, কাজী শামসুদ্দোহা, মনসুর চৌধুরী, মোঃ পিয়ার, মোল্লা মাসুদ, রফিকুল আহমেদ, ইকতারুজ্জামান রতন, মোঃ কবির রতন, বিদ্যুৎ দাস, জে মোল্লা সানি, এলিন রহমান, দেবাশীষ দাস বব, শফিউদ্দিন মিয়া, শাহাদাৎ হোসেন।

সার্বিক সহযোগিতায়: মোঃ মানিক বাবু, শেখ সোমান পলাশ, আসাদুল ইসলাম আসাদ, মোঃ হাসনাত হাসান, শামস জনি, শাহীন চৌধুরী, আফতাব জনি, আকরাম হোসেন বিপ্লব, নিহার সিদ্দিকী, আলমগীর খান আলম, মোঃ সায়েম উল্লাহ, মুক্তা মিয়া, গোপাল সান্যাল, ওয়াসীম, নাঈ মিয়া, গনেশ কীর্তণীয়া, মোঃ রাদবি, শাহরিয়ার হোসেন, শোভন, কবির চৌধুরী জসী, কামরুজ্জামান বকুল ও মতিন।

ফটোগ্রাফি: নিহার সিদ্দিকী

আয়োজনে-

জ্যাকসন হাইটস এলাকাবাসী

Federation of Bangladeshi Associations in North America
FOBANA

৩৭তম ফোবানা সম্মেলন ২০২৩

টরন্টো, কানাডা

অনুভবে চেতনায়
আমাদের বাংলাদেশ



পবন দাস বাউল
বেবি নাজনীন
মমতাজ
সেলিম চৌধুরী
বিন্দু কনা
প্রতিক হাসান
তাহমিনা মিম
তানজিন তিশা

37TH FOBANA CONVENTION

GRAND SPONSORS

CONVENOR
RUSSEL RAHMAN
(647) 886-6427
MD HASAN
(416) 832-9487

SEPTEMBER
1, 2 & 3

DON VALLEY HOTEL
EGLINTON & DON VALLEY PARK HIGHWAY CORNER
TORONTO

Chairman : Giash Ahmed
Chief Advisor : Mahbub Rob Chiwdhury
Chairman Host Committee : Syed Shamsul Alam
Vice Chairman : Azim Dewan
Executive Secretary : Khokon Rahman

বাংলাদেশ, কানাডা ও
আমেরিকার জনপ্রিয়
শিল্পীদের নিয়ে মনমাতানো
সাংস্কৃতিক অনুষ্ঠান

তিন দিনব্যাপী থাকছে
রকমারি স্টল | ট্যালেন্ট শো | ফ্যাশন শো | সেমিনার | কাব্য জলসা | মেগা কনসার্ট

আয়োজনে ঃ বাংলাদেশ সোসাইটি এস সি

For Hotel Reservation and Direction: +1 416 299 1500







নিউজার্সীর বাসিন্দা বিশিষ্ট কমিউনিটি নেতা গোলাম ইসপানি মাছুম চৌধুরীর ছেলে গোলাম ইকরাম চৌধুলী সাথে মৃত্যু আব্দু রৌপ চৌধুরীর মেয়ে সুন্না তফাদার চৌধুরীর বিবাহ অনুষ্ঠিত। এতে কমিউনিটির গন্যমান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থি থেকে বর-কনেকে আর্শিবাদ করেন।

শ্রেষ্ঠ ফোবানা সম্মেলন হবে এবার টরন্টোয়

(প্রথম পাতার পর)

আয়োজনটি হবে স্মরণকালের শ্রেষ্ঠ মহা সম্মেলন। এম-নটাই প্রত্যাশা ব্যক্ত করেছেন ফোবানা স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান গিয়াস আহমেদ।

তিনি বলেছেন, ১ সেপ্টেম্বর শুক্রবার রাতে ফোবানা সম্মলনের উদ্বোধন এবং গালা নাইট হবে শত শত শিল্পী এবং অতিথিদের সম্মানে। টরন্টো সিটি হল থেকে অনুমোদন নিয়ে সেপ্টেম্বরের ২ এবং ৩ তারিখে চারটি সড়ক বন্ধ করে ওপেন কনসার্ট অনুষ্ঠিত হবে। এছাড়াও আয়োজনে থাকবে, সেমিনার এবং সাংস্কৃতিক অনুষ্টান। দেশের শ্রেষ্ঠ শিল্পী এবং কলা কুশলীরা আসবেন সে অনুষ্ঠানে অংশ নিতে।

গিয়াস আহমেদ জানান, এবারের ফোবানা সম্মেলনে বেবী নাজনীন, মমতাজ, পবন দাস বাউল, সেলিম চৌধুরী, প্রতিক হাসান, তাহসিনা মিম , বিন্দু কনষ , অভিনেত্রী তানজিন তিশসহ এক ঝাঁক শিল্পীর সমাবেশ ঘটবে।

তিনি আরো বলেন, বাংলাদেশ এবং প্রবাসী বাংলাদেশিদের সাথে মেলবন্ধনের মাধ্যমে দেশীয় সংস্কৃতি, আচার ও রীতি এবং ব্যবসা বাণিজ্যের প্রসারই হবে এবারের মহা সম্মেলনের মূল লক্ষ্য।

এবারের সম্মেলনের হোস্ট সংগঠন হচ্ছে টরেন্ট শহররে ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ সোসাইটি। যারা ইতিপুর্বে দুই দুই বার সফল ফোবানা সম্মেলন করেছে। আগামী শনিবার ১২ আগস্ট সন্ধ্যা ৭ টায় জ্যাকসন হাইটসের নবান্ন রেষটুরেনটে হোস্ট কমিটির এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হবে বলেও জানান গিয়াস আহমেদ।

অবসর প্রাপ্তদের স্বাস্থ্যসেবা বাতিলে

(প্রথম পাতার পর)

সিদ্ধান্তের বিরুদ্ধে তাদের করা আপিলের পক্ষেই রায় দিয়েছেন নিউইয়র্কের একটি আদালত। এতে স্বাস্থ্য সেবার কভারেজে অবসর প্রাপ্তদের জন্য পুরোনো ব্যবস্থাই বহাল থাকলো। মেয়র এরিক অ্যাডামস অবশ্য চেয়েছিলেন এই কভারেজ বাতিল করতে।

বিচারক লাইল ফ্র্যাঙ্কের জারিকৃত আদেশ মতে, অবসরপ্রাপ্ত ও তাদের ওপর নির্ভর করে থাকা পরিবারের সদস্যরা আগের মতোই স্বাস্থ্যবীমার আওতায় স্বাস্থ্যসুবিধা পাবেন।

এর এক মাস আগে নগর কর্তৃপক্ষ অবসরপ্রাপ্তদের প্রচলিত স্বাস্থ্যসেবা থেকে সরিয়ে ব্যক্তিখাতে স্বাস্থ্যসেবায় নেওয়ার উদ্যোগ নেয়।

নগর বলছিলো, নতুন এই পরিকল্পনা আরও বাড়তি সু-বিধা নিয়ে আসবে অবসরপ্রাপ্তদের জন্য। যেমন তারা ফিটনেস প্রোগ্র্যাম ও পরিবহনসুবিধা পেতেন। আর এই সিদ্ধান্ত বাস্তবায়ন করা গেলে নগর কর্তৃপক্ষেরও কয়েক মিলিয়ন ডলার বেঁচে যেতো।

কিন্তু অবসরপ্রাপ্তরা এই কথায় রাজি ছিলেন না। তারা প্রচলিত ব্যবস্থামতেই তাদের স্বাস্থ্যসেবা চাইছিলেন। আর সেই প্রত্যাশা থেকে নতুন পরিকল্পনার বিরুদ্ধে মামলা ঠুকে দেন। তাদের মতে, এমন সিদ্ধান্ত বাস্তবায়ন করা হলে তা অবসরপ্রাপ্তদের স্বাস্থ্যসেবা অনিশ্চিয়তায় পড়ে যাবে।

অবসরপ্রাপ্তদের এই আন্দোলনে তাদের সঙ্গে ছিলেন নগরীর সবচেয়ে বড় মিউনিসিপ্যাল ইউনিয়ন ডিসি-৩৭। এর আগে নিউইয়র্কের ২৫০,০০০ অবসরপ্রাপ্তের স্বাস্থ্যেসবা বেসরকারি খাতে ছাড়তে নগরের একটি পরিকল্পনা আটকে দিয়েছিলেন ম্যানহাটনের একজন বিচারক। পরিকল্পনামাফিক আসছে শরতে অবসরপ্রাপ্তদের স্বাস্থ্যসেবার একটি ব্যক্তিগত ভারসন চালু হওয়ার কথা ছিলো। এর আগে অবসরপ্রাপ্তদের একটি গ্রুপের দায়ের করা আবেদনের পরিপ্রেক্ষিতে শেষ কর্মদিবসে তা সাময়িত স্থগিত করেন আদালত।

অবসরপ্রাপ্তদের যুক্তি মেয়র অ্যাডামসের নেওয়া উদ্যোগ তাদের স্বাস্থ্যসেবার সুযোগটাই শেষ করে দেবে। এবং তার নতুন এই মেডিকেয়ার অ্যাডভ্যান্টেজ পরিকল্পনা প্রচলিত আইনের পরিপন্থি। এটনা নামের একটি প্রতিষ্ঠান এই স্বাস্থ্যসেবার দায়িত্ব পাওয়ার কথা রয়েছে।

সিটি আগে থেকেই বলে আসছে এই নতুন উদ্যোগ সেবার সুযোগ বাড়াবে ও ব্যায় কমাবে।

সিটি কাউন্সিলের কমন সেন্স ককাস এক বিবৃতিতে বলেছে, অবসরপ্রাপ্তদের মেডিকেয়ার অ্যাডভ্যান্টেজ কর্মসূচিতে পাঠানো হলে তা অপূরণীয় ক্ষতির কারণ হবে।

এ কারণেই কমন সেন্স ককাস আইনি ব্যবস্থার পক্ষে একটি অ্যামিকাস ব্রিফও উপস্থাপন করেছে, বলা হয়েছে এই বিবৃতিতে। এতে বলা হয়েছে, "আমরা নগর প্রশাসন ও ইউনিয়ন নেতাদের আহ্বান জানাচ্ছি তারা যেনো আলোচনার টেবিলে বসে এই অবসরপ্রাপ্তদের সঠিক স্বাস্থ্যসেবাটাই নিশ্চিত করেন।৮

মিউনিসিপ্যাল লেবার কমিটির চেয়ারম্যান হ্যারি নেসপলি এই সিদ্ধান্তকে "হতাশাজনক" বলে উলেখ করেছেন।

এক বিবৃতিতে তিনি বলেন, আমরা নগরের সকল কর্মী ও অবসরপ্রাপ্তদের জন্য উচ্চ মানসম্পন্ন ও প্রিমিয়াম ফ্রি স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে বদ্ধপরিকর।

মৌলভীবাজারে অপারেশন হিল সাইড, গ্রেপ্তার ১০

(প্রথম পাতার পর)

বিপুলসংখ্যক সদস্য ঘিরে রাখে। হঠাৎ করে বি-পুলসংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর আনাগোনা ও বাড়তি সতর্ক পাহারায় পুরো এলাকাজুড়ে স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক দেখা দেয়। শনিবার ভোর থেকে সকাল ১০টা পর্যন্ত অতিরিক্ত পুলিশ কমিশনার সিটিটিসি প্রধান মোহাম্মদ আসাদুজ্জামানের নেতৃত্বে সিটিআই বিভাগের একটি টিম সোয়াট ওই বাড়িতে 'অপারেশন হিল সাইড' পরিচালনা করেন। ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের ওই অভিযানে ৪ জন পুরুষ ও ৬ জন নারীকে আটক করা হয়। এ সময় ওদের ৩ শিশুকে হেফাজতে নেয়া হয়। অভিযানে মৌলভীবাজার জেলা পুলিশ সার্বিক সহায়তা প্রদান করে। ঘটনাস্থল থেকে ২.৫ কেজি বিস্ফোরক, ৫০টি ডেটোনেটর, প্রশিক্ষণ ম্যানুয়াল, জিহাদি বই, কমান্ডো বুটসহ অন্য প্রশিক্ষণ সরঞ্জামাদি, ছুরি-রামদাসহ ধারালো অস্ত্র এবং নগদ ৩ লাখ ৬১ হাজার টাকা ও স্বর্ণালঙ্কার উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত বোমা ও ডেটোনেটর আসকরাবাদ খেলার মাঠে নিষ্ক্রিয় করা হয়।

শনিবার দুপুরে জেলা পুলিশের প্রেস উইং থেকে গণমাধ্যমে পাঠানো বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। আটককৃতরা হলো-শরীফুল ইসলাম (৪০), পিতা-ওমর আলী, গ্রাম-দক্ষিণ নলতা, থানা ও জেলা-সাতক্ষীরা, হাফিজ উল্লাহ (২৫), পিতা-আবুল কাশেম, গ্রাম-কানলা, থানা-ইটনা, জেলা-কিশোরগঞ্জ। খায়রুল ইসলাম (২২), পিতা-নজরুল ইসলাম, গ্রাম-রসুলপুর, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ রাফিউল ইসলাম (২২), পিতা-সাই-ফুল ইসলাম, গ্রাম-মাইজবাড়ী, থানা-কাজীপুর, জেলা-সিরাজগঞ্জ, মেঘনা (১৭), স্বামী-খায়রুল ইসলাম, গ্রাম-রসুলপুর, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ, আবিদা (১২ মাস), পিতা-খায়রুল ইসলাম, মাতা-মেঘনা, গ্রাম-রসুলপুর, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ, শাপলা বেগম (২২), পিতা-মজনু মল্লিক, গ্রাম-শ্রীপুর, থানা-আটঘরিয়া, জেলা-পাবনা, জুবেদা (১৮ মাস), পিতা-আ. ছত্তার, মাতা-শাপলা বেগম, গ্রাম-শ্রীপুর, থানা-আটঘরিয়া, জেলা-পাবনা, হুজাইফা (৬), পিতা-আ. ছত্তার, মাতা-শাপলা বেগম, গ্রাম-শ্রীপুর, থানা-আটঘরিয়া, জেলা-পাবনা, মাইশা ইসলাম (২০), পিতা-সাইদুল ইসলাম, স্বামী- সোহেল তানজীম রানা, গ্রাম-চাঁদপুর, থানা ও জেলা-নাটোর মোছা. সানজিদা খাতুন (১৮), পিতা-আব্দুল জলিল, স্বামী-সুমন মিয়া, গ্রাম-নিজবলাই, থানা-শরিয়াকান্দি, জেলা-বগুড়া। আমিনা বেগম (৪০), পিতা-জলমত খাঁ, স্বামী-শফিকুল ইসলাম, গ্রাম-দক্ষিণ নলতা, থানা-তালা, জেলা-সাতক্ষীরা। মোছা. হাবিবা বিনতে শফিকুল (২০), পিতা-শফিকুল, মাতা-আমিনা বেগম, গ্রাম-দক্ষিণ নলতা, থানা-তালা, জেলা-সাতক্ষীরা।

শনিবার সকালে 'অপারেশন হিল সাইড' অভিযান শেষে পুলিশের এই বিশেষায়িত ইউনিটের (সিটিটিসি) প্রধান মোহাম্মদ আসাদুজ্জামান সাংবাদিকদের জানান, কুলা-উড়ার জঙ্গি আস্তানায় অভিযানে শিশুসহ আটক ১৩ জনের বাড়ি দেশের বিভিন্ন এলাকায়। তিনি বলেন, আমাদের কাছে তথ্য ছিল নতুন একটি উগ্রবাদী সংগঠন ব্যাপক সংখ্যক লোকদের উগ্রবাদের দীক্ষা দিচ্ছে। সেসব লোকজন হিজরতের জন্য ঘর থেকেও বের হয়েছেন। শুরুতে আমাদের কাছে তথ্য ছিল মৌলভীবাজারের যেকোনো একটি পাহাড়ে তারা তাদের আস্তানাটি তৈরি করেছে। বৃহস্পতিবার আমরা চূড়ান্ত তথ্য পাই। তিনি বলেন, ঢাকায় আমরা একজনকে গ্রেপ্তার করেছি যিনি এই জঙ্গি আস্তানা থেকে তার পরিবারকে আনার জন্য গিয়েছিলেন। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এটি নতুন একটি সংগঠন, এর নাম 'ইমাম মাহমুদ কাফেলা'।

বাংলাদেশে যেসব নিষিদ্ধ জঙ্গি সংগঠন আছে সেগুলোর বাইরে এটি একটি নতুন সংগঠন। এই সংগঠনের যে মূল ব্যক্তি তার নামও আমরা পেয়েছি। আশা করি, তার পর্যন্ত পৌঁছাতে আমরা সক্ষম হবো। প্রেস বিফিংয়ের সময় মৌলভীবাজারের পুলিশ সুপার মো. মনজুর রহমান পি-পিএম (বার), অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) মহসীন, কুলাউড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুস ছালেকসহ জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এলাকাবাসী জানান, অভিযানে আটককৃতরা ২ মাস আগে ওখানে কাতার প্রবাসী রশিদ আলীর কাছ থেকে ৩০ শতাংশ জায়গা ক্রয় করেন। ওই টিলার গাছপালা কেটে ৩টি টিনশেড বসতঘর তৈরি করেন তারা। ওখানে প্রথমে দুটি পরিবার আসলেও পরে আরও দুই-তিনটি পরিবার আসে। ওই এলাকায় এরা নতুন আসায় তাদের সম্পর্কে বিস্তারিত জানার সুযোগ হয়নি স্থানীয় বাসিন্দাদের। তবে প্রতিবেশীরা বলছেন, তাদের কাছে ওরা বলেছেন নদীভাঙনে তাদের ঘরবাড়ি বিলীন হওয়ায় তারা ওখানে এসেছেন। এরা স্বাভাবিক চলাফেরা করতো এবং প্রতিবেশীদের সঙ্গেও মিশতো। পাহাড়ি টিলাবেষ্টিত ওই এলাকাটিও অনেকটাই ঘন বসতিপূর্ণ।





হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

- বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
- অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

নিউইয়র্ক ছাড়তে নগরবাসীর পছন্দের শীর্ষ ১০ শহর

ম্যানহাটনের লিভিং কস্ট গড়পড়তার ১৩৭% বেশি

বাংলা পত্রিকা ডেস্কঃ আমেরিকানদের জীবন যাপনে সবচেয়ে ব্যয়বহুল নগরের একটি নিউ ইয়র্ক। তা সত্ত্বেও বিশ্বের নানা দেশ থেকে বিশ্বের রাজধানীখ্যাত নিউ ইয়র্কেই আসে অনেক মানুষ। অগুনতি মানুষের গন্তব্য হয়ে ওঠায় নিউইয়র্কের জীবন যাত্রার ব্যয় সকল মাত্রা ছাড়িয়েছে। বাড়িভাড়া বাড়ছে হু হু করে। আর এই ব্যয়ের চাপে অনেক মানুষ আবার ছেড়ে যাচ্ছে নিউ ইয়র্ক। ডিজিটালের কল্যাণে ওয়ার্ক ফ্রম হোম এর সুযোগ নিয়ে অনেকেই ঘর বাঁধছেন দূরে কোথাও। একটি রিপোর্টে দেখানো হয়েছে গেলো জুনে নিউইয়র্কের ম্যানহাটনে নতুন কোনো বাড়ি লিজ হলে তার মাসিক কিস্তি কিংবা ভাড়া পড়ছে গড়ে ৫,৪৭০ ডলার। নিউ ইয়র্কারদের শহরটি ছাড়ার এর চেয়ে বড় আর কোনো কারণ হতে পারে না।

স্ট্রিটইজ্জির নতুন একটি প্রতিবেদন মতে, নিউইয়র্ক সিটির অধিকাংশ বাসিন্দাই এখন এই ব্যস্ত ও হুলুড়ে নগরীটি ছেড়ে যেতে চান। আর এ জন্য তারা অন্য কিছু জনপ্রিয় নগরের দিকেই বেশি নজর দিচ্ছেন। তার সঙ্গে তারা দেখছেন তা কতটা সামথ্রের মধ্যে রয়েছে।

জরিপে নিউইয়র্কারদের পছন্দের নগরগুলোর একটি তালিকা তুলে আনা হয়েছে। শীর্ষ দশ নগরের তালিকায় ফ্লোরিডারই রয়েছে তিনটি নগর। যার মধ্যে প্রথমেই রয়েছে মায়ামি। অপর দুই নগর টাম্পা ও অরল্যান্ডোও রয়েছে শীর্ষ ১০ এ।

ক্যালিফোর্নিয়ার লস এঞ্জেলসও রয়েছে এই তালিকায়। জরিপ বলছে ম্যানহাটানে জীবন-যাত্রার খরচ যুক্তরাষ্ট্রের গড় খরচের চেয়ে ১৩৭% বেশি। আর মিয়ামিতে এই হার গড়ের চেয়ে ২৩% বেশি। ফ্লোরিডা এমন একটি স্টেট যেখানকার বাসিন্দাদের আয়কর দিতে হয়না।

সম্প্রতি মায়ামিতে বেশ কয়েকটি টেক কোম্পানি গড়ে উঠেছে, প্রতিষ্ঠিত হয়েছে কয়েকটি আর্থিক কোম্পানিও। যার মধ্যে রয়েছে এলিয়ট ম্যানেজমেন্ট গোল্ডম্যান সাচের মতো প্রতিষ্ঠান। এছাড়াও নগরীটি তার অনিন্দ্যসুন্দর সমুদ্র সৈকত, ওসান ড্রাইভ, লিটল হ্যাভানা ও নিকটবর্তী এভারগেডসের জন্য বিখ্যাত। আর এর নেইবারহুডগুলোও অপূর্ব সুন্দর।

শীর্ষ ১০ সিটি যেখানে নিউইয়র্কাররা যেতে চান-

- মায়ামি ফ্লোরিডা
- ফিলাডেলফিয়া, পেনসিলভানিয়া
- স্ট্যামফোর্ড, কানেটিকাট
- আটলান্টা, জর্জিয়া
- টাম্পা, ফ্লোরিডা
- বোস্টন, ম্যাসাচুসেটস
- অরল্যান্ডো, ফ্লোরিডা
- লস এঞ্জেলস, ক্যালিফোর্নিয়া
- ওয়াশিংটন ডিসি
- ইস্ট স্ট্রাউডসবার্গ, পেনসিলভানিয়া

ফিলাডেলফিয়া তালিকায় দ্বিতীয়। জরিপের ফল বলছে, ২০১৯-২০২০ সালে নিউইয়র্কের ম্যানহাটন, ব্রুকলিন ও কুইন্স থেকে ৪,৬০০ জন ফিলাডেলফিয়া স্থানান্তর করেছেন।

নিউইয়র্কে বসবাসে গড় বাড়িভাড়া ৩,৭৫০ ডলার। আর ফিলাডেলফিয়ায় তা ১,৬০৯ ডলার।

পেনসিলভানিয়ায় এখন ফরচুন ৫০০ কোম্পানির অনেকগুলোরই অবস্থান। টোল ব্রাদারস, বার্লিংটন স্টোরস এই অঙ্গরাজ্যে।

২০২২ সালে কানেটিকাটের গভনর্র নেড ল্যামোন্ট ব-ুমবার্গকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছিলেন, ইউএস পোস্টাল সার্ভিসের তথ্যমতে সে বছর যে ৫০,০০০ নি-উইয়র্কার কানেটিকাট গিয়েছিলেন তাদের অনেকেই এখন সেখানেই থেকে গেছেন এবং বাড়ি-ঘর কিনছেন।

কানেটিকাটে দ্বিতীয় বৃহত্তম জনবহুল শহর স্ট্যামফোর্ড। এবং ২০২৩ সাল নাগাদ এখানে ফরচুন ৫০০ কোম্পানির মধ্যে ৮টি তার স্থান গেড়েছে। যার মধ্যে রয়েছে চার্টার কমিউনিকেশন ও চিগনা। সিটি চেম্বার অব কমার্সের মতে নিউ ইয়র্ক সিটির বাইরে এটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ ফাইন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট।

স্কুলবাস চালকরা ধর্মঘটে যাচ্ছেন!

(প্রথম পাতার পর)

নিয়েও অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করেন ডেভিড ব্যাংকস।

তিনি বলেন, আমরা এখনই চূড়ান্ত কথা বলছি না, তবে সম্ভাবনা রয়েছে আমাদের স্কুল বষের্র শুরুতেই বাস ধর্মঘটের মুখে পড়তে হবে।

ট্রানজিট ইউনিয়নের সঙ্গে চুক্তি নিয়ে সমঝোতা না হলে এই ধর্মঘট অবশ্যম্ভাবী, প্যারেন্ট কাউন্সিলের প্রতিনিধিদের বলেন স্কুল চ্যান্সেলর।

আর সেটা ঘটলে নিউইয়র্কের ৮৫,০০০ থেকে ১৫০,০০০ শিক্ষার্থী, যাদের একটি বড় অংশই প্রাথমিক গ্রেডগুলোতে পড়ে, ও যাদের বিশেষ প্রয়োজন রয়েছে তাদের পড়তে হবে এই অনিশ্চয়তায়। আগামী দিনগুলোতে ধারণা করা যাবে পরিস্থিতি কোন দিকে গড়ায়, বলেন ডেভিড ব্যাংক।

তবে সমঝোতার সবশেষ অবস্থা নিয়ে জানতে চাওয়া হলে স্কুল মুখপাত্র নাথানিয়েল স্টায়ার কোনো মন্তব্য করতে রাজি হন নি।

ধর্মঘট হলে সম্ভাব্য বিকল্পগুলো নিয়েও কথা বলেন ডেভিড ব্যাংকস।

তিনি বলেন, বিভিন্ন পর্যায়েই সমঝোতার চেষ্টা চলেছে। ডিপার্টমেন্ট অব এডুকেশনের সঙ্গে বাস কোম্পানিগুলোর সমঝোতারও চেষ্টা চলছে।

সিটি কর্মকর্তারা সমঝোতা প্রক্রিয়া পর্যবেক্ষণ করছেন আর নতুন কোনো তথ্য পেলে তা তারা অভিভাবকদের জানাবেন, এমনটাই আশ্বাস দেন নাথানিয়েল।

তবে পূর্বসতর্কতা হিসাবে তারা যেসব বিকল্পের কথা ভাবছের তার মধ্যে রয়েছে শিক্ষার্থীদের জরুরি মেট্রোকার্ড সরবরাহ, বিকল্প পরিবহণ ব্যবহার করলে সেই অর্থ পরিশোধ কিংবা কোনো কোনো ক্ষেত্রে ফ্রি রাইডশেয়ার দেওয়ার পরিকল্পনা রয়েছে, এক বিবৃতিতে বলেন তিনি।

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

Flight

LOWEST PRICE CHALLENGE

GLOBAL

NY 1 TRAVELS, INC



MIRZA M ZAMAN

আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!

37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT

MyTechUSA

"YOUR DREAM BECOME TRUE"

Why "MyTechUSA"

- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING

Microsoft SQL Server ORACLE Azure mongoDB. NoSQL



Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com



Khalil Biryani House

খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট



সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত

2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884

1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840

www.KHALILSFOOD.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

(100% Scholarship for Training & Job Placement, Condition applied)

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

বাবরের ওপর অভিমান করে যা বললেন শোয়েব মালিক



ঢাকা ডেস্ক, ১২ আগস্ট : পাকিস্তানের সাবেক অধিনায়ক শোয়েব মালিক বলেছেন, যখন আমাকে পাকিস্তান দল থেকে বাদ দেওয়া হয়েছিল, তখন আমার পারফরম্যান্স এবং পরিসংখ্যান খুব ভালো ছিল। আমি টেস্ট এবং ওয়ানডে থেকে অবসর নিয়েছি এবং সেই ফরম্যাটে প্রত্যাবর্তনের আমার কোনও পরিকল্পনাও নেই। তবে, আমি টি-টোয়েন্টি দলে ফিরতে প্রস্তুত। যদি আমাকে ডাকা হয়।

তিন যুগ ধরে ক্রিকেট খেলে যাওয়া পাকিস্তানের এই অলরাউন্ডার আরও বলেন, আমি পাকিস্তানের বর্তমান অধিনায়ক বাবর আজম, জাতীয় দলের নির্বাচক এবং পিসিবির কাছ থেকে কোনও কিছু আশা করি না। কারও কাছ থেকে আমার কোনও রকম প্রত্যাশা নেই। আমি ফিট আছি এবং যতক্ষণ খেলা উপভোগ করব, ততক্ষণ খেলা চালিয়ে যাব।

শোয়েব মালিক ২০২১ সালের নভেম্বরে পাকিস্তানের হয়ে সবশেষ টি-টোয়েন্টি ম্যাচ খেলেছিলেন। বর্তমানে শ্রীলংকান প্রিমিয়ার লিগে জাফনা কিংসের হয়ে খেলছেন।

৫ অক্টোবর ভারতে শুরু হতে যাওয়া ওয়ানডে বিশ্বকাপ নিয়ে শোয়েব মালিক বলেছেন, বিশ্বকাপে অংশগ্রহণকারী সব দলই চাপের মধ্যে থাকবে এবং পাকিস্তানের ক্ষেত্রেও তাই হবে। তবে পাকিস্তান খুব ভালো খেলছে, এবং অনেক খেলোয়াড় বর্তমানে দারুণ ফর্মে রয়েছে। আমার আশা ওদের থেকে অনেক বেশি।

নেইমারকে রাখতে চায় না পিএসজিও



ঢাকা ডেস্ক, ১২ আগস্ট : কিলিয়ান এমবাপ্পের ক্লাব ছাড়ার চিঠির পর ভাবা হচ্ছিল নেইমারকে কেন্দ্র করেই পরিকল্পনা সাজাবে পিএসজি। কিন্তু সেই ভাবনা এখন অতীত। নেইমারও ক্লাব ছাড়ার ঘোষণা দিয়েছে।

ব্রাজিলিয়ান তারকার ক্লাব ছাড়ার এই সংবাদে বিপদেই পড়ার কথা পিএসজির। কিন্তু শোনা যাচ্ছে তার উল্টোটা। নেইমারকে ছাড়তে লিগ ওয়ান চ্যাম্পিয়নরাও নাকি রাজি। শুধু সাবেক বার্সেলোনা ফরোয়ার্ডই নন, আরও ৪ ফুটবলারকে ছাড়তে রাজি প্যারিসের ক্লাবটি।

এমনটিই দাবি করেছে ফ্রান্সের সংবাদমাধ্যম আরএমসি স্পোর্ট। সংবাদমাধ্যমটি জানিয়েছে, নেইমারসহ পাঁচ ফুটবলারের সঙ্গে আলাদা আলাদাভাবে আলোচনা করেছেন কোচ লুইস এনরিকে ও ক্লাবের ক্রীড়া পরিচালক লুইস ক্যাম্পোস। আলোচনায় তাদেরকে ক্লাব চায় না এমনটাও নাকি জানিয়ে দিয়েছে এনরিকে ও ক্যাম্পোস।

নেইমার বাদে পিএসজি আর যে ৪ জন ফুটবলারকে চাচ্ছেন না তারা হচ্ছেন মার্কো ভেরাত্তি, রেনাতো সানচেজ, হুগো একিতেকে, হুয়ান বের্নাত। এমনটা যদি সত্যি হয় তাহলে নতুন ক্লাব খুঁজতে হবে তাদেরকে।

মঙ্গলবার অনুশীলনেও দেখা যায়নি নেইমার ও ভেরাত্তিকে। এমনকি মৌসুম শুরুর আগে বুধবার খেলোয়াড়দের অফিশিয়াল ফটোসেশনেও এই দুজনকে রাখেনি পিএসজি। আর এমবাপ্পে তো প্রাক প্রস্তুতির মৌসুম থেকেই নেই ক্লাবের স্কোয়াড ও অনুশীলনে।

নেইমারের ক্লাব ছাড়ার ঘোষণার আগে থেকেই শোনা যাচ্ছিল সৌদি ক্লাব আল হিলালের সঙ্গে ব্রাজিলিয়ান তারকার গুঞ্জন। এবার শোনা যাচ্ছে বার্সেলোনায় আবারও ফিরতে পারেন তিনি। তবে আর্থিকভাবে বার্সা কতটা শক্তিশালী তাকে কেনার ব্যাপারে তা নিয়ে একটা যদি-কিন্তু রয়েছে। এই দুই ক্লাবের সঙ্গে এখন শোনা যাচ্ছে মেজর লিগ সকারেও যাওয়ার সম্ভাবনা রয়েছে নেইমারের। পিএসজি তারকার ভবিষ্যৎ কোথায় তা ঠিক না হলেও তার সতীর্থ ভেরাত্তির সৌদি প্রো লিগে যাওয়ার সম্ভাবনা বেশি।

লিটনের একাদশে নেই তামিম, আছেন সাকিব

ঢাকা ডেস্ক, ১২ আগস্ট : অবসর ভেঙে ফেরা, নেতৃত্ব ছেড়ে দেওয়া- গত কয়েক মাসে এসব নিয়ে বেশ আলোচনায় তামিম ইকবাল। এবার তামিমকে ছাড়াই নিজের পছন্দের সেরা একাদশ ঘোষণা করলেন লিটন দাস।

ঢাকার এক হোটেলে বৃহস্পতিবার হয়েছে মানিগ্রাম নামক ফাইন্যান্স সার্ভিসের প্রোগ্রাম। এ অনুষ্ঠানে ছিলেন লিটন। বাংলাদেশের এই ব্যাটারকে তার পছন্দের একাদশ নিয়ে জিজ্ঞাসা করা হয়েছে। লিটনের পছন্দের একাদশে সর্বোচ্চ তিন ক্রিকেটার শ্রীলংকার। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, অস্ট্রেলিয়ার দুজন করে ক্রিকেটার আছেন। পছন্দের একাদশে নিজেকেই অধিনায়ক ঘোষণা করেছেন লিটন। উইকেটরক্ষকের দায়িত্বও তিনি সামলাবেন।



লিটনের সঙ্গে বাংলাদেশি ক্রিকেটার আছেন সাকিব আল হাসান। এই দলে ওপেনিং করবেন সনাথ জয়সুরিয়া ও বীরেন্দর শেবাগ। টপঅর্ডারে ব্যাটিং করবেন শচীন টেন্ডুলকার।

স্পিন বোলিংয়ে সাকিবের সঙ্গে থাকছেন মুত্তিয়া মুরালিধরন ও শেন ওয়ার্ন। পেস বোলিংয়ের দায়িত্বে থাকছেন চামিন্দা ভাস, ওয়াসিম আকরাম ও শোয়েব আখতার। তামিম একাদশে আছেন কিনা- সেই কথা অনুষ্ঠানে অনেকবার জিজ্ঞেস করা হলেও লিটন কিছুই বলেননি।

কানাডার গোবাল টি-টোয়েন্টি লিগে লিটন খেলছেন সারে জাগুয়ার্সের হয়ে। সারে যেমন চ্যাম্পিয়ন হয়নি, লিটনও ছিলেন বিবর্ণ। আট ম্যাচ খেলে ব্যাটিংয়ের সুযোগ পেয়েছেন ৭ ম্যাচে। ২১.৭১ গড়ে করেছেন ১৫২ রান। একটা ফিফটি করেছেন টুর্নামেন্ট। স্ট্রাইকরেট ১০০.৬৬, যা টি-টোয়েন্টির সঙ্গে মানানসই নয়। কানাডার লিগ বেশ উপভোগ করেছেন বাংলাদেশের এই ব্যাটার, 'গোবাল টি-টোয়েন্টির সফরটা ভালো ছিল। অনেক দিন ধরে খেলেছি, পুরো টুর্নামেন্ট খেলার সুযোগ ছিল। আমি অনেক উপভোগ করেছি।'

লিটনের একাদশ: সনাথ জয়সুরিয়া, বীরেন্দর শেবাগ, শচীন টেন্ডুলকার, রিকি পন্টিং, লিটন দাস (অধিনায়ক ও উইকেটরক্ষক), সাকিব আল হাসান, ওয়াসিম আকরাম, শেন ওয়ার্ন, মুত্তিয়া মুরালিধরন, শোয়েব আখতার, চামিন্দা ভাস।

বিশ্বকাপের চার সেমিফাইনালিস্টের নাম জানালেন শেহবাগ

ঢাকা ডেস্ক, ১২ আগস্ট : ৫ অক্টোবর ভারতে শুরু হতে যাওয়া আইসিসি ওয়ানডে বিশ্বকাপে ভারত-পাকিস্তানসহ যে চার দল সেমিফাইনালে খেলতে পারে জানালেন বীরেন্দ্রর শেহবাগ।

ভারতের বিশ্বকাপজয়ী দলের সাবেক তারকা ক্রিকেটার শেহবাগ বলেন, আমাকে যদি বিশ্বকাপের চারটি সেমিফাইনাল দল বেছে নিতে বলা হয়, আমি অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, ভারত ও পাকিস্তানকে বেছে নেব।

ভারতীয় সাবেক এই তারকা ওপেনার আরও বলেন, বিশ্বকাপের সেমিফাইনালে অস্ট্রেলিয়া এবং ইংল্যান্ড অবশ্যই থাকবে। কারণ তারা অসাধারণ ক্রিকেট খেলে। তারা উপমহাদেশে ভালো ক্রিকেট খেলতে পারে।



আর্জেন্টিনাকে ১০-০ গোলে বিধ্বস্ত করল ব্রাজিল

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : আর্জেন্টিনা কিংবা ব্রাজিল কেউ কাউকে মাঠে যেমন ছাড় দিতে নারাজ, ঠিক তেমনি দর্শকরাও প্রতিপক্ষের সমর্থকদের দুয়োধ্বনি দিতে ভুল করেন না। এবার এই দুই চিরপ্রতিদ্বন্দ্বীর মহারণ দেখা গেল চলমান দক্ষিণ আমেরিকান অনূর্ধ্ব-২০ বিচ সকার চ্যাম্পিয়নশিপে।

টুর্নামেন্টটির গ্রুপ পর্বে নিজেদের শেষ ম্যাচে মুখোমুখি হয় ব্রাজিল-আর্জেনন্টিনা। যেখানে আলবিসেলেস্তেদের জালে গুনে গুনে ১০ গোল দিলেন সেলেসাওরা। দুর্দান্ত এই জয়ে পয়েন্ট টেবিলের শীর্ষ থেকে সেমিফাইনাল নিশ্চিত করে ব্রাজিল।

বৃহস্পতিবার বাংলাদেশ সময় মধ্যরাতে মুখোমুখি হয় ব্রাজিল-আর্জেন্টিনা অনূর্ধ্ব-২০ বিচ সকার দল। ম্যাচের শুরু থেকেই চিরপ্রতিদ্বন্দ্বীদের ওপর চড়াও হতে থাকে ব্রাজিল। শেষ পর্যন্ত আর্জেন্টিনার জালে ১০ বার বল জড়ায় ব্রাজিল। বিপরীতে একটি গোলও করতে পারেনি আর্জেন্টিনা।

১০ দলের এই টুর্নামেন্টে গ্রুপ 'বি'তে ছিল ব্রাজিল-আর্জেন্টিনা। ব্রাজিল নিজেদের চার ম্যাচের চারটিতেই জয় পায়। তবে আর্জেন্টিনার চার ম্যাচে জয় কেবল একটিতে।

চিলির ইকুইকে গত ৫ আগস্ট শুরু হয় দক্ষিণ আমেরিকান অনূর্ধ্ব-২০ বিচ সকার চ্যাম্পিয়নশিপ। টুর্নামেন্টটির পর্দা নামবে ১৩ আগস্ট ফাইনাল দিয়ে। ইতোমধ্যে শেষচার নিশ্চিত করেছে ব্রাজিল-চিলি ও প্যারাগুয়ে- কলম্বিয়া।

শনিবার ভোরে প্রথম সেমিতে মুখোমুখি হবে প্যারাগুয়ে-কলম্বিয়া। দ্বিতীয় সেমিফাইনালে লড়বে ব্রাজিল-চিলি।

লং আইল্যান্ডে সামাজিক কাজের জন্য
গোলাম ফারুক শাহীনকে সম্মাননা প্রদান



নিউইয়র্ক: নিউইয়র্কের লং আইল্যান্ডে স্ট্রিট মেলায় কমিউনিটিতে অবদান রাখার জন্য মূলধারার রাজনীতিবিদ গোলাম ফারুক শাহীনকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়েছে। লং আইল্যান্ডের ডিয়ার পার্ক আরভিং এভিনিউতে এক অনুষ্ঠানে তার হাতে ব্যাবিলন টাউন সুপারভাইজার রিচ শেফার্ড এই সম্মাননা স্মারক তুলে দেন। বিভিন্ন সামাজিক ও মানবিক কাজে গুরুত্বপূর্ণ অবদান রাখায় গোলাম ফারুক শাহীনকে এই সম্মাননা দেওয়া হয়।

এর আগে আরভিং এভিনিউতে গোলাম ফারুক শাহীনের তত্ত্বাবধানে স্ট্রিট মেলার আয়োজন করা হয়। মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাবিলন টাউন সুপারভাইজার রিচ শেফার্ড। আর বিশেষ অতিথি হিসেবে ছিলেন কাউন্সিলম্যান ডুরান গ্রেগরী, কাউন্সিলম্যান টেরেন্টসি ম্যাকসুইনীসহ অন্যরা।

এই নিয়ে দ্বিতীয়বার এই মেলার আয়োজন করেন গোলাম ফারুক শাহীন। উৎসবমুখর পরিবেশে অনেকে অংশ নেন এই মেলায়। লং আইল্যান্ডে দীর্ঘদিন যাবৎ নানা সামাজিক ও মানবিক কর্মকান্ডে জড়িত রয়েছেন শাহীন। তিনি কোভিড ১৯-এর সময় মানুষের মাঝে মাস্ক, স্যানিটাইজার ও খাবার বিতরন করেন। মৃত মানুষের দাফন-কাফন থেকে শুরু করে অন্যান্য কর্মকান্ডেও জড়িত ছিলেন তিনি। এসব মানবিক ও সামাজিক কাজে তিনি মানুষের প্রশংসা কুড়ান।

এছাড়া লংআইল্যান্ড মসজিদে বাংলাদেশীদের পক্ষথেকে সবচেয়ে বড় ইফতারের আয়োজন করে মূলধারার রাজনীতিবিদদের সম্পৃক্ত করেছিলেন তিনি। এইসব সামাজিক ও মানবিক কাজের স্বীকৃতিস্বরূপ ব্যাবিলন টাউন কতৃপক্ষ বোর্ড রেজুলেশনের মাধ্যমে সম্মাননা তুলে দেন গোলাম ফারুক শাহীনের হাতে।

সম্মাননা পাওয়ার পর এক প্রতিক্রিয়ায় গোলাম ফারুক শাহীন বলেন এই সম্মাননা শুধু আমার একার নয়, এটি লংআইল্যান্ডে বসবাসরত সব বাংলাদেশীর। এই সম্মাননা নতুন প্রজন্মের জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট
করুন
banglapartikausa.com

sunman express
global money transfer
Licensed as a Money Transmitter by the New York State Department of Financial Services.
Fast, Secure & Reliable Remittance
আরো একধাপ এগিয়ে UCB
SUNMAN GLOBAL EXPRESS CORP. partnership with UNITED COMMERCIAL BANK PLC
TOTAL BRANCHES 223
ATM 353
SUB BRANCHES 140
UCB UNITED COMMERCIAL BANK LIMITED
UPAY WALLET HOLDER 7 MILLION
AGENT BANKING OUTLETS 249
1 LAC ATM CRM 661
3% Incentive UCBL Cash
Pickup transaction (2.5%+.50Extra)
NO FEES
Cash Pickup
Bank Deposit
Mobile Wallet
bKash
উপায়
Remittance Partner
Agrani Bank Limited
Uttara Bank Limited
SBAC Bank Limited
JAMUNABANK
DHAKABANK LIMITED EXCELLENCE IN BANKING
aibl Al-Arafah Islami Bank Limited shariah based always
Southeast Bank Limited
SIBL Social Islami Bank Limited
UNITED COMMERCIAL BANK LIMITED | UCB
Sunman Global Express Corp.
Licensed as a Money Transmitter by the New York State Department of Financial Services.
HEAD OFFICE
3714 73rd Street (Suite-201),
Jackson Heights, NY-11372
Phone: 718-505-2224
JACKSON HEIGHTS BRANCH
37-17 74th Street (1st FL)
Jackson Heights, NY-11372
Phone: 718-565-5052
JAMAICA BRANCH
167-05 Hillside Ave.
Jamaica, NY-11432
Phone: 718-297-3443
ASTORIA BRANCH
29-24 36 Avenue
L.I.C, NY- 11106
Phone: 718-729-0600
www.sunmanexpress.com

DR. ABU ZAFAR MAHMOOD BECOMES KNIGHT OF ST. JOHN OF JERUSALEM



Dr. Sir Abu Zafar Mahmood, Global Peace Ambassador



Dr. Abu Zafar Mahmood received the Knight of St. John of Jerusalem on July 29, 2023 at the Imperial Hotel, Vung Tau, Vietnam with a traditional ceremony which is 1099 years old - from the Knight Commander Prof. Dr. Sir Lakshman Madurasignhe.





ALEGRA HOME CARE INC. Care With Love Is Humanity 888-212-3237

CDPAP SERVICES 888-212-3237

PEOPLE UNITED FOR PROGRESS POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

Abu Zafar Mahmood Foundation

জয় বাংলাদেশ JOY BANGLADESH INC.

সাহিত্য সাময়িকী

লাল প্রজাপতি
সোহরাব পাশা

না-বলা গল্পের ভিড়ে রাত্রি ঢুকে পড়ে,
প্রিয় চোখের ভুল আবৃত্তি এই তো শেষ গল্প ;

দুঃস্বপ্ন পীড়িত বিজ্ঞাপনে ঢেকে যায়
গন্তব্যের সববাড়ি
দীর্ঘ পড়ে থাকে ফেরার রোদ্দুর ভোর,

স্বপ্নের সৌন্দর্য উড়ে যায় আগুন হাওয়ায়
সকাল-সন্ধ্যায় প্রিয়জন বিলি করে
নিঃস্বতার বিষণ্ণ বেলুন
ফুরোয় না রাত্রির ভ্রমণ;

তীব্র সুন্দর ভুলগুলি বিদ্রুপ করে,

নির্বাসিত লাল প্রজাপতি অন্ধকারে
খোঁজে গন্ধভরা ভোর ।

স্নেহার্দ অতীত এবং ভুল পথ
পুলিন রায়

ফেলে আসা দিন আর ভুল পথ
দুটোই চোখে জল আনে ।

বৃক্ষচোখে চোখ রাখি
সবুজ ধার করে মাখি অঞ্জন
সকালের মায়াবী রোদের ঘুর্ণন
শুরু হলে বদলে যায় আমার পৃথিবী

ফেলে আসা দিন আর ফিরে না

গন্তব্য ভুলে গেলে উতলা হয় ফেরারি মন
ঘুমের ঘোরে নম্র
অতীত স্মৃতি কুরে খায়
অহল্যা সময় জানে বেভুল পথ
আর স্নেহার্দ অতীতের
আসল ঠিকানা...

একাকী স্বপ্ন শয্যা
ঝুটন দত্ত

হুইসেল বাজে দূরের গাড়ির,
ভাবি কেউ বুঝি এলো এতকাল পর ।
আসলে এ পথ বড় নির্জন একাকী,
প্রয়োজন ফুরিয়ে গেলে সম্পর্কের বারান্দায়
ঝুলে থাকে তালা ।
সহজে কেউ কারও খোঁজ-খবর রাখে না,

তবুও আমি অপেক্ষায় থাকি তোমার-
যেমন তন্দ্রাচ্ছন্ন রাতে মা পথ চেয়ে থাকে
ছেলের বাড়ি ফেরার ।

আত্মনাশ
গোলাম কিবরিয়া পিনু

নদীর ওপারে যাই
খাল কেটে ডেকে আনি কুমির,
নদীতে নদীতে!
নদীরও বুক কাঁপে! আমাদের কাঁপে না?

কুমির ডাঙ্গায় ওঠে
কোন্ চন্দ্রপত্নী পথ দেখায় কুমিরকে?
পথিমধ্যে এসে পড়ে
চতুস্পদও দখল নেবে?
যত্রতত্র হাঁটবে?
তরুলতা ও শাখা, ফুল ও কমল
তছনছ হয়ে যাবে?

নেড়া ও নেড়ি কুত্তা পথ দেখাচ্ছে,
ওদের দু'জনের কেশ নেই–কেশ মুন্ডিত!
ক'দিন পর–আমরাও হবো–বেশ মুন্ডিত!
লেজুড়ে হলেও রক্ষা নেই–লেজের বাড়িতে,
বাড়ি ছাড়া হবো!
কূল ও কুল রক্ষা হবে না!

কুহেলিকা ছড়িয়ে ছড়িয়ে
কোন্ কুলাঙ্গার কুমির ডেকে আনে?
নিজের পায়ে কুড়াল মারার সর্বনাশ
এ-যেন রক্ষাকবচহীন আত্মনাশ!

বেদনাবৃত্তের বনখাগড়া
মিজানুর রহমান বেলাল

স্বেচ্ছাসেবক স্বেচ্ছামৃত্যুকে বাঁধে বাহুবৃক্ষের ডগায়
বিচ্ছেদের বজ্র বৃষ্টিতে ভিজে ফুলপরির একাকীত্ব
থেমে যায়-লকলকে আহ্লাদ, মনের মন্দির মনমরা
তবুও মনোমুগ্ধ হয়ে দ্যাখে-চিলকোঠার চালাকি চিল

আর খোঁপা খোলা সেবিকার চুলে নীল ঘাসফড়িং
বন্য বেদনাবৃত্তের বনখাগড়ার গহীনে পাতে ফাঁদ

সেই ফাঁদে আটকে পড়ে জঙলি পাড়ার চাঁদ..

মধ্যরাতের গল্প
শিকদার মুহাম্মদ কিব্রিয়াহ

এখানে এখনও মধ্যরাতে ঝরে শিশির । গলে জলসিক্ত আর্দ্রতায় । মুক্ত করে রৌদ্র-দগ্ধ ব্যস্ততম দিন । উদ্বেগ-উৎকণ্ঠা-কাঠিণ্য । উন্মুক্ত

করে নিজেকে । আত্মস্থ অভ্যস্ততায় । আত্মসমর্পণে ।

মধ্যদুপুরে নিভৃতে নড়ে কদম্বের ডাল । মাদীঘুঘু পাতার আড়াল নির্মাণ করে । চুপি চুপি ডাকে দয়িতকে ।

এখনও হিমকবরী তেলের সৌরভে থমকে দাঁড়ায় মুগ্ধ মধ্যাহ্নের প্রলম্বিত পা । মেঠোপথিক । সদ্যস্নাত ছড়ানো চুলে বিকেল ঝুলে ।

তারপর, আসে রাত । কালো পোশাকে । মৌসুমি ফলের মৌ মৌ গন্ধে মেতে । নিজেকে খুলে নেয় । মেলে ধরে আটপৌরে স্বরূপ । মগ্নতার স্বভাব । মুচকি হাসে । মৌনতা ভাঙার শব্দহীনতায় ।

প্রাকৃত স্বরূপকে স্পর্শ করে রাত । ধারণ করে জেগে ওঠে স্বনিয়মে । পাঠ করতে থাকে প্রাগৈতিহাসিক সৃষ্টিশীলতার পুনরাবৃত্তিপাঠ । জেগে ওঠার নিয়মে মুখর হয়ে ওঠে চাষাবাদী মাঠ । সক্রিয়তার স্বনিয়মে স্বশিক্ষিত আটপৌরে স্রষ্টারা । পৃথিবীর পুনর্জন্ম ঘটে ।

কিন্তু আমি এখন না কোন চাষী, না কোন স্রষ্টা!
আমার রাত নেই । দিন নেই । দুপুর নেই । বিকেল নেই । ঘুঘু নেই!

জীবন মানে সংগ্রাম
পঙ্কজ শীল

ইচ্ছে করলেই তুমি পৃথিবী ছেড়ে পালিয়ে
শক্ত মাটির কোলে ঘুমিয়ে থাকতে পারো ।
কেটে যাবে হাজারো বসন্ত
কেউ তোমাকে ডাকবেনা, বিরক্ত করবেনা

আর জেগে থাকা মানে হলো জীবন
জীবন মানেই সংগ্রাম ।
জীবনে সুখ পেতে চাইলে, সৎ ভাবে চলতে চাইলে
সৎ রাস্তা দিয়ে হাঁটতে হবে হাজারো মাইল
বাসর ঘরের মতো জীবনকে সাজাতে চাইলে
তোমাকে ৩৬৫ দিনেই ধোকা খেতে হবে!
এটা তোমার জন্য আশীর্বাদ ।

তার জন্য বিষাদের ঝরনা দিয়ে
পানি গড়িয়ে গড়িয়ে পড়তে পারে
ডুবে যেতে পারে শুকনো নদী ।
সইতে হবে জলন্ত আগুনের উত্তাপ
অসময়ে করতে হবে পাগলের মতো বিলাপ!
অসহায়ের মতো হাহাকার ।
আর আঘাত যদি সইতে পারো-
হয়তো পারবে স্বর্গের বাগান থেকে ফুল কুড়িয়ে আনতে
আবারও পেতে পারো হয়তো কোনো স্বর্গ ।

অতঃপর জীবন মানে সংগ্রাম ।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549



আগে ফিটফাট হয়ে নিই: পরীমনি

ঢাকা ডেস্ক, ১২ আগস্ট : ছেলের জন্মদিনে নতুনভাবে অভিনয়ের প্রস্তুতির কথা জানালেন পরীমনি। অভিনয়ের বিষয়ে পরীমনির কাছে জানতে চাইলে শুধু এটুকু বললেন– আগে ফিটফাট হয়ে নিই। এর পর কাজে নামব। মা হওয়ার পর মুটিয়ে গেছি। এখন আমার ওজন ৫৬ কেজি। ৫২ কেজিতে ফিরতে চাই। একসময় আমার ওজন ৫২৫৩ কেজিই ছিল।

পরীমনির ভাষ্য– কাজ তো করতেই হবে। কলকাতা-বাংলাদেশ মিলেই করব। বেশ কয়েক জায়গায় কথা হয়েছে।

মজার ছলে এই চিত্রনায়িকা বলেন, বাবুর জন্মদিনে ঘোষণা না হলেও পরপরই ঘোষণা হবে। দাঁড়াও, সবার ভাত মারতে আসছি।

ঢাকার একটি পাঁচতারকা হোটেলে গতকাল বৃহস্পতিবার ছেলের জন্মদিনের আয়োজন করেছিলেন পরীমনি। ছেলের জন্মদিনের আমন্ত্রণপত্র নিজেই ডিজাইন করেছেন বলে জানালেন পরীমনি। তিনি বলেন, এবার একা একা অনেক কিছুই করেছি। আমি তো অবাক হয়েছি, অনেক কিছুই পারি। কার্ড ডিজাইন করে নিজেই অবাক হয়েছি।'

এদিকে জন্মদিনের আগের দিন রাতে ছেলেকে দেখতে পরীমনির বাসায় হাজির হয়েছিলেন রাজ। তবে এ সময় ছেলে রাজ্যর দেখা পেলেও স্ত্রী পরীমনির দেখা পাননি তিনি। রাজ বাসায় ঢুকলে দরজা লাগিয়ে নিজের ঘরে বসেছিলেন পরীমনি।

এ বিষয়ে গণমাধ্যমকে পরীমনি বলেন, গতকাল রাতে এসেছিল রাজ। ছেলের সঙ্গে সময় কাটিয়ে চলে গেছে সে। আমার সঙ্গে কোনো কথা হয়নি। দেখাও হয়নি।

মাত্র সাত দিনের পরিচয়ে ২০২১ সালের ১৭ অক্টোবর বিয়ে করেন শরিফুল রাজ ও পরীমনি। এর পর ২০২২ সালের জানুয়ারিতে পারিবারিকভাবে আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন তারা। রাজের সঙ্গে সংসারজীবনের ১০ মাসের মাথায় তার কোলজুড়ে আসে ছেলেসন্তান। এর একদিন পর ছেলের ছবিসহ নাম প্রকাশ করেন নায়িকা। তিনি জানান, রাজের সঙ্গে মিল রেখে ছেলের নাম রেখেছেন 'শাহীম মুহাম্মদ রাজ্য'। জন্মদিনের আগমুহূর্তে অবশ্য ছেলের আরও দুটি নতুন নাম রেখেছেন এ চিত্রনায়িকা।

পরী দরজা না খোলায় ফিরে গেলেন রাজ

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : এক বছর পূরণ করল ঢালিউডের আলোচিত দম্পতি পরীমনি ও শরিফুল রাজ দম্পতির ছেলে শাহীম মুহাম্মদ রাজ্য (পদ্ম)।



বৃহস্পতিবার রাজ্যর প্রথম জন্মবার্ষিকী। এ উপলক্ষ্যে সন্ধ্যায় রাজধানীর একটি পাঁচতারকা হোটেলে আয়োজন করা হয় জন্মদিনের অনুষ্ঠান।

বেশ কিছু দিন ধরে এই দম্পতি আলাদা থাকছেন। তারা আর এক হবেন না বলেও বিভিন্ন সময়ে দুজনেই সাংবাদিকদের জানিয়েছেন।

এদিকে গত কয়েক দিন ধরে সন্তানের জন্মদিনের পুরো আয়োজনের প্রস্তুতি সেরেছেন পরীমনি একাই। তাই রাজ্যের জন্মদিনে বাবা রাজ উপস্থিত হচ্ছেন কিনা, সেটি নিয়ে আগ্রহ রয়েছে ভক্তদের মধ্যে।

বিষয়টি নিয়ে আলোচনার মধ্যেই জানা গেল, জন্মদিনের আগের দিন রাতে ছেলেকে দেখতে পরীমনির বাসায় হাজির হয়েছিলেন রাজ। তবে এ সময় ছেলে রাজ্যর দেখা পেলেও স্ত্রী পরীমনির দেখা পাননি তিনি। রাজ বাসায় ঢুকলে দরজা লাগিয়ে নিজের ঘরে বসেছিলেন পরীমনি।

এ বিষয়ে গণমাধ্যমকে পরীমনি বলেন, গতকাল রাতে এসেছিল রাজ। ছেলের সঙ্গে সময় কাটিয়ে চলে গেছে সে। আমার সঙ্গে কোনো কথা হয়নি। দেখাও হয়নি।

আপনার সঙ্গে কেন দেখা হয়নি, এমন প্রশ্নে এই নায়িকা বলেন, আমার সঙ্গে দেখা হওয়ার কিছু নেই। ওর সঙ্গে তো আমার সম্পর্কই নেই। সম্পর্ক থাকলে তো বাবুর জন্মদিনের অনুষ্ঠান আয়োজনে তাকে পাশে পেতাম। বাসায় যখন এসেছিল, তখন আমি আমার রুমের দরজা বন্ধ করে বসেছিলাম। সে চেষ্টা করেছে আমার সঙ্গে কথা বলার জন্য, আমি বলিনি। কারণ তার জন্য আমার ভালোবাসার দরজা বন্ধ হয়ে গেছে। ছেলের সঙ্গে তার সম্পর্ক, আমার সঙ্গে নয়। অনেক সহ্য করেছি, আর নয়।

উল্লেখ্য, গিয়াসউদ্দিন সেলিমের "গুণিন" সিনেমার শুটিংয়ে চিত্রনায়ক শরিফুল রাজ ও চিত্রনায়িকা পরীমনির সম্পর্ক আর এক সপ্তাহের মাথায় ২০২১ সালের ১৭ অক্টোবর তারা গোপনে বিয়ে করেন। ২০২২ সালের ১০ জানুয়ারি সেই খবর প্রকাশ্যে আনেন তারা। একই দিনে সন্তান ধারণের বার্তাটিও দেন এ দম্পতি। এর পর ২২ জানুয়ারি তারা পারিবারিক আয়োজনে বিয়ে সারেন। একই বছরের ১০ আগস্ট তাদের ঘর আলো করে আসে পুত্রসন্তান শাহীম মুহাম্মদ রাজ্য।



জয়ের পর বীরকেও যুক্তরাষ্ট্রে সুন্দর স্মৃতি উপহার দিতে চাইলেন শাকি

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : 'প্রিয়তমা' সিনেমার মুক্তি উপলক্ষে গত ২ জুলাই যুক্তরাষ্ট্রে উড়াল দেন শাকিব খান। এর প্রায় দুই সপ্তাহ পর ছেলে আব্রাহাম খান জয়কে নিয়ে সেখানে উড়াল দেন অভিনেত্রী অপু বিশ্বাস। নায়িকার যুক্তরাষ্ট্রে যাওয়ার পরই একসঙ্গে ঘুরতে দেখা যায় তাদের। বিষয়টি নিয়ে টু-শব্দ করেননি আরেক স্ত্রী শবনম বুবলী। জয়কে নিয়ে সুন্দর শব্দ কাটালেও ছেলে শেহজাদ খান বীরের কথা তুলে অনেকেই প্রশ্ন তুলেছেন। দেশে ফিরেই সে বিষয়টি একদম পরিষ্কার করে দিলেন শাকিব।

এক মাসেরও বেশি সময় পর যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরেছেন ঢালিউড সুপারস্টার শাকিব খান। বৃহস্পতিবার সকাল ১০টা ৩০ মিনিটে রাজধানীর হজরত শাহজালাল বিমানবন্দরে অবতরণ করেন এ নায়ক। সেখানেই সাংবাদিকদের প্রশ্নের মুখে পড়েন শাকিব।

এক প্রশ্নের উত্তরে শাকিব বলেন, 'আমার সন্তানের প্রতি আমার ভালবাসা থাকবেই। যেমনটা আপনার সন্তানের প্রতি আপনার ভালবাসা থাকে। বাবা হিসেবে আমি আমার সন্তানদের ভাল রাখ চাই। আব্রাহাম যুক্তরাষ্ট্রে গিয়েছিল, ওকে সুন্দর একটা স্মৃতি উপহার দেওয়ার চেষ্টা করেছি। সামনে শেহজাদ যাবে। তাকেও সুন্দর স্মৃতি দেব।'

ঈদে মুক্তিপ্রাপ্ত 'প্রিয়তমা' সিনেমাটি বাংলাদেশ জয় করে আমেরিকা-কানাডাসহ বিভিন্ন দেশে সাফল্যের মুখ দেখেছে। বিষয়টি নতুন পথের আবিষ্কার বলে মনে করছেন শাকিব।

তার কথায়, 'আমি অনেক বছর পর থেকে একটা কথা বলতাম, একটা সময় বিশ্বের উন্নত দেশের মাল্টিপ্লেক্সগুলোতে হলিউড-বলিউড সিনেমার পোস্টারের পাশে আমাদের সিনেমার পোস্টার অফিসিয়ালি থাকবে। আমাদের সিনেমাও খুব দাপিয়ে বেড়াবে। এবার 'প্রিয়তমা' ক্ষেত্রে কিন্তু সেই ব্যাপারটাই হয়েছে। আপনারা জানেন, আমেরিকা-কানাডায় যে সিনেমাগুলো মুক্তি পেয়েছে সেগুলোর সঙ্গে কিন্তু 'প্রিয়তমা'ও ছিল। যা বাংলা সিনেমার জন্য নতুন পথ আবিষ্কার হয়েছে। এই যাত্রা আরও অনেকদূর যাবে।'

আমাকে শাসন করার অধিকার রাজ ভাইয়ের: শবনম ফারিয়া

(ছবি আছে বিনোদন পিকচার নং-০৪)

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : দেশের জনপ্রিয় নির্মাতা মুহাম্মদ মোস্তফা কামাল রাজের জন্মদিন বৃহস্পতিবার (১০ আগস্ট)। দিনটি উপলক্ষে আলোচিত এ নির্মাতাকে ফেসবুকে স্ট্যাটাস দিয়েছেন অভিনেত্রী শবনম ফারিয়া।



নিজের ভেরিফায়েড পেজে এই অভিনেত্রী লেখেন, আমি খুব জেদি মানুষ, আমাকে বোঝাতে আসা বা জ্ঞান দেওয়া আমার খুব অপছন্দের একটা জিনিস! আমাকে শাসন করার ক্ষমতা আমি কাউকে দেই না। আমার মা বাবার বাইরে খুব কম মানুষের এক্সেস আছে আমার পার্সোনাল স্পেসে! 'কিন্তু এই মানুষটার (রাজ) এক্সেস আছে আমাকে যা খুশি বলার, শাসন করার (খুব একটা লাভ হয় না যদিও)। দুনিয়াতে এমন খুব কম বিষয় আছে যেটা আমি ভাইয়াকে বলতে পারি না! জীবনে এমন কারও সঙ্গে পরিচয় হওয়া সবার ভাগ্যে থাকে না!'

রাজকে উদ্দেশ করে শবনম আরও লেখেন, আল্লাহ আমার কাছ থেকে অনেক কিছু নিয়ে গেছে, আবার অনেক কিছু দিয়েছে, সেই দেওয়ার বাক্সের মধ্যে একটা উপহার ভাইয়া।

স্ট্যাটাসের শেষে রাজকে ট্যাগ করে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে শবনম ফারিয়া লেখেন, পরের বছর ভাবির (রাজের স্ত্রী) সঙ্গে একটি ছবি পোস্ট দিতে চাই।



'আমার এখন যে বয়স, তাতে....'

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : 'লিপস্টিক' এর শুটিংয়ে ব্যস্ত পূজা চেরি। এ সিনেমায় পূজা দুই রূপে হাজির হবেন। একটি গ্রামের হতদরিদ্র তরুণী 'বুচী', অন্যটি বাংলাদেশের সুপারস্টার নায়িকা 'মাধুরী'। এ বছর ঈদুল ফিতরে পূজা চেরি অভিনীত 'জ্বীন' ছবিটি মুক্তি পায়। এর দেড় বছর পর সিনেমার শুটিংয়ে ফিরলেন অভিনেত্রী।

বুধবার পূজা চেরি বলেন, বেশ আগে থেকেই বলে আসছি ভালো গল্প, ভালো চরিত্র না পেলে কাজ করব না। সেটি এক বছর, দুই বছর বসে থাকতে হলেও থাকব। মাঝে ওয়েব ফিল্ম 'পরী' করেছিলাম; কিন্তু প্রেক্ষাগৃহের সিনেমা করা হয়নি। সে রকম গল্প, চরিত্র পাইনি বলে করিনি।

পূজা বলেন, আমার এখন যে বয়স, তাতে কম কাজ করলেও সমস্যা নেই। তাই কাজ কম হোক, সময় নিয়ে ভালো কাজ করব।শুটিংয়ের অভিজ্ঞতা নিয়ে পূজা বলেন, কাজটি করে বেশ মজা পাচ্ছি। অভিনয়ের জায়গা আছে। সত্যি বলতে, 'পোড়ামন-২' ছবিতে কাজ করতে গিয়ে ভালোলাগার যে অনুভূতি পেয়েছিলাম, এ কাজটি যতটুকু করেছি, সেই ফিল পেয়েছি।

'লিপস্টিক' এর পরিচালক কামরুজ্জামান রোমান জানান, ৩ থেকে ৭ আগস্ট পর্যন্ত গাজীপুরের লোকেশনে প্রথম ধাপের কাজ শেষ হয়েছে। ১৩ আগস্ট থেকে সাভারে দ্বিতীয় ধাপের কাজ শুরু হবে।

ছবিতে পূজার বিপরীতে অভিনয় করছেন আদর আজাদ। এর আগে 'নোলক' সিনেমাতেও জুটি হয়েছেন তারা। মুক্তির অপেক্ষায় আছে ছবিটি।

তরুণ শিল্পী আদরের প্রশংসা করে পূজা বলেন, সৈকত নাসিরের 'মাসুদ রানা' ছবির শুটিং সেটে আদর ভাইয়ের সঙ্গে দেখা হয়েছিল। কাজটি করতে গিয়ে দেখেছি, [illegible] আদর ভাই। প্রচুর পরিশ্রম করতে পারেন।



ভোটে খুনখারাবি নিয়ে মোদি-মমতার পাল্টাপাল্টি

ঢাকা ডেস্ক, ১৩ আগস্ট : পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে জুলাই মাসে যেসব খুনখারাবি হয়েছে, তার জন্য তৃণমূল কংগ্রেসকে দায়ী করেছে বিজেপি। নির্বাচনের দিন ঘোষণার পর থেকে শুরু করে প্রায় এক মাস নির্বাচনকেন্দ্রিক সহিংসতায় অর্ধশতাধিক মানুষের প্রাণ গেছে। সেই নির্বাচনী সহিংসতার ঘটনা উত্থাপন করে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শনিবার বলেছেন, 'রক্তের খেলা খেলেছে তৃণমূল'। মোদির বাক্যবাণের জবাবে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও পাল্টা বলেন, 'বাংলার মেধাকে মোদি ভয় পান বলেই বদনাম করছেন'। শনিবার ভার্চুয়াল মাধ্যমে দিল্লি থেকে পশ্চিমবঙ্গের হাওড়ায় ক্ষেত্রীয় পঞ্চায়েতি রাজ পরিষদের একটি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তৃণমূলের তীব্র সমালোচনা করেন মোদি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপি সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা এবং দলের পশ্চিমবঙ্গ রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার প্রমুখ। মোদি বলেন, পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল কংগ্রেস কীভাবে খুনের খেলা খেলেছে তা দেশবাসী দেখেছে। নির্বাচনে এদের কৌশল হলো যে, নির্বাচনী প্রস্তুতিতে সময় না দেওয়া। খুব তাড়াতাড়ি মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখ ঘোষণা করে দেওয়া যাতে বিজেপিসহ কোনো বিরোধী দল দলের প্রার্থীদের মনোনয়নপত্র জমা দিতে না পারে। এ জন্য যা যা করার দরকার, তারা সবটাই করবে। কেবল বিজেপি প্রার্থীদের ভয় দেখানোই নয়, এমনকি ভোটারদেরও হুমকি দেওয়া হয়। পাশাপাশি বিজেপি কর্মীদের পরিবারের যে লোকজন আছে তাদেরও বেঁচে থাকাটা কঠিন করে দেবে। ঘর থেকে বের হতে দেবে না। এরপর যখন ভোট হবে সেই ভোটের সময় তৃণমূল ছাপ্পা ভোট দেবে। মোদি বলেন, 'যারা নিজেদের গণতন্ত্রের চ্যাম্পিয়ন হিসেবে তুলে ধরে, তারাই আজ ইভিএম থেকে মুক্তি পাওয়ার ষড়যন্ত্র করছে।'

মোদির ওই বক্তব্যের পরই এক অডিও বার্তায় মমতা বলেন, 'নির্বাচনে যদি হিংসাই হতো তবে, ২ লাখ ৩১ হাজার প্রার্থীর মনোনয়নপত্র কীভাবে জমা পড়ল? যদি হিংসাই হতো তবে বিজেপি, কংগ্রেস বা সিপিআইএম মিলে এতগুলো পঞ্চায়েতে কীভাবে বোর্ড গঠন করল? যদি হিংসা হতো তাহলে আমাদের দলের ২০ জন লোক কেন মরল?' মমতা বলেন, 'বাংলার দিকে আঙুল তোলার আগে তার (মোদি) বলা উচিত যে, মণিপুর নিয়ে তিনি তিন মাস ধরে কি করেছেন? ত্রিপুরায় কেন ৯৩% মানুষকে পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে দেওয়া হলো না? উত্তরপ্রদেশে কেন ৪০% মানুষকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে দেওয়া হয়নি? প্রধানমন্ত্রীকে তোপ দেগে মমতা বলেন, 'আপনার মতিগতি কি হয়েছে বোঝা যাচ্ছে না। আপনার লক্ষ্য কেবল বাংলাকে বঞ্চনা করা, বাংলাকে ভাতে মারা, বাংলার বদনাম করা। কারণ আপনি বাংলার মেধাকে ভয় পান। রবীন্দ্রনাথ ঠাকুর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, নেতাজি সুভাষচন্দ্র বসু, আবুল কালাম আজাদ, বিরসা মুন্ডা এদেরকে আপনি ভয় পান। আমরা হিন্দু, মুসলিম, জৈন, পারসি, আদিবাসী সবাইকে নিয়ে একসঙ্গে থাকার চেষ্টা করি, আমাদের মধ্যে কোনো ভেদাভেদ নেই। আর আপনাদের কাজ হলো, মণিপুরের মতো বাংলায়ও জাতি দাঙ্গা লাগানো। দার্জিলিংকে ভাগ করা, জঙ্গলমহলে আগুন জ্বালানো কিন্তু আমরা এই আগুন জ্বালাতে দেব না। উল্লেখ্য, রাজ্যের পঞ্চায়েত নির্বাচনে বিরোধীদের কার্যত ধূলিসাৎ করে জয়ী হয় শাসক দল। ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের ২২টি জেলা পরিষদের প্রত্যেকটিতে জয়ী হয় তারা। ৩ হাজার ৩১৭ গ্রাম পঞ্চায়েতের ২ হাজার ৬৪১টি (৮০%) এবং ৩৪১ পঞ্চায়েতের সমিতির মধ্যে ৩১৩টিতে (৯২%) জয়ী তারা।

কারাগারে ইমরানের সঙ্গে দেখা করলেন বুশরা



ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) চেয়ারম্যান ইমরান খানকে তোশাখানা মামলায় তিন বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। গ্রেফতারের পর বৃহস্পতিবার প্রথমবারের মতো ইমরান খানের সঙ্গে দেখা করেছেন তার স্ত্রী বুশরা বিবি।

এ সময় বুশরার সঙ্গে ছিলেন ইমরান খানের আইনজীবীরা। ইমরান খান পাঞ্জাবের অ্যাটক কারাগারে রয়েছেন। খবর জিও টিভির।

খবরে বলা হয়, কারাগারে ইমরান খান ও বুশরা বিবির মধ্যে প্রায় এক ঘণ্টা ধরে কথা হয়। তবে তার সঙ্গে যাওয়া আইনজীবী নাঈম পাঞ্জোতা, শের আফজাল মারওয়াত এবং আলি ইজাজ বুট্টার ইমরানের সঙ্গে দেখা করার অনুমতি পাননি।

নাঈম পাঞ্জোথা জানিয়েছেন, বুশরা বিবি ইসলামাবাদ হাইকোর্ট থেকে ইমরান খানের সঙ্গে দেখা করার অনুমতি পান।

সূত্রের বরাত দিয়ে জিও নিউজ জানিয়েছে, কোর্টের নির্দেশনা দেখানোর পরও ইমরান খানের সঙ্গে লিগ্যাল টিমকে দেখা করতে দেওয়া হয়নি।



কুপিয়ানস্কে চলছে তুমুল লড়াই, পিছু হটছে ইউক্রেনীয় বাহিনী

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : উত্তরপূর্বাঞ্চলীয় খারকিভের কুপিয়ানস্ক শহরের আশপাশে ইউক্রেনীয় বাহিনী বিরুদ্ধে রুশ বাহিনীর তীব্র লড়াই চলছে। এই কারণে ওই এলাকা ও আশপাশ ছেড়ে যাওয়ার নির্দেশ দিয়েছে কিয়েভ। গত বছরের সেপ্টেম্বরে রুশ বাহিনীর হাত থেকে পুনরুদ্ধার হওয়া শহরগুলোর একটি কুপিয়ানস্ক।

বৃহস্পতিবার ভারপ্রাপ্ত ডিপিআর প্রধান ডেনিস পুশিলিন সলোভিয়েভ এক বার্তায় এসব কথা বলেন। খবর সিএনএনের।

গত কয়েক সপ্তাহ এই দিকটায় ধীরে ধীরে দ্বিতীয়বারের মতো অগ্রসর হয়েছে ইউক্রেনের শত্রুরা। এ পরিস্থিতিতে শহরের বাসিন্দাদের পাশাপাশি ওসকিল নদীর পূর্ব তীরের জাওস্কিল্যায় বাধ্যতামূলক সরিয়ে নেওয়ার ঘোষণা করা হয়েছে।

রুশ প্রতিরক্ষা মন্ত্রাণালয়ের দাবি, রুশ বাহিনী খারকিভ অঞ্চলের কুপিয়ানস্কের উত্তর-পূর্বে ভিলশানা গ্রামের ইউক্রেনের অবস্থান এবং পর্যবেক্ষণ পয়েন্টগুলো দখল নিয়েছে। কিয়েভের পালটা আক্রমণ ব্যর্থ করে দেওয়া হয়েছে বলেও দাবি করে প্রতিরক্ষা মন্ত্রণালয়।

যুদ্ধ শুরুর দিকে খারকিভসহ দেশটির আরও কয়েকটি শহর দখলে নেয় রাশিয়া। সেখানে হাজার হাজার বাড়ি-ঘর ধ্বংস হয়ে যায়। প্রাণ হারান অনেকে। কিন্তু খারকিভ গুরুত্বপূর্ণ হওয়ায় বেশি দিন ধরে রাখতে পারেনি। কিন্তু এবার ইউক্রেন যখন দক্ষিণে লড়ইয়ে ব্যস্ত, এই সুযোগ উত্তরে ফের আক্রমণ জোরাল করেছে রুশ বাহিনী।



মুনার ৩দিন ব্যাপী ৬ষ্ঠ কনভেনশন শুক্রবার শুরু

২০ হাজার ডেলিগেট উপস্থিতির আশা

(শেষের পাতার পর)

কনভেনশনের প্রাথমিক সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়া অঙ্গরাজ্যের পেনসিলভানিয়া কনভেনশন সেন্টারে আগামী ১৮, ১৯ ও ২০ আগস্ট (শুক্র, শনি ও রবিবার) অনুষ্ঠিত হবে এবারের মুনা কনভেনশন-২৩।

'আল-কুরআন গাইডেন্স ফর হিউম্যানিটি' এই স্লোগানকে প্রতিপাদ্য করে এবারের কনভেনশন অনুষ্ঠিত হবে। এতে মুসলিম জীবনে বিশেষ করে বাংলাদেশি-আমেরিকান পরিবারের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে।

উলেখ্য, মুনা হচ্ছে আমেরিকার একটি দাওয়াতি ও সামাজিক সংগঠন। মানুষের ব্যক্তিগত, নৈতিক ও সামাজিক মানোন্নয়নের জন্য সার্বিক প্রচেষ্টা চালানোর মাধ্যমে আলাহর সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে প্রতিষ্ঠিত হয় মুনা। ১৯৯০ সালে নিউইয়র্ক অঙ্গরাজ্যে করপোরেশনভুক্ত হওয়া সংগঠনটি বর্তমানে ৪০টিরও বেশি অঙ্গরাজ্যে নিয়মিত কার্যক্রম চালাচ্ছে। একটি দাওয়াতি সংগঠন হিসেবে মুনা মুসলিমদের ব্যক্তিগত ও সামাজিক জীবনে ইসলাম পালনের পাশাপাশি অমুসলিমদের কাছে ইসলামের সঠিক শিক্ষা তুলে ধরার আহ্বান জানায়।

অলাভজনক সামাজিক-সাংস্কৃতিক ও ধর্মীয় এ সংগঠন কোনো দেশের কোনো রাজনৈতিক সংগঠনের সঙ্গে যুক্ত নয়। নিজস্ব সংবিধান ও কর্মসূচির আলোকেই সংগঠনটি জন্মলগ্ন থেকে পরিচালিত হচ্ছে। মুনা চায় এমন প্রশিক্ষিত মানবসম্পদের উন্নয়ন, যারা স্রষ্টা ও প্রতিপালক আলাহর সঙ্গে সম্পর্ক রক্ষার সঙ্গে সঙ্গে সমাজে রাখবে উৎপাদনমুখী ভূমিকা। এবারের ২০২৩ হচ্ছে ৬ষ্ঠ কনভেনশন। এবারের কনভেনশনে ২০ হাজার ডেলিগেটের অংশগ্রহণ নিশ্চিত করা। এই প্রতিবেদন লেখা পর্যন্ত ১৫ হাজার রেজিস্ট্রেশন ছড়িয়ে গেছে।

কনভেনশন সফল করতে মুনার ন্যাশনাল, জোনাল,চ্যাপ্টার ও সাব চ্যাপ্টার দায়িত্বশীলরা দিনরাত পরিশ্রম করে চলছেন। বিভিন্ন সময় ইমাম-উলামা,কমিউনিটির নেতৃবৃন্দকে নিয়ে আলোচনা,ডিনার পার্টি, সংবাদসম্মেলন, ব্রিফিংসহ নামাভাবে প্রচার-প্রচারণাও চালিয়ে যাচ্ছেন।

মুনার দায়িত্বশীলরা জানান, অরাজনৈতিক সংগঠন হলেও মুনা রাজনীতি সম্পর্কে উদাসীন নয়। মুনা চায় সবার মধ্যে ভ্রাতৃত্ব, ইনসাফ ও রাজনৈতিক সচেতনতা গড়ে তুলতে, যাতে তারা রাজনৈতিক বিভিন্ন বিষয়ে নাগরিকেরা সচেতনভাবে অংশগ্রহণ করতে পারে। মুনা আমেরিকায় জাতীয়ভিত্তিক সংগঠন হলেও এর প্রাথমিক লক্ষ্য বাংলা ভাষাভাষী তথা বাংলাদেশি-আমেরিকান কমিউনিটি। এটি প্রধানত বাংলা ভাষাভাষীদের মধ্যেই কর্মকাণ্ড পরিচালনা করে। মুনা চায় মুসলিমেরা এখানকার মূলধারার জীবনে অংশগ্রহণ করে নিজেদের অধিকার নিশ্চিত করবে এবং একই সঙ্গে নিজের আধ্যাত্মিক, নৈতিক ও সাংস্কৃতিক উত্তরাধিকার সংরক্ষণ করবে।

তাই মুনা চায় আরও বেশিসংখ্যক বাংলাদেশিকে এর সঙ্গে যুক্ত করতে। এ ক্ষেত্রে মুনা ইয়ুথ ও ইয়ং সিস্টার অব মুনার সঙ্গে সন্তানদের সম্পৃক্ত করতে অভিভাবকদের প্রতি আহবান জানায় মুনা। এ লক্ষ্যে প্রতিবারের মতো এবারও তরুণদের জন্য থাকবে আলাদা ইয়ুথ কনভেনশন। আলোচনা ছাড়াও থাকবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। থাকবে বিভিন্ন সামগ্রীর দোকান। এ ছাড়া ফিলাডেলফিয়া ভ্রমণকারীদের জন্য থাকবে নানা দর্শনীয় স্থান পরিদর্শনের সুযোগ।

এবারের কনভেনশনের মূল থিম 'আল-কুরআন গাইডেন্স ফর হিউম্যানিটি' এ কারণে নির্ধারণ করা হয়েছে যে, কুরআন গোটা মানবজাতিকে সত্য ও সঠিক পথ দেখায়। কুরআন হচ্ছে বিশ্বাসী মানুষের বিশ্বাসের অবিচ্ছেদ্য অংশ। এই মহাগ্রন্থের কল্যাণকর পতাকা প্রতিটি হৃদয়ে, প্রতিটি ঘরে। তা ছাড়া ব্যক্তি, পরিবার এবং সমাজ পরিবর্তনের একমাত্র শাশ্বত বিধান এই কুরআন। এটি শুধু মুসলিম তথা ইসলামে বিশ্বাসীদের জন্য নয়। এটা গোটা মানবগোষ্ঠীর উন্নতি ও অগ্রগতির সোপান। মুনা এই বিশ্বাস ধারণ করেই এবারের কনভেনশনে মূল থিম বা প্রতিপাদ্য নির্ধারণ করেছে 'আল-কুরআন গাইডেন্স ফর হিউম্যানিটি'।

মুনা নিজের সদস্য ও অন্যান্য মুসলিমদেরকে নিয়ে এমন একটি পাটফর্ম তৈরি করে দিতে চায় যাতে তারা অন্য ধর্মাবলম্বী, ভিন্ন ভাষাভাষী বর্ণ ও গোত্রের জনগোষ্ঠী এবং প্রতিবেশীদের সাথে পারস্পরিক সংলাপে নিয়োজিত হতে পারে। যার মাধ্যমে সাম্প্রদায়িক বোঝাপড়া, সামাজিক প্রসার ও উন্নয়ন ঘটানো যায়। মুনা মনে করে- এ প্রক্রিয়ায় সমাজের সৌহার্দ্য ও শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা সম্ভব। এবারের কনভেনশন এ ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে।

মুনা চায় বাংলাদেশি-আমেরিকানরা কর্মতৎপরতায় বেশি বেশি করে সক্রিয় অংশগ্রহণ করুক। সাথে সাথে বর্তমান তরুণ প্রজন্মকে গড্ডালিকা প্রবাহ থেকে বাঁচাতে চায়। প্রতিটি বাংলা ভাষাভাষী অভিভাবক তাদের সন্তানকে মুনা ইয়ুথ এবং ইয়ং সিস্টার অফ মুনার সাথে সম্পৃক্ত করুক। মুনা চায় বাংলাদেশি-আমেরিকানদের আমেরিকার মূলধারার মুসলিম স্কলার ও নেতৃবৃন্দের সাথে পরিচয় করিয়ে দিতে।

এবারের কনভেনশনে দিকনির্দেশনা-সংবলিত আলোচনা রাখবেন বিশ্বখ্যাত আলোচকবৃন্দ। ইংরেজির পাশাপাশি বাংলা ভাষায় আলোচকগণ আলোচনা করবেন।

সম্মেলনে প্রতিবারের মতো এবারও রয়েছে কুরআন ও নাশিদ প্রতিযোগিতা। পাশাপাশি থাকছে মনোজ্ঞ ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বিভিন্ন ইসলামি পণ্য ও অন্যান্য সামগ্রীর দোকান নিয়ে বিশাল বাজার। শিশুদের জন্য শিক্ষামূলক অনুষ্ঠান 'লার্ন এন্ড ফান' এবং বিভিন্ন খেলাধুলা রাইডের ব্যবস্থা। প্রতিযোগিতার প্রতিটি বিভাগে রয়েছে আলাদা আলাদা অনলাইন রেজিস্ট্রেশন বা তালিকাভুক্ত হওয়ার বেশ কিছু নিয়মাবলি। এ ছাড়া ফিলাডেলফিয়া ভ্রমণকারীদের জন্য থাকছে নানা দর্শনীয় স্থান পরিবহন ও পরিদর্শনের সুযোগ। পরিবার-পরিজন বন্ধু স্বজন আর গোটা আমেরিকা থেকে আসা বাংলা ভাষাভাষীদের এই সর্ববৃহৎ মিলনমেলায় অংশগ্রহণের সুবর্ণ সুযোগ।

মুনা কনভেনশনে দূর থেকে আসা ডেলিগেটরা থাকবেন বিভিন্ন হোটেল এবং প্রাইভেট বাসা-বাড়িতে। তবে কনভেনশন কর্তৃপক্ষ স্থানীয় ম্যারিয়েট, শেরাটন, হিলটন, ডাবলট্রিসহ ১২টি উন্নতমানের হোটেল ইতিমধ্যে বুকিং হয়ে গেছে জানা গেছে। তবে পাশ্বাবর্তী অঙ্গরাজ্য থেকে আসা ডেলিগেটেরা নিজ নিজ ট্রান্সপোর্টেশন ব্যবহার করে প্রতিদিন প্রোগ্রামে যাওয়া আসা করবেন। ডেলিগেটদের আপ্যায়নের জন্য কয়েকটি রেস্টুরেন্টের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। যদিও খাবার নিজ খরচেই খেতে হবে।

কনভেনশনের প্যারালাল বিভিন্ন অনুষ্ঠান প্রচারে মুনার সংশিষ্ট বিভাগের পেইজ থেকে সরাসরি সম্প্রচার করা হবে। কনেভনশনে নিউইয়র্কসহ বিভিন্ন অঙ্গরাজ্য থেকে ২ ডজনেরও বেশি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক উপস্থিত থাকবেন।

ফিলাডেলফিয়ায় তিনদিন ব্যাপী অনুষ্ঠিতব্য এবারের কনভেনশনের কনভেনর ও সংগঠনের ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী এই প্রতিবেদককে জানিয়েছেন, কনভেনশনের সকল প্রস্তুতি প্রায় সম্পন্ন। তবে তিনি ডেলিগেটদের সময়মতো কনভেনশনে যোগদান করে সুষ্ঠু ও সফল করার আহ্বান জানিয়েছেন।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
MLS
যোগাযোগ
Cell: 917-502-6445

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

রাহুল কেন কোনো বুড়িকে ফ্লাইং কিস দেবেন?

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : ভারতীয় পার্লামেন্টে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা চলার সময় বিরোধী দলের সদস্য রাহুল গান্ধী নাকি ট্রেজারি বেঞ্চের দিয়ে উড়ন্ত চুম্বনের অঙ্গভঙ্গি করেছিলেন। তা নিয়ে আপত্তি জানিয়েছিলেন ক্ষমতাসীন বিজেপির স্মৃতি ইরানি। লোকসভার স্পিকারের কাছে এই নিয়ে অভিযোগ দায়ের করেছেন বিজেপির মহিলা এমপিরা। আর এবার ওই ঘটনা প্রসঙ্গে বিতর্কিত মন্তব্য করলেন বিহারের কংগ্রেস বিধায়ক নীতু সিং। তিনি বলেন, ‘আমাদের রাহুল গান্ধীর জন্য নারীদের অভাব নেই। যদি তাকে ফ্লাইং কিস দিতে হতো তবে তিনি তা কোনো কম বয়সী নারীকে দিতেন। কেন তিনি এক বুড়িকে ফ্লাইং কিস দেবেন? এসব অভিযোগ ভিত্তিহীন।

উল্লেখ্য, গত ৯ অগস্ট রাহুলের বিরুদ্ধে অভিযোগ ওঠে, অধিবেশন কক্ষে দাঁড়িয়ে তিনি বিজেপি এমপিদের দিকে ফ্লাইং কিসের অঙ্গভঙ্গি করেন। যা নিয়ে বেজায় চটে যান স্মৃতি ইরানি। স্মৃতি বলেন, ‘যে ব্যক্তি আমার আগে বক্তব্য রেখেছিলেন, তিনি খুবই খারাপ ব্যবহার করে সংসদ ছেড়েছেন। একজন মহিলা সংসদ সদস্যদের উদ্দেশে তিনি একটি ফ্লাইং কিসের ইঙ্গিত করেছেন। শুধুমাত্র একজন অসামাজিক পুরুষই এই কাজ করতে পারেন। এটি দর্শায় যে তিনি কোন সংস্কৃতি থেকে এসেছেন এবং তার পরিবার ও দল মহিলাদের সম্পর্কে কী অনুভব করে। এর আগে কখনো এই ধরনের আচরণ দেখা যায়নি দেশের সংসদে।



বাংলাদেশের পরবর্তী রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। ২০তম বিসিএস (পররাষ্ট্র) ক্যাডার ড. মোহাম্মদ মনিরুল ইসলাম বর্তমানে উজবেকিস্তানে দায়িত্বরত রাষ্ট্রদূত জাহাঙ্গীর আলমের স্থলাভিষিক্ত হবেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে ৮ আগস্ট মঙ্গলবার এ তথ্য জানানো হয়েছে।

২০ জানুয়ারী ২০২২ সালে ড. মোহাম্মদ মনিরুল ইসলাম নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল হিসাবে যোগদান করেন। ড. মনিরুল ইসলাম নিউইয়র্ক কনস্যুলেট অফিসে বাংলাদেশ সরকারের ষোলতম কনসাল জেনারেল হিসেবে দায়িত্ব পালন করছেন। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রালয়ের দক্ষিণ-পূর্ব এশিয়া বিষয়ক মহাপরিচালক মো. নাজমুর হুদা নিউইয়র্কে কনসাল জেনারেল হিসেবে ড. মনিরুল ইসলামের স্থলাভিষিক্ত হবেন।

নিউইয়র্ক স্টেট যুবদলের সহ সভাপতি

(শেষের পাতার পর)

(ইন্নালিলাহিরাজেউন)। ৯ আগস্ট বুধবার দুপুর ২টায় কুইন্স বুলেভার্ডস্থ একটি মোটেলে তার হার্ট অ্যাটাক হয়। হাসপাতালে নেয়ার পর কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন।

বিএম বাদশা'র দেশের বাড়ি খুলনার বাগেরহাটে। ব্যক্তিগত জীবনে বিবাহিত। ২৩ বছরের একটি ছেলে রয়েছে তাঁর। ম্যানহাটনে একটি গিফট শপে কাজ করতেন। উডসাইডে দীর্ঘদিন বসবাস সম্প্রতি তিনি জামাইকায় মুভ করেছিলেন। তার মৃত্যুর খবরে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে।

যুক্তরাষ্ট্র বিএনপি এবং অংগসংগঠনের পক্ষে থেকে শোক ও সমবেদনা জানানো হয়েছে। শোকবার্তায় বিএম বাদশাকে একজন নিষ্ঠাবান সংগঠক উলেখ করে তার আত্মার মাগফেরাত কামনা করা হয়। ১১ আগস্ট শুক্রবার বাদ জুমা উডসাইডের আহলে বায়াত মসজিদে জানাজা শেষে নিউজার্সীর মালবরো মমুসলিম কবরস্থানে তার মরদেহ দাফন করা হবে বলে জানান বিএনপি নেতা গোলাম ফারুক শাহীন।

মণিপুরে সহিংসতা মিয়ানমারের শরণার্থীদের জন্য ভারতের 'বায়োমেট্রিক' পরীক্ষা!

ঢাকা ডেস্ক, : প্রায় তিন মাস ধরে সহিংসতার আগুনে জ্বলছে ভারতের মণিপুর রাজ্য। এর জের ধরে ভারতজুড়ে তোলপাড় শুরু হয়েছে। সেই আবহেই নতুন সিদ্ধান্ত নিতে চলেছে ভারত সরকার। এখন থেকে মিয়ানমার থেকে ভারতে প্রবেশ করা শরণার্থীদের 'বায়োমেট্রিক' (বায়োমেট্রিক হলো মানুষের শারীরিক বা আচরণগত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে শনাক্তকরণ পদ্ধতি। মূলত আঙুলের ছাপ, মুখ, আইরিস, কণ্ঠস্বর, ডিএনএ, হাতের ছাপ এবং স্বাক্ষর দিয়ে বায়োমেট্রিক করা হয়) তথ্য সংগ্রহ করবে ভারত সরকার! এমনটাই জানা গিয়েছে সরকারি সূত্রে। সংবাদমাধ্যম 'ইন্ডিয়া টুডে'র প্রতিবেদন অনুযায়ী, সরকারি সূত্রে জানা গেছে, মিয়ানমার থেকে আগত শরণার্থীদের বায়োমেট্রিক তথ্য থেকে বিশেষ একটি তালিকা তৈরি করা হবে। সেই তালিকা ঠিক করা দেবে, কাদের ভারতের নাগরিকত্ব দেওয়া হবে এবং কাদের নাগরিকত্ব দেয়া হবে না।

পাশাপাশি ভারত-মিয়ানমার সীমান্তে বেড়া দেয়ার কাজও জোরদারভাবে শুরু হয়ে গেছে। এখন পর্যন্ত, মণিপুর-মিজোরাম সীমানার প্রায় ১০ কিলোমিটার এলাকা বেড়া দেয়ার কাজ শেষ হয়েছে। সীমানায় বেড়া তৈরির দায়িত্ব যে সংস্থাগুলোকে দেয়া হয়েছে, তাদের যত দ্রুত সম্ভব কাজ শেষ করার নির্দেশও দেয়া হয়েছে সরকারের তরফে।

উল্লেখ্য, গত ৩ মে ছাত্র সংগঠন 'অল ট্রাইবাল স্টুডেন্টস ইউনিয়ন অফ মণিপুর' (এটিএসইউএম)-এর কর্মসূচি ঘিরে সহিংসতার সূত্রপাত হয় মণিপুরে। সে দিন রাত থেকেই বিভিন্ন এলাকায় জনজাতি গোষ্ঠীভুক্ত কুকিদের সাথে সংখ্যাগরিষ্ঠ মেইতেইদের সংঘর্ষ শুরু হয়। দু'সম্প্রদায়েরই বহু নারী নির্যাতনের শিকার হন বলে অভিযোগ। মৃত্যুও হয়েছে অনেকের। তার মধ্যেই গত ৪ মে মণিপুরে দুই কুকি নারীকে বিবস্ত্র করে হাঁটানো এবং গণধর্ষণের অভিযোগ ওঠে। মণিপুরে গত পৌনে তিন মাসের সহিংসতাপর্ব, দুই মহিলাকে বিবস্ত্র করে হাঁটানোর প্রকাশ্যে আসা ভিডিও এবং গণধর্ষণের অভিযোগ নিয়েও তোলপাড় শুরু হয়েছে বিভিন্ন মহলে।

মেইতেই সম্প্রদায়ভুক্তেরা বহু দিন ধরেই অভিযোগ করে আসছে যে কুকিরা মিয়ানমার সীমান্তের ওপার থেকে অবৈধভাবে সে রাজ্যে অনুপ্রবেশ করছে এবং মণিপুরের বনাঞ্চলে বসতি তৈরি করছে। আর তাই জাতীয় নাগরিক পঞ্জি বাস্তবায়নের দাবিতেও তাদের বেশ কয়েকটি সংগঠন চলতি বছরের মার্চ মাসে দিল্লির যন্তর মন্তরে বিক্ষোভ সমাবেশের আয়োজন করেছিল।

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত

কাজী ইমাম মাওলানা

আব্দুল মুকিত

পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।

পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ

917-428-1519

FREE CONSULTATION!!!

I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT

Authorized IRS e-file Provider

IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর

৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
গ্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
গ্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
গ্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।
যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

বেবি সিটার আবশ্যক

Columbia medical Hospital এর ডাক্তার আফসানা রহমানের ৯ মাসের মেয়েকে দেখাশুনার জন্য বৃহস্পতি ও শুক্রবারের একজন বেবি সিটার দরকার বাসার দুই বকের ভিতর Train আছে ।
Address:709 W 169th Street.1st floor.Manhattan, New York.
যোগাযোগ :-(347) 944-2284, 347 475 7554

ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।
যোগাযোগঃ উদ্দিন
929-519-5139



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয় ।

বাসা ভাড়া

বাসা ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউ এবং ১৮৩ স্ট্রীট সাবওয়ের সন্নিকটে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হিলসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বাসা ভাড়া

জ্যামাইকার ৯৪-৩০ ১৯৯ স্ট্রীট হলিসে দুই ও এক বেডরুম এবং ৯০-৩৭ ১৯৮ স্ট্রীট হলিসে এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৭১৮-২৮৮-৬৩৮২ মে-০৮

বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : **203-993-7788 Humayunchy@hotmail.com**

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।
ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

রুম ভাড়া

সুন্দর ভদ্র পরিবেশে কর্মজীবী পুরুষদের জন্য বেড বিছানাসহ এক রুম, কিচেনের সাথে ডাইনিং রুমের চেয়ার টেবিল ও ইন্টারনেটের সুবিধায় ভাড়া হবে। সি ট্রেনে শেফার্ড এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীট, ব্রুকলীন।

যোগাযোগঃ
৬৩১-২৩০-০২৩০
৭১৮-৩৪৮-৮৪২২।

বাসা ভাড়া

উডহ্যাভেন এলাকায় ৩ বেড, ১ লিভিং, কিচেন এবং বাথরুম (১ম তলা) ভাড়া হবে। জে ট্রেন এবং কিউ-৫৬, কিউ-২৪, কিউ-৫৩, কিউ-৫২, কিউ-১১ এবং বি-১ বাসের সন্নিকটে। ভাড়া ২৪০০ ডলার। সববিল একত্রে।
যোগাযোগঃ
জিনাত ৬৪৬ ২৮৯ ০৫৩৯.

গাড়ি ভাড়া

উবার লিফ্ট এর জন্য গাড়ীর জন্য কল করুন

718-865-6870.
718-501-1510

পাত্র-পাত্রী চাই

(১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত। মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। (২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। **৩৪৭-৩৪৫-৮২০৭.**

পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।

যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০
Email: gomaruf@gmail.com

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোটিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-
দুরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪

লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ **৬৩১-২৭৫-৪০০৭**

মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুনঃ **মোহাম্মদ তুহিন**

৭১৮-৩১০-০৪১৩

TDS INSURANCE এর প্রতিবাদ

কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-

TDS INSURANCE BROKERAGE CORP. f-06/14


পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।

যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২



আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।

যোগাযোগঃ ৭১৮-৪২৬-৬৬০০

JAMAICA GARAGE FOR RENT

INDOOR GARAGE WITH REMOTE KEY FOR RENT. 175 STREET & HILLSIDE AVENUE. LEAVE MESSAGE: 917-533-3928

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY

KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

জঙ্গিবাদ উত্থান নিয়ে ১৪ কংগ্রেসম্যানকে যুক্তরাষ্ট্রের বাংলাদেশিদের সতর্কবার্তা

(শেষের পাতার পর)

হয়েছে। ওই কংগ্রেসম্যানরা বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে কথা বলে আসছেন।

এক বিবৃতিতে তাদের বলা হয়েছে, গণতান্ত্রিক প্রক্রিয়াকে অজুহাত হিসেবে ব্যবহার করে যেকোনোভাবে রাষ্ট্রীয় ক্ষমতা কব্জায় নিতে চায় ওই গোষ্ঠী। বিএনপি-জামায়াতের সঙ্গে ভয়ংকর জঙ্গিগোষ্ঠী আনসার আল ইসলাম এবং হরকাতুল জিহাদের যোগসাজশ প্রমাণিত। ওই জঙ্গিরা আল কায়েদার হয়ে বাংলাদেশে কাজ করে। বিএনপি জোট ক্ষমতায় থাকার সময় বাংলাদেশে সংখ্যালঘু ও রাজনৈতিক নেতাকর্মীদের ওপর নারকীয় নৃশংসতা চালানোর নজির তুলে ধরা হয়েছে ওই বিবৃতিতে। সুষ্ঠু ও অবাধ নির্বাচনের মাধ্যমে ওই গোষ্ঠী আবার ক্ষমতায় এলে বাংলাদেশের সেই দুঃসহ ভয়াবহতা ফিরে আসবে বলে কংগ্রেসম্যানদের সতর্ক করা হয়েছে।

বলা হয়েছে, গণতান্ত্রিক প্রক্রিয়ার অজুহাতে বিএনপি-জামায়াতের নেতৃত্বে ইসলামী জোট কোনোভাবে ক্ষমতা দখল করলে বহু মানুষের জীবন মৃত্যুর ঝুঁকিতে পড়বে। নির্বাচনের সুযোগ নিয়ে ২০১২ সালে মিশরে কীভাবে উগ্রপন্থী ব্রাদারহুড রাষ্ট্রীয় ক্ষমতায় এসেছিল তা মনে করিয়ে দিয়ে কংগ্রেসম্যানদের বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের ভুল নীতির কারণে বাংলাদেশে একই ঘটনা ঘটলে দক্ষিণ এশিয়ায় মার্কিন স্বার্থ ব্যাপক ক্ষতিগ্রস্ত হবে। তাই অবিলম্বে বাংলাদেশ বিষয়ে মার্কিন নীতি বদলাতে অনুরোধ করা হয়েছে।

গত সোমবার ওই ১৪ কংগ্রেসম্যানদের উদ্দেশ করে এই বিবৃতি দেয়া হয়েছে। বিবৃতিতে সই করেছেন বাংলাদেশি-আমেরিকান নির্বাচিত কয়েকজন কর্মকর্তা, মানবাধিকারকর্মী ও সামাজিক-পেশাজীবী সংগঠনের প্রতিনিধিরা।

তারা নিজেদের পরিচয় দিয়ে লিখেছেন, আমরা বাংলাদেশি-আমেরিকান; যারা মানবাধিকার, সামাজিক ও পেশাদার সংগঠনে কর্মকর্তা এবং নির্বাচিত প্রতিনিধি। আমরা সহিংসতামুক্ত, ধর্মনিরপেক্ষ ও গণতান্ত্রিক বাংলাদেশকে জোরালভাবে সমর্থন করি।

বিবৃতিতে লেখা হয়েছে, বাংলাদেশের নির্বাচনে জাতিসংঘের হস্তক্ষেপ দাবি করে আপনাদের বিবৃতি দেখে মনে হচ্ছে, আপনারা ধর্মীয় উগ্রবাদী ও জঙ্গিদের হাতের খেলনা হিসেবে কাজ করছেন। আপনাদের এখনকার চাওয়ার মতোই এর আগে শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের অবদানকে ব্যাকমেইল করে জাতিসংঘ হস্তক্ষেপ করে। তখন বাংলাদেশে ওয়ান ইলেভেনে সেনা নেতৃত্বাধীন সরকার গঠন করা হয়েছিল। তাতে কিন্তু সংকট মোকাবিলা করা যায়নি।

'প্রিয় কংগ্রেসম্যানরা, আপনারা হঠাৎ করে বিদেশের একটি রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করার আগে দয়া করে হোমওয়ার্ক করুন এবং অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে জনগণের দাবির বিষয়ে আরও অবহিত হোন।'

বিবৃতিতে তারা লিখেছেন, আপনারা নিশ্চয়ই জানেন যে, ২০১৫ সালের ১৫ই ফেব্রুয়ারি অভিজিৎ রায় নামে একজন আমেরিকান মুক্তমনা লেখককে খুন করে জঙ্গিগোষ্ঠী আনসার আল ইসলাম। আল কায়েদার সহযোগী সংগঠন হিসেবে এই আনসার আল ইসলাম বাংলাদেশে গোপন অপারেশন পরিচালনা করে। আর ২০০১ সাল থেকেই হরকাতুল জিহাদ ও আনসার আল ইসলামের মতো জঙ্গি গোষ্ঠীগুলোর সঙ্গে প্রকাশ্য ও গোপনে কাজ করে আসছে বাংলাদেশের রাজনৈতিক দল বিএনপি ও জামায়াতে ইসলামী। এই দুটি দল এখন বাংলাদেশে অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের দাবি জানাচ্ছে।

'আর এই জঙ্গি গোষ্ঠীগুলো মিশরের ব্রাদারহুডের মতোই রাষ্ট্রীয় ক্ষমতা নিজেদের কব্জায় নেয়ার লক্ষ্যে গণতান্ত্রিক প্রক্রিয়াকে একটি অজুহাত হিসেবে ব্যবহার করছে। একই কাজ করে ২০১২ সালে মিশরের ক্ষমতা দখল করেছিল ব্রাদারহুড।'

কংগ্রেসম্যানদের বিবৃতি পাঠানোর কারণ ব্যাখ্যা করে বলা হয়েছে, আমরা কেন আপনাকে এই বিবৃতি লিখছি? প্রথমত, মার্কিন নাগরিক হিসেবে আমরা মুসলিম দেশের ঐতিহাসিক ও সামাজিক-রাজনৈতিক মাত্রা বিবেচনা না করে গণতন্ত্র প্রতিষ্ঠার নামে মার্কিন পররাষ্ট্রনীতির বারবার ব্যর্থতার বিষয়ে উদ্বিগ্ন। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির ব্যর্থতার জ্বলন্ত উদাহরণ হলো- আফগানিস্তান, ইরাক, সিরিয়া ও লিবিয়া। আমরা চাই না বাংলাদেশে এমনটা হোক।

দ্বিতীয়ত, আমরা যারা গত কয়েক দশক ধরে একটি অসাম্প্রদায়িক, সহিংসতামুক্ত ও গণতান্ত্রিক বাংলাদেশের পক্ষে ওকালতি ও লড়াই করছি, তারা মনে করি যে, গণতান্ত্রিক প্রক্রিয়ার অজুহাতে বিএনপি-জামায়াতের নেতৃত্বে ইসলামী জোট কোনোভাবে ক্ষমতা দখল করলে, অভিজিতের মতো আমাদের জীবনও ঝুঁকির মুখে পড়বে। অনুগ্রহ করে এটাও মনে রাখবেন, যেকোনো ধরনের ইসলামী জোটের হাতে যদি বাংলাদেশ চলে যায় তাহলে, দক্ষিণ এশিয়ায় মার্কিন জাতীয় নিরাপত্তার স্বার্থ দ্বিগুণ আঘাতপ্রাপ্ত হবে।

বিবৃতিতে বিএনপি-জামায়াত জোটের শাসনামলের সহিংসতার বর্ণনা দিয়ে বলা হয়েছে, এখন অতীতে ফিরে দেখা যাক, কীভাবে বিএনপি-জামায়াত জোটের নেতৃত্বে ইসলামপন্থীরা ২০০১ থেকে ২০০৬ সালে বাংলাদেশকে প্রায় ধ্বংস করে দিয়েছিল। তারা এখনও দক্ষিণ এশিয়াকে অস্থিতিশীল করার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে।



'বাংলাদেশে প্রশংসিত এবং অংশগ্রহণমূলক চারটি নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। এগুলো হলো ১৯৯১, ১৯৯৬, ২০০১ ও ২০০৮ সালের জাতীয় নির্বাচন। কিন্তু ২০০১ ও ২০০৮ সালের দুটি অবাধ নির্বাচনের মধ্যেও বিএনপি-জামায়াতের পৃষ্ঠপোষকতায় জঙ্গিগোষ্ঠীর সন্ত্রাসী ঘটনাগুলো এই ইঙ্গিতই দেয় যে, ২০২৪ সালে শুধুমাত্র একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে রাজনৈতিক অচলাবস্থার পরিবর্তন ঘটানো যাবে না। একটি টেকসই সমাধান তখনই খুঁজে পাওয়া যাবে, যখন নির্বাচনে ও নির্বাচন-পরবর্তীতে সংখ্যালঘু সম্প্রদায় ও রাজনৈতিক ভিন্নমতাবলম্বীদের অংশগ্রহণ এবং নিরাপত্তা নিশ্চিত করা যাবে।'

২০০১ সালের নির্বাচনে বিএনপি-জামায়াতের নেতৃত্বাধীন



ইসলামী জোটের জয়লাভের সঙ্গে সঙ্গে সংখ্যালঘুদের ওপর নারকীয় তাণ্ডব নেমে আসার কথা বিবৃতিতে উলেখ করা হয়েছে।

বলা হয়েছে, বাংলাদেশের দক্ষিণ ও পশ্চিমের ১১টি জেলাজুড়ে হিন্দু সম্প্রদায় ও আওয়ামী লীগ সমর্থকদের ওপর ব্যাপক নৃশংসতা চালানো হয়। পুড়িয়ে দেয়া হয় তাদের বাড়িঘর, চালানো হয় লুটপাট। হিন্দু নারীদের ধর্ষণ করা হয় এবং হিন্দু ধর্মাবলম্বীদের বাড়ঘির থেকে উচ্ছেদ করা হয়।

'আর রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় এই সহিংসতা চলে পুরো পাঁচ বছর ধরে। অর্থাৎ বিএনপি-জামায়াতের শাসনামলজুড়ে (২০০১ থেকে ২০০৬)। বিএনপি-জামায়াত জোট নেতাদের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় জঙ্গি-সন্ত্রাসী নেটওয়ার্ক গড়ে ভয়াবহ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে।'

সেই সময়ের কয়েকটি নারকীয় জঙ্গি হামলার নমুনা তুলে ধরা হয়েছে বিবৃতিতে। এগুলো হলো:

২০০৪ সালের ২৪ মে হরকাতুল জিহাদের (হুজি) গ্রেনেড হামলায় তৎকালীন ব্রিটিশ হাইকমিশনারসহ ৫০ জন আহত হন। ওই ঘটনায় মারা যান তিন জন। ২০০৮ সালের ২৩ ডিসেম্বর হরকাতুল জিহাদ নেতা মুফতি হান্নান এবং আরও দুইজনের ফাঁসির রায় হয়।

২০০৪ সালের ২১ আগস্ট বাংলাদেশ আওয়ামী লীগের সন্ত্রাস বিরোধী সমাবেশের ওপর দেশের ইতিহাসে ন্যক্কারজনক গ্রেনেড হামলা চালায় হুজি। ওই হামলায় ২৪ জন নিহত হন। বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৫০০ জন আহত হন। ওই ঘটনার পর বিচার যাতে নিশ্চিত না হয় সেজন্য বিএনপি-জামাত জোট সরকার মিথ্যা নাটক সাজায় দরিদ্র জজ মিয়া এবং আওয়ামী লীগ সমর্থক শৈবাল সাহা পাথের ওপর দোষ চাপানো হয়। ওই ঘটনার দায় স্বীকার করতে তাদের ওপর অত্যাচার করা হয়। পরে তত্ত্বাবধায়ক সরকার এবং আওয়ামী লীগ সরকারের সময়ে মুফতি হান্নান ওই ঘটনার দায় স্বীকার করেন। মুফতি হান্নান বলেন, ওই হামলার পেছনে বিএনপির বর্তমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ছিলেন। এছাড়া তৎকালীন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, উপমন্ত্রী আব্দুস সালাম পিন্টুও জড়িত ছিলেন।

২০১৮ সালে হান্নানের জবানবন্দির ভিত্তিতে তাকে, তারেক জিয়া, বাবর ও পিন্টুসহ অন্যদের দোষী সাব্যস্ত করা হয়। ১৭ জনের ফাঁসির রায় হয়। তারেকসহ ১৮ জনের যাবজ্জীবন দণ্ড হয়।

২০০৫ সালের ১৭ আগস্ট জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি) দেশব্যাপী ৬৪ জেলায় ৪৫৯টি বোমা হামলা চালায়। এই হামলার মূল নায়ক ছিল শায়খ আবদুল রহমান এবং সিদ্দিকুল ইসলাম ওরফে বাংলা ভাই। জেএমবি এবং হুজি বিভিন্ন সংগঠন, সাংস্কৃতিক ব্যক্তিত্বের ওপর অনেক হামলা চালায়। এসব হামলার পেছনে তারেক রহমানসহ বিএনপির উচ্চ পর্যায়ের নেতাদের পৃষ্ঠপোষকতা ছিল। তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়া এ ব্যাপারে সম্পূর্ণ অবগত ছিলেন।

২০০৪ সালের ২৪ ডিসেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ইউনুসের ওপর হামলা চালায়।

যে কারণে উদ্বেগ:

যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশি বংশোদ্ভূতরা কেন উদ্বিগ্ন তা তুলে ধরা হয়েছে তাদের বিবৃতিতে। বলা হয়েছে, প্রথমত, বর্তমানে সবচেয়ে বড় বিরোধী দল-বিএনপির নেতৃত্ব দিচ্ছেন সাজাপ্রাপ্ত দুই আসামি। দলের চেয়ারপারসন হলেন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তার বড় ছেলে তারেক রহমান। সন্ত্রাস ও অন্যান্য অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত তারেক এবং অন্য আসামিরা যদি কোনোভাবে অবাধ নির্বাচনের পেছনের দরজা দিয়ে বিজয়ী হয় তাহলে, গণতন্ত্র নিরাপদ হবে কীভাবে? ঠিক একইভাবে কি মোহাম্মদ মুরসির নেতৃত্বাধীন মুসলিম ব্রাদারহুডকেও ২০১২ সালে মিশরে একটি অবাধ নির্বাচনে অংশ নেওয়ার অনুমতি দেওয়া হয়নি?

'দ্বিতীয়ত, এতদিন রাষ্ট্রীয় ক্ষমতার বাইরে থাকার পরও বিএনপি-জামায়াত জোট সহিংস পথ পরিহার করত পারেনি। অতি সম্প্রতি গত ২৫ থেকে ২৯ জুলাই রাজনৈতিক সমাবেশ করার অনুমতি পাওয়ার পরে বিএনপির নেতৃত্বে সহিংসতা চালানো হয়। ব্যাপক ধ্বংসযজ্ঞ, গণপরিবহন পুড়িয়ে ফেলা এবং ব্যবসা প্রতিষ্ঠানে হামলা করেছে তাদের কর্মীবাহিনী।'

২০১৩ সালের ২৮ ফেব্রুয়ারি যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল জামায়াতের নেতা দেলাওয়ার হোসাইন সাঈদীকে যুদ্ধাপরাধে দোষী সাব্যস্ত করার পর জামায়াত-শিবিরের ক্যাডাররা সারাদেশ জুড়ে বছরব্যাপী যে সহিংসতা চালিয়েছিল তাও তুলে ধরা হয়েছে বিবৃতিতে।

'ওই সহিংসতায় শত শত মানুষ প্রাণ হারান। জামায়াত নেতৃত্বাধীন ওই সহিংসতায় দেশের ইতিহাসে সবচেয়ে বেশি সংখ্যক আইন প্রয়োগকারী কর্মকর্তা নিহত হন। এরপর আবার সরকার পতনের নামে ২০১৫ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে বিএনপি-জামায়াত পেট্রোল বোমা মেরে বহু মানুষকে হত্যা করে। পুড়িয়ে দেয়া হয় বহু যানবাহন। বোমা হামলায় ৬০ জনেরও বেশি মানুষ নিহত এবং শতাধিক আহত হন। আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের এক প্রতিবেদনে ওই সন্ত্রাসের সমালোচনা করে বলা হয়েছিল, '...যে পদ্ধতিতে বিএনপি নেতৃত্বাধীন বিক্ষোভগুলি পরিচালিত হচ্ছে, তা স্পষ্টভাবে দেখায় যে, রাজনৈতিক উদ্দেশ্যে সহিংসতাকেই বারবার ব্যবহার করা হচ্ছে।'

বিবৃতিতে মার্কিন কংগ্রেসম্যানদের অনুরোধ করে বলা হয়েছে, 'প্রিয় কংগ্রেসম্যান, অনুগ্রহ করে মনে রাখবেন যে, ৫০ বছরেরও বেশি সময় ধরে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের। আমরা পারস্পরিক অর্থনৈতিক স্বার্থ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তার স্বার্থে দুই দেশের মধ্যে শক্তিশালী সম্পর্ক কামনা করি। অতএব, আমরা অনুরোধ করছি যে, আপনারা দয়া করে সতর্কতার সাথে আপনার বিবৃতি দেবেন এবং সহিংসতামুক্ত, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক বাংলাদেশ নিশ্চিত করার জন্য সকল স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করবেন '

'আপনারা যদি চান, মার্কিন পররাষ্ট্রনীতির বর্তমান গতিপথ কেন অস্থিতিশীল হচ্ছে তা নিয়েও আমাদের উদ্বেগগুলিকে তথ্যসমৃদ্ধভাবে উপস্থাপন করতে পারি। বিএনপির মূল অংশের নেতৃত্বে রয়েছে দোষী ও সন্ত্রাসীরা। বিএনপির রয়েছে সহিংস প্রবণতা এবং ধর্মীয় উগ্রপন্থীদের সঙ্গে জোট। যদি তারা কোনোভাবে রাজনৈতিক ক্ষমতায় আরোহণ করতে সক্ষম হয়, তাহলে ২০০১ থেকে ২০০৬ সালের বীভৎস সহিংসতার আবার দেখবে বাংলাদেশ।'

বিবৃতিতে আরও বলা হয়েছে, তাই বাংলাদেশের জন্য সহিংসতামুক্ত, ধর্মনিরপেক্ষ ও গণতান্ত্রিক ভবিষ্যৎ নিশ্চিত করতে আমরা আপনাদের বর্তমান কর্মপন্থা পরিবর্তন করার জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

বিবৃতিতে সই করেছেন:

১। নির্বাচিত বাংলাদেশী-আমেরিকান কর্মকর্তা হলেন: কাউন্সিলম্যান ড. নুরুন নবী, এনজে; মেয়র মাহাবুবুল আলম তৈয়ুব, পিএ; রাজ্য প্রতিনিধি আবুল খান, এনএইচ; কাউন্সিলম্যান আবু আহমেদ মুসা, এমআই এবং কাউন্সিলম্যান নুরুল হাসান, পিএ।

২। সম্প্রীতি ফোরামের অধ্যাপক এবিএম নাসির, এনসি।

৩। ইউএসএ বঙ্গবন্ধু পরিষদের প্রকৌশলী রানা হাসান মাহমুদ, সিএ এবং প্রকৌশলী স্বীকৃতি বড়ুয়া, এনওয়াই।

৪। বাংলাদেশ লিবারেশন ওয়ার ভেটেরান্স ১৯৭১, ইউএসএ ইনকর্পোরেটেডের গোলাম মোস্তফা খান মিরাজ।

৫। ক্যালিফোর্নিয়া বঙ্গবন্ধু পরিষদের নজরুল আলম এবং ইঞ্জিনিয়ার তাসনিম সালাম আসলাম, সিএ।

৬। ঘাতক দালাল নির্মূল কমিটি, ইউএসএ-এর ফাহিম রেজা নূর, এনওয়াই।

৭। মিশিগান বঙ্গবন্ধু পরিষদের ইঞ্জিনিয়ার আহাদ আহমেদ, এমআই এবং আলী আহমেদ ফারিশ, এমআই।

৮। ইউএসএ কমিটি ফর ডেমোক্রেটিক অ্যান্ড সেক্যুলার বাংলাদেশের জাকারিয়া চৌধুরী, এনওয়াই।

৯। এনআরবি কাউন্সিল ইউএসএ, ইঞ্জিনিয়ার জলিল খান, সিএ।

১০। জর্জিয়া বঙ্গবন্ধু পরিষদের রুমি কবির এবং মাহাবুবুর রহমান ভূঁইয়া, জিএ।

১১। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ, ইউএসএ-এর খুরশীদ আনোয়ার বাবলু।

১২। গ্রেটার ওয়াশিংটন ডিসি বঙ্গবন্ধু পরিষদের নাসরিন মান্নান।

১৩। মুক্তিযোদ্ধা সংসদের ড. আব্দুল বাতেন।

১৪। ম্যাসাচুসেটস বঙ্গবন্ধু পরিষদের সফেদা বসু, এমএ।

১৫। মোরশেদ আলম, গণতান্ত্রিক নেতা, এনওয়াই।

১৬। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ক্যালিফোর্নিয়া কমান্ড কাউন্সিল, জাহেদুল মাহমুদ জমি, সিএ।

১৭। পেনসিলভানিয়া বঙ্গবন্ধু পরিষদ, আবু তাহের বীর প্রতীক, কাজী শামীম, পিএ।

১৮। অ্যাকাডেমিক গ্রুপ: অধ্যাপক জিয়াউদ্দিন আহমেদ, পিএ; প্রফেসর মিজান আর মিয়া, আইএল; অধ্যাপক জামিল তালুকদার , ডবিউআই; অধ্যাপক শাহাদাত হোসেন, এনওয়াই।

১৯। দক্ষিণ নিউ জার্সি বঙ্গবন্ধু পরিষদ, নূরন্নবী চৌধুরী, এনজে

২০। বঙ্গবন্ধু সাংস্কৃতিক সংস্থা, তৌফিক সোলেমান তুহিন, জামিউল বেলাল, সিএ

বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে

RENAISSANCE
HOME HEALTH CARE



নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং



রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // August 14 // 2023

রাশিয়ার মাটিতেই তৈরি হচ্ছে ইরানের শাহেদ ড্রোন

ঢাকা ডেস্ক, ১৩ আগস্ট : রাশিয়া নিজস্ব প্রযুক্তিতে তৈরি করছে ইরানের তৈরি শাহেদ ড্রোন। সমরাস্ত্রের উপাদান নিয়ে গবেষণাকারী যুক্তরাজ্যভিত্তিক একটি সংস্থা এই তথ্য জানিয়েছে। সংস্থাটি বলছে, ইরানের শাহেদ মডেলের ড্রোন রাশিয়া এখন নিজস্ব যন্ত্রপাতি ব্যবহার করে তৈরি করছে। তারা এমন তথ্য নিশ্চিত হয়েছেন। প্রতিবেদনে বলা হয়েছে, কনফ্লিক্ট আর্মামেন্ট রিসার্চ সিএআর) ইউক্রেনে ব্যবহৃত ড্রোন নথিভুক্ত করেছে। কয়েকটি ড্রোনের যন্ত্রাংশে রুশ শব্দ জেরানিয়াম (জেরান) লেখা পাওয়া গেছে। এর মাধ্যমে এটা রাশিয়ার তৈরি বলে মনে করা হচ্ছে। গবেষণা সংস্থাটি বলছে, ইউক্রেনে ব্যবহার করা রাশিয়ার ড্রোনগুলো ইরানের শাহেদ-১৩১ এবং শাহেদ ১৩৬ মডেলের। কিন্তু গত মাসে তারা রাশিয়ার জেরান-২ ড্রোনের ভৌত অংশ হাতে পান। ওই যন্ত্রাংশের বিস্তারিত বিশ্লেষণে দেখা গেছে, ইরানের তৈরি শাহেদ-১৩৬ ড্রোন রাশিয়া এখন ঘরোয়াভাবে তৈরি করছে। গবেষকরা এটাকে রাশিয়ার জন্য মোড় পরিবর্তনকারী (টার্নিং পয়েন্ট) বলে অভিহিত করেছেন।



সম্প্রীতির বন্ধনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের বনভোজন

নিউইয়র্ক : বিপুল উৎসাহ উদ্দীপনায় আনন্দঘন পরিবেশে লং আইল্যান্ড সিটির বেথপেজ স্টেট পার্কের ঈগল প্যাভেলিয়নের সবুজ চত্বরে ৬ আগস্ট উত্তর আমেরিকাস্থ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২৮তম বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রী ও তাঁদের পরিবারের সদস্যদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে বনভোজনটি পারস্পরিক সম্প্রীতির এক মনোমুগ্ধকর মিলনমেলায় পরিণত হয়। পার্কের ঘন সবুজের মায়াঘেরা পরিবেশে শিশু-কিশোর ও বড়দের খেলাধূলা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অতীত স্মৃতি রোমন্থন, কুশল বিনিময়, অনুভূতি প্রকাশে উচ্ছাসমুখর একটি অনবদ্য দিন রচিত হয়।

সংগঠনের সভাপতি সাবিনা শারমিন নিহারের নেতৃত্বে সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক মীর কাদের রাসেল, বনভোজন কমিটির আহ্বায়ক অধ্যাপক গোলাম মোহাম্মদ মুহিত, সদস্য-সচিব ফারহানা আকতার, প্রধান সমন্বয়কারী মহিউদ্দীন মোহাম্মদ আলমগীর, সাবেক সভাপতি ও উপদেষ্টা পরিষদের সদস্য পারভেজ কাজী, সংগঠনের প্রধান নির্বাচন কমিশনার রেজাউল করিম সগীর, উপদেষ্টা পরিষদের সদস্য অধ্যাপক এ. কে. আখতার হোসেন, সাবেক সভাপতি ও উপদেষ্টা আবদুল আজিজ নঈমী, উপদেষ্টা পরিষদের সদস্য অধ্যাপক মোহাম্মদ মাহবুবুল মাওলা এবং মোহাম্মদ হুমায়ুন কবিরের তত্ত্বাবধানে অন্যান্যের মধ্যে সার্বিক সহযোগিতা করেন অনুপ দাশ, মাকসুদা খানম, ইকবাল মোহাম্মদ, মুহাম্মদ এয়াকুবউদ্দিন চৌধুরী, মিনারা কাজী, ইকবাল মোহাম্মদ, মোহাম্মদ আমির আজম চৌধুরী, প্রবাল চৌধুরী, নাসিমা আক্তার, অনুভব, রুপাই শিলা মুহিত, মুন, সায়ান, সাজিদ পারভেজ, জাহাঙ্গীর আলম, কিশোর, ও জি মিঠু, এ টি এম ফজলুল হক, বাশার, রাজীব, হাবিব প্রমুখ।

সন্ধ্যা পর্যন্ত আনন্দঘন পরিবেশে সুন্দর ও সুশৃঙ্খলভাবে বিভিন্ন কার্যক্রম অনুষ্ঠিত হয়। বনভোজনে অ্যালামনাই পরিবার ও আমন্ত্রিত শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান সকলে উপভোগ করেন। এতে সঙ্গীত পরিবেশন করেন পল্লীগীতি সম্রাট মাটি- মানুষের শিল্পী আব্দুল আলীমের কন্যা জোহরা আলীম নুপুর, তাজুল ইমাম, মৃদুল আহমেদ, সাংস্কৃতিক সম্পাদক অনুপ দাশ, রুদ্রনীল দাশ রুপাই। বনভোজনে গিফট ও র‍্যাফেল ড্র স্পন্সর ও বিশেষ সহযোগিতার জন্য ডাঃ সায়েরা হক, ইঞ্জিনিয়ার মো. ফজলুল হক, মোহাম্মদ হুমায়ুন কবির, তাহমিনা ফারুক, জি এম ফারুক, ইকবাল হোসেন, নাসিমা আক্তার, তারেক আবদুল্লাহ, মাকসুদা খানম, জেরীনা মাওলা রুমানা, দ্বীপ বাংলা গ্রেসহ সংশ্লিষ্ট সবাইকে সংগঠনের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়।

দারুল কিরাত মজিদিয়া ফুলতলী ট্রাষ্ট পাটারসন

মসজিদ আল-ফেরদৌস ও শাহজালাল-লতিফিয়া মাদরাসা সেন্টার নিউজার্সির সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্পন্ন

নিউজার্সীঃ গত ১২ই আগষ্ট শনিবার নিউজার্স্রি প্যাটারসনাস্থ মসজিদ আল ফেরদৌসে দারুল কিরাত মজিদিয়া ফুলতলী ট্রাষ্ট মসজিদ আল-ফেরদৌস ও শাহজালাল-লতিফিয়া মাদরাসা সেন্টারে সামার ক্লাসের সমাপনী ও পুরস্কার বিতরনী অনুষ্ঠান মসজিদ কমিটির সভাপতি জনাব আব্দুর রউপের সভাপতিত্বে ও দারুল কিরাতের নাজিম সৈয়দ জুবায়ের আলীর পরিচালনা অনুষ্ঠিত হয়েছে, বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী ও তদের অভিভাবকদের উপস্থিতিতে পরীক্ষায় উত্তীর্ণদের মাঝে সারটিফিকেট বিতরণ করেন সেন্টারের প্রধান ক্বারী ও মসজিদ আল-ফেরদৌসের খতিব হাফেজ মাওলানা আব্দুল কুদ্দুছ মঞ্জালালী, ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন শাহজালাল-লতিফিয়া মাদরসার প্রিন্সিপাল মাওলানা আব্দুন নুর, প্যাটারসন সিটির কাউন্সিলম্যান শাহিন খালিক, কমিউনিটি এক্টিভিষ্ট আহাইয়া খান, সেন্টারের শিক্ষক মাওলানা ক্বারী মনিরুল ইসলাম, ক্বারী হাফেজ মাওলানা আব্দুলাহ আল হামিদ, ক্বারী হাফেজ আলাউদ্দিন, ক্বারী মাওলানা ফয়সাল আহমেদ, ক্বারী মাহতাব উদ্দিন, ক্বারী মাওলানা আব্দুর রউপ, ক্বারী আব্দুল মুহিত, ক্বারী আব্দুল আজিজ, ক্বারী সৈয়দ ইয়ামিন আলী, ক্বারী বখতিয়ার হোসেন তামিম, ক্বারী আবিদ আহমদ, ক্বারী জাফর উলাহ, ছাত্র-ছাত্রীদের অবিভাবকদের পক্ষথেকে বক্তব্য রাখেন, সৈয়দ খালিদ আলী, মসজিদ কমিটির পক্ষথেকে বক্তব্য রাখেন লুতফুর রহমান খান প্রমুখ । এবারে ছাত্র-ছাত্রীদের দেয়া পুরষ্কারের দাতা ছিলেন কমিউনিটি এক্টিভিষ্ট ইয়াহিয়া খান, সর্বশেষে ইইছ পার্টি পরিবেশিত হয় জালালাবাদ এসোইয়েশন অব নিউজার্স্রি সৌজন্যে । যারা আর্থিক ভাবে, প্রাইজ দিয়ে, পাঁচ সাপ্তাহব্যাপী প্রতিদন ছাত্র-ছাত্রিদের লাঞ্চের খাবার দিয়ে, সর্বোপরি সমাপনী অনুষ্ঠানে শিন্নি দিয়ে সহযোগিতা করেছেন তাদের প্রতি ও যারা অক্লান্ত পরিশ্রম করে শিক্ষাদান করেছেন তাদের পতি কৃতজ্ঞতা প্রকাশ করে বকত্য দেন দারুল কিরাত নিউজার্সি সেন্টারের নাজিম সৈয়দ জুবায়ের আলী। এবারের এ সেন্টারে শিক্ষকতা করেছেন ১৫জন ক্বারী সাহেব । মিলাদ মাহফিল ও দুআ এর মধ্যমে অনুষ্ঠান সম্পন্ন হয় ।















নিউইয়র্কে সিদ্ধেশ্বরী বালক উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রদের পূণর্মিলনী

নিউইয়র্কঃ গত ২৯ জুলাই ২০২৩ হিলসাইড এভিনিউয়ের পানশী রেস্তোরায় এই প্রথমবারের মতো ‘ফেলে আসা দিনগুলি ডাকে পিছনে’ শীর্ষক ঢাকার ঐতিহ্যবাহী সিদ্ধেশ্বরী বালক উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রদের এক পূণর্মিলনী উৎসব অনুষ্ঠিত হলো। নানা ব্যাচের নানা বয়সের প্রাক্তন ছাত্রদের কল-কাকলীতে মুখর হয়ে উঠেছিল এই প্রাণের মেলা ! ছাত্রদের সরব উপস্থিতি অনুষ্ঠানটিকে প্রাণবন্ত করে তোলে ! শুরুতে উপস্থাপক আশরাফুল হাসান বুলবুল চমৎকারভাবে বর্ণনা করেন কিভাবে এই পূণর্মিলনী অনুষ্ঠান আয়োজনের ভাবনা এবং তা বাস্তবায়নের কথা। জরুরী কাজে অনুষ্ঠানস্থল ত্যাগ করার পূর্বে আশরাফুল হাসান বুলবুল উপস্থাপনা করার দায়িত্ব অর্পণ করেন তৌহীদ রেজা নূরের উপর।

সন্ধ্যা ছয়টা থেকে রাত প্রায় বারোটা পর্যন্ত চলমান এই উৎসব শুরু হয় পবিত্র কোরআন থেকে তেলাওয়াৎ ও গীতা পাঠের মাধ্যমে। এরপর উপস্থিত সবাই ‘আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি’- জাতীয় সংগীতের সঙ্গে কণ্ঠ মেলান। এই দূর প্রবাসে, স্বদেশের মাটি থেকে বহুদূরে - এই সংগীতের মূর্ছনা আবেগ আপুত করে তোলে উপস্থিত সকলকে !

এরপরে বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীদের ফটোসেশন শেষে ছিল কেক কাটা পর্ব! চা-চক্রের সাথে সাথে চলতে থাকে কানেক্টিকাট থেকে আসা মাহবুব আলম নাজমী (জুবায়ের)-র ভরাট কণ্ঠে নানা ধরনের গান! তৌহীদ রেজা নূরের চমৎকার সঞ্চালনায় একে একে বিভিন্ন ব্যাচের প্রতিনিধিরা স্কুলকে ঘিরে তাঁদের স্মৃতিচারণ করেন - সবাই নিমগ্ন হয় পুরানো সেই দিনের কথায় !

এই পর্যায়ে উৎসব কমিটির আহ্বায়ক জনাব মোঃ আহমেদ স্বপন স্বাগত বক্তব্য রাখেন। এরপরে শুরু হয় স্মৃতিচারণের পালা!

স্মৃতিচারণ করেন সর্বজনাব ডাক্তার শামশুদ্দৌলা, শামীম রেজা নূর, কামাল আহমেদ মুক্তা, আবুল ফারুক, আলমাসুর রহমান, সেলিম রেজা নূর, ঢাকা থেকে আগত ইঞ্জিনিয়ার মাহমুদুল হাসান, কাশেম চৌধুরী, জাইদুর রহমান, আতাহিয়া ইসলাম কাইয়ুম, মোহাম্মদ আতিকুর রহমান লাকী, মোঃ আফসার হোসেন মুন্না, মোহাম্মদ আলম হ্যাপী, সুদীপ কুমার দাস, ইমতিয়াজ চৌধুরী, সাঈদ প্রমুখ।

পপ সম্রাট বীর মুক্তিযোদ্ধা আজম খান ছিলেন এই স্কুলের শিক্ষার্থী। মহান মুক্তিযুদ্ধে এই স্কুলের ছাত্র শিক্ষকদের রয়েছে গৌরবোজ্জ্বল ভূমিকা ! এছাড়াও নানান খেলাধুলা - ফুটবল, দাবা, ক্রিকেট এবং স্কাউটিং-এও উলেখযোগ্য ভূমিকা রয়েছে সিদ্ধেশ্বরী বালক উচ্চ বিদ্যালয়ের !

উপস্থিত শিক্ষার্থীদের মধ্যে সবচেয়ে প্রবীণ ১৯৬৫ (ম্যাট্রিক) ব্যাচের ডাক্তার জনাব শামশুদ্দৌলা এবং সর্বকনিষ্ঠ ব্যাচ হিসেবে উপস্থিত ছিল ১৯৮৪ সালের এসএসসি পরীক্ষায় অবতীর্ণ শিক্ষার্থীরা। যুগ্ম আহবায়ক শাকিল খান এবং মোঃ জালালউদ্দীন আহমেদ সোহেলের তত্ত্বাবধানে নৈশভোজ পরিবেশিত হয়। নৈশ ভোজের পরেও অনুষ্ঠান এগিয়ে চলে স্মৃতিচারণা, গান, কবিতা আবৃত্তি সহ বহুদিন পরে দেখা হওয়া সিনিয়র-জুনিয়রদের একান্ত আলাপচারিতার মধ্য দিয়ে।

সব মিলিয়ে মনোজ্ঞ, উপভোগ্য এই প্রাণের মেলার আহ্বায়ক মোহাম্মদ আহমেদ স্বপন সবাইকে উপস্থিত হয়ে এই পূণর্মিলনী উৎসবকে স্বার্থক করে তুলবার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ বছরই একটি বনভোজন আয়োজনের ঘোষণা দেন। এখন থেকে প্রতিবছর এ ধরনের উৎসব আয়োজন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন তিনি।





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York

M. Kamal, MBA
CPA

জ্যামাইকায় স্কুটারের সাথে বাসের ধাক্কায় প্রাণ গেল সাদের

বাংলা পত্রিকা ডেস্কঃ গত ৭ আগস্ট সন্ধ্যায় জ্যামাইকার ১৬৮ স্ট্রীট এবং ৮৯ এভিনিউ মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন সাদ (১৮)। জানায় যায়, রাত ৯টার সময় সাদ মোহাম্মদ স্কুটার নিয়ে ১৬৮ স্ট্রীট এবং ৮৯ এভিনিউ সংলগ্ন লাইট অতিক্রম করছিলেন। এই সময় একটি বাস (কিউ-২০) ১৬৮ স্ট্রীট দিয়ে যাচ্ছিল। সাদের স্কুটারটি বাসের সাথে ধাক্কা খায় এবং সে বাসের নিচে চলে যায়। সাথে সাথে পুলিশকে কল করলে কয়েক মিনিটের মধ্যে পুলিশ এবং এম্বুলেন্স আসে এবং সাদকে তুলে নেয়া হয়। এম্বুলেন্সে তুলে সাদ মোহাম্মদকে প্রাথমিক চিকিৎসা দেয়া চেষ্টা করা হয়। সাথে সাথে তাকে জ্যামাইকা হাসপাতালে নেয়া হয়। জ্যামাইকা হাসপাতালে নেয়ার পর কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা করে তাকে মৃত ঘোষণা করেন। পুলিশ জানিয়েছে, দুর্ঘটনার পর বাস সেখানেই দাঁড়ানো ছিল। বাসের মধ্যে কোন যাত্রী ছিল না। ৩৩ বছর বয়সী বাস ড্রাইভারের বিরুদ্ধে কোন অভিযোগ আনা হয়নি। বাস ড্রাইভার সুস্থ আছেন। সাদেক মোহাম্মদ হাফেজ ছিলেন। তার পরিবার জ্যামাইকাতে থাকেন। ১০ আগস্ট বৃহস্পতিবার জ্যামাইকা মুসলিম সেন্টারে তার জানাজা অনুষ্ঠিত ও দাফন সম্পন্ন হয়। তার মৃত্যুতে বাংলাদেশী কমিউনিটির মধ্যে শোকের ছায়া নেমে আসে। তার পরিবারের পক্ষে থাকে তার আত্মার মাগফেরাতের জন্য দোয়া চাওয়া হয়েছে।



ড. মনিরুল ইসলাম উজবেকিস্তানের রাষ্ট্রদূত নাজমুর হুদা নতুন কনসাল জেনারেল

নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেট জেনারেল অফিসের কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলামকে পদোন্নতি দিয়ে উজবেকিস্তানে(বাকি অংশ ৪১ পাতায়)

আল্লামা আরশাদ মাদানীর সাথে উলামা -ইমামদের বৈঠক

নিউইয়র্কঃ বাংলাদেশে তাঁর নামে প্রতিষ্ঠিত মাদরাসার আমন্ত্রণ পত্র গ্রহণ। ভারতের এই সময়ের সব চেয়ে বিজ্ঞ ও বয়োজৈষ্ঠ আলেমে দ্বীন, দারুল উলূম দেওবন্দের অধ্যক্ষ ও (বাকি অংশ ৩৯ পাতায়)

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ২৩ পাতায়)

বঙ্গবন্ধুর শাহাদাত বার্ষিকী উপলক্ষে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের বিশেষ প্রার্থনা

ওশিংটন ডিসিঃ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস আজ জুমার নামাজের পর ইসলামিক সেন্টারে এক দোয়া ও বিশেষ (বাকি অংশ ৪৪ পাতায়)

মুনার ৩দিন ব্যাপী ৬ষ্ঠ কনভেনশন শুক্রবার শুরু

২০ হাজার ডেলিগেট উপস্থিতির আশা

রশীদ আহমদ : করোনাকালীন বিরূপ পরিস্থিতির কারণে গত ৩ বছর আমেরিকান-বাংলাদেশিদের অন্যতম বৃহৎ এই সম্মেলন অনুষ্ঠিত হয়নি। দীর্ঘ বিরতির পর এবার নতুন রূপে এবং আরও বৃহৎ পরিসরে 'মুনা কনভেনশন-২৩'-এর আয়োজন করা হয়েছে। তিন দিনব্যাপী (বাকি অংশ ৩০ পাতায়)

বাংলা সিডিপ্যাপ এন্ড অ্যালেগ্রা বাংলা মেলা অনুষ্ঠিত



বাংলাদেশিদের বিপুল উপস্থিতি দেখে মুগ্ধ হয়েছি : এরিক এডামস্

নিউইয়র্কঃ গোবাল পিস অ্যামব্যাসেডর ড. স্যার আবু জাফর মাহমুদ বলেছেন, দেশপ্রেম ছাড়া মানুষের নিজস্ব কোনো সৌন্দর্য নেই। দেশপ্রেমের শিক্ষা থেকেই আমাদের জাতিগত নিজস্বতা সবার মাঝে ছড়িয়ে দিতে হবে। গত ৬ অগাস্ট ব্রংকস এর ওয়াটারবেরী এভিনিউতে বাংলাদেশি আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইনক্ আয়োজিত (বাকি অংশ ৩৭ পাতায়)

জঙ্গিবাদ উত্থান নিয়ে ১৪ কংগ্রেসম্যানকে যুক্তরাষ্ট্রের বাংলাদেশিদের সতর্কবার্তা

নিউইয়র্কঃ মিশরের মতোই বাংলাদেশের অবাধ ও সুষ্ঠু নির্বাচনের ছদ্মাবরণে ধর্মীয় উগ্র ও জঙ্গিগোষ্ঠীর উত্থান ঘটতে পারে বলে ১৪ মার্কিন কংগ্রেসম্যানকে সতর্ক করা (বাকি অংশ ৪৪ পাতায়)

নিউইয়র্ক স্টেট যুবদলের সহ সভাপতি বিএম বাদশাহর আর নেই



নিউইয়র্ক : নিউইয়র্ক ষ্টেট যুবদলের সহ সভাপতি প্রবাসী বাংলাদেশিদের পরিচিত মুখ বিএম বাদশাহ (৬২) হার্ট অ্যাটাকে ইন্তেকাল করেছেন (বাকি অংশ ৪১ পাতায়)



কাজের আগে পরামর্শ করা সুন্নত

রাশেদ নাইব

আল্লাহ মানুষকে বিভিন্ন প্রকৃতিতে সৃষ্টি করেছেন। একেক বিষয়ে একেকজন পারদর্শী। পৃথিবীর সব বিষয়ে একজন পারদর্শী এমন (বাকি অংশ ৩৬ পাতায়)

খেলার খবর

সাকিবকেই অধিনায়ক করলো বিসিবি

ঢাকা : শেষ পর্যন্ত সব জল্পনা-কল্পনা কাটিয়ে সাকিব আল হাসানকেই আসন্ন এশিয়া কাপ ও ওয়ানডে বিশ্বকাপের জন্য অধিনায়কের দায়িত্ব দিয়েছে বাংলাদেশ ক্রিকেট (বাকি অংশ ৩৬ পাতায়)

হেলথ টিপস

প্লাটিলেট বাড়বে কী খেলে?

ঢাকা, ১৩ আগস্ট : রক্ত জমাট বাঁধতে সাহায্য করে প্লাটিলেট। এটি হচ্ছে রক্তের কোষ। প্লাটিলেট কমে গেলে রক্ত পাতলা হয়ে যায়। (বাকি অংশ ৩৯ পাতায়)

বিনোদন

দেশে ফিরে ২ ছেলেকে নিয়ে যা বললেন শাকিব

ঢাকা ডেস্ক : যুক্তরাষ্ট্রে প্রায় এক মাসেরও বেশি সময় পার করে দেশে ফিরেছেন ঢালিউড সুপারস্টার শাকিব খান। বৃহস্পতিবার (বাকি অংশ ৩৯ পাতায়)


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396



তারেক রহমান ও ডা. জোবাইদাকে সাজা দেয়ার প্রতিবাদে

নাগরিক ফোরাম যুক্তরাষ্ট্র শাখার প্রতিবাদ সভা

নিউইয়র্ক : বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার সহধর্মিণী ডা. জোবাইদা রহমানকে দুর্নীতির মামলায় সাজা দেয়ার প্রতিবাদে নিউইয়র্কে জিয়া নাগরিক ফোরাম যুক্তরাষ্ট্র শাখার সমাবেশ করেছে। গত ৯

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীরণণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com